যথারাগ ॥

দীঘল নয়ন ভঙ্গী, করে শর বররঙ্গী, অঙ্গীকার করয়ে ম·ক্কন। মন্থর গমনী ধনী রমণীর শিরোমণি, গজপতি করয়ে দমন ॥ ধনি ধনি এই রূপ অতি নিরুপমা। বিজুরী ঝলকে অঙ্গ, লাবণি অমিয়া ভঙ্গ, যে কহয়ে নহে কেহো সমা ॥ ধ্রু ॥ রাম রম্ভাগণ জিনি, উরুযুগ সুবলনী, উন্নত নিতম্ব মনোহরা। উচ্চ কুচ যুগ শোভা, মাজা হীন কেশরি লোভা, তাতে নব যৌবনের ভরা ॥ বদন কমল বন, দমন মাধুরীগণ, তাহাতে মধুর মৃদু হাস। শোভা দেখি স্তব্ধ মন, হৈল কৃষ্ণ সেই ক্ষণ, দেখি যদুনন্দন উল্লাস ॥

শ্রীরাধা। (নয়ন প্রান্ত নৃত্য করাইয়া মনে মনে) ॥ ৭৪ ॥

সাধু রে হৃদয়! ভাল ভাল, বড় সৌভাগ্যের বিষয়, তুই ক্ষণকাল বিলম্ব করিলি।

কৃষ্ণ। (ঈষৎ হাস্য করিয়া) হে ধূর্ত্তে বিশাখিকে! আমি চতুর্দ্দিকে অন্বেষণ করিয়া, অদৃষ্ট বশতঃ তোমাকে এই

হারেণ মাং প্রতার্য্য দুর্লভা মে রঙ্গণমালিকাহপনীতা॥ ৭৫

মধুমঙ্গলঃ। ভো ণং রাহীএ কণ্ঠাদো দীসন্তীং অপ্পণো রঙ্গণ মালিঅং সঅং জেব্ব আঅড্ডিঅ গেহ্ন॥

কৃষ্ণঃ। সখে জানতাপি ভবতা কিমিদমনার্য্যমুপন্যস্তং। ন খলু ময়া স্বপ্নেহপি কামিনী স্পর্শং স্মর্য্যতে॥

রাধিকা। স্বগতং। ইমস্স পরিহাসো বি এসো সঙ্কিদাএ মহ সচ্চো পতিভাদি॥ ৭৬॥

বিশাখা। বিহস্য অই বরাঙ্গণাতরঙ্গিণীণং মহাসাঅর চিট্ঠ

ভো রাধায়াঃ কণ্ঠতো দৃশ্যমানাং আত্মনো রঙ্গণ মালিকাং স্বয়মেবাকৃষ্য গৃহাণ। এতস্য। পরিহাসোহপি এষ শঙ্কিতায়া মম সত্যঃ প্রতিভাতি॥ ৭৬॥ অয়ি বরাঙ্গনা তরঙ্গিণীনাং মহাসাগর তিষ্ঠ তিষ্ঠ ইদানীমপি ইমানি

খানে দেখিতে পাইলাম। যাহা হউক তুমি আজি রূপের সৌসাদৃশ্য প্রযুক্ত অপক্ক গুঞ্জাহার দ্বারা আমাকে প্রতারণা করিয়া আমার দুর্লভ রঙ্গণমালা লইয়া গিয়াছ।৭৫

মধুমঙ্গল। সখে! তোমার এই রঙ্গণমালা শ্রীরাধার কণ্ঠে দেখিতেছি অতএব স্বয়ং আকর্ষণ করিয়া গ্রহণ কর।

কৃষ্ণ। সখে! তুমি ত সকলই জান, তবে কেন আমাকে অনার্য্য কার্য্যে প্রবৃত্ত করাইতেছ, নিশ্চয় বলিতেছি, আমি স্বপ্নেও কখন কামিনী স্পর্শ স্মরণ করি না॥

শ্রীরাধা। (মনে মনে) ইহার পরিহাসও শঙ্কিত চিত্তা আমার সম্বন্ধে সত্যবৎ প্রতীত হইতেছে॥ ৭৬॥

বিশাখা। (হাস্য করিয়া) অহে বরাঙ্গনা তরঙ্গিণী গণের

চিট্‌ঠ দাণিং বি ইমাইং দীসন্তি তুজ্‌ঝ অঙ্গেসু তাণং চিহ্নাইং ইতি সংস্কৃতেন ॥ ৭৭ ॥

আকৃষ্টানি কটাক্ষভঙ্গিভিরলং গোপ্যঙ্গনানাং ত্বয়া
রক্তান্যত্র মনাংসি যানি নিমিষোন্মুক্তানি নেত্রান্যপি।
তানেতানি ভবান্ নবাঞ্জনতনো গুঞ্জাবলীনাং ছলাৎ
পিঞ্ছানাঞ্চ সদা প্রসাধন ধিয়া সন্ধারয়ন্নন্দতি ॥

দৃশ্যন্তে তব অঙ্গে তাসাং চিহ্নানি ॥ ৭৭ ॥

আকৃষ্টানি তে নবাঞ্জনতনো গুঞ্জাবলীনাং ছলাৎ রক্তানি মনাংসি। পিঞ্ছানাঞ্চ ছলাৎ নির্নিমেষ নেত্রাণিচ প্রসাধনং স্বাভরণং তদ্বুদ্ধ্যা ধারয়ন্ ॥ ৭৮

মহাসাগর ! অর্থাৎ তুমি সুন্দরী কামিনী রূপা নদীগণের আশ্রয় স্বরূপ সমুদ্র বিশেষ, থাক থাক, এখনও তোমার অঙ্গে সেই সকল কামিনীদিগের এই সমুদায় চিহ্ন দেখিতেছি। (এই বলিয়া সংস্কৃত ভাষায়) ॥ ৭৭ ॥

হে নবকজ্জল তনো ! তুমি কটাক্ষ ভঙ্গি দ্বারা গোপাঙ্গনাদিগের অনুরক্ত মন এবং অনিমিষ লোচন আকর্ষণ পূর্ব্বক গুঞ্জাবলী ছলে ও ময়ূরপুচ্ছে অলঙ্কার বুদ্ধিতে ঐ দুইটীকে ধারণ করিয়া সুখে বিরাজ করিতেছ ॥

তাৎপর্য্য। অনুরাগ রক্ত বর্ণ প্রযুক্ত গুঞ্জার সহিত সাধর্ম্ম্য থাকায় গুঞ্জাবলীর ধারণ ছলে মন হরণ করিয়াছ, আর অনিমিষ লোচনে শিখিচন্দ্রকের তুল্যতা হেতু অলঙ্কার বুদ্ধিতে আপনাতে ঐ চক্ষু ধারণ করিয়াছ অর্থাৎ গোপরামাদিগের মন ও চক্ষু তোমাতেই আশক্ত হইয়াছে ॥

কৃষ্ণঃ। সহর্ষমাত্মগতং।

প্রমদরস তরঙ্গস্মেরগণ্ড স্থলায়াঃ
স্মরধনুরনুবন্ধি ভ্রূলতা লাস্যভাজঃ।
মদকলচল ভৃঙ্গীভ্রান্তি ভঙ্গী দধানো
হৃদয়মিদমদাঙ্ক্ষীৎ পক্ষ্মলাক্ষ্যাঃ কটাক্ষঃ॥ ৭৮॥

নেপথ্যে। ণত্তিণি বিসাহে॥

কৃষ্ণঃ। কথমকাণ্ডে জরাপাণ্ডুরেয়ং জটিলা।

প্রবিশ্য জটিলা পুরো দৃষ্ট্বা স্বগতং।

কহং এত্থ কহ্নো। প্রকাশং। বিসাহে কিত্তি ইমাইং
ধূঅ গন্ধ রত্ত চন্দণাইং তুএ বিস্মরিদাইং।

নেপথ্যে নপ্‌ত্রি বিশাখে কথমত্র কৃষ্ণঃ। বিশাখে কিমিত্যেতানি ধূপগন্ধ রক্তচন্দনানি ত্বয়া বিস্মৃতানি॥

কৃষ্ণ। (হর্ষের সহিত মনে মনে) যাঁহার আনন্দ রস নিবন্ধন হাস্য দ্বারা গণ্ড স্থল প্রফুল্ল হইয়াছে, যাঁহার কন্দর্প ধনু সদৃশ ভ্রূলতা নৃত্য করিতেছে, সেই সলোমাক্ষী শ্রীরাধার মত্ততানিবন্ধন মধুরভাষিণী চঞ্চল ভৃঙ্গীর ভ্রান্তি সম্পাদক কটাক্ষ আমার হৃদয়কে দংশন করিল॥ ৭৮॥

নেপথ্যে। হে নপ্‌ত্রি বিশাখে!

কৃষ্ণ। কি করিয়া অনবসরে জরাপণ্ডুরবর্ণা জটিলা আসিল?।

জটিলা। (প্রবেশ পূর্ব্বক অগ্রে দৃষ্টিপাত করিয়া মনে মনে) কৃষ্ণ আবার এখানে কেন? (প্রকাশ করিয়া) বিশাখে! তুমি যে ধূপ, গন্ধ ও রক্তচন্দন সকলই বিস্মৃত হইয়াছ!।

কৃষ্ণঃ। স্বগতং।

চন্দ্রিকাং চন্দ্রলেখায়াশ্চকোরে পাতুমুদ্যতে।

পিধানং বিদধে হন্ত শরদম্ভোধরাবলী ॥

প্রকাশং। মাতুর্মাতুলানি প্রণমামি ॥ ৭৯ ॥

জটিলা। মোহন বল্লঅ কিসোরী উলে অবক্ক দিট্ঠী হোহী।

মধুমঙ্গলঃ। বিহস্য ভো দহীচীহড্ড কক্কসে এসো সব্বদা উদার দিট্ঠী জ্জেঅ মজ্ঝ পিঅবঅস্সো তুমং ক্খু কেঅ-রচ্ছী ত্তা অপ্পাণং আসিসেহি ॥ ৮০ ॥

চন্দ্রিকামিতি শরদম্ভোধর স্থানীয়া জটিলা ॥ ৭৯ ॥

মোহন বল্লবকিশোরীকুলে অবক্র দৃষ্টি র্ভব। ভো দধিচ্যস্থি কর্কশে বজ্রাদপি কঠোরেত্যর্থঃ। এষ সর্ব্বদা উদার দৃষ্টিরেব মম প্রিয় বয়স্যঃ ত্বং খলু কেকরাক্ষী তদাত্মানং আশিষয় ॥ ৮০ ॥

কৃষ্ণ। (মনে মনে) হায়! চকোর চন্দ্রকলার চন্দ্রিকা পান করিতে প্রবৃত্ত হইবামাত্রই শারদীয় শ্বেত মেঘ মালা আসিয়া চন্দ্রকলা আচ্ছাদন করিল। (প্রকাশ করিয়া) মাতৃমাতুলানি! প্রণাম করি ॥ ৭৯ ॥

জটিলা। মোহন! গোপকিশোরী কুলে তোমার অবক্র দৃষ্টি হউক ॥

মধুমঙ্গল। (উচ্চ হাস্য করিয়া) হে দধিচ্যস্থিকর্কশে! অর্থাৎ তুমি বজ্র অপেক্ষাও কঠিনা, আমার এই প্রিয়-বয়স্য সর্ব্বদা উদার দৃষ্টি, তুমিই ত বক্র দৃষ্টি অর্থাৎ টেরা চোখো অতএব আপনাকে আশীর্ব্বাদ কর ॥ ৮০ ॥

জটিলা। ভো কিসোরীভুঅঙ্গ কীস তুমং আঅদোসি।

কৃষ্ণঃ। আর্য্যে লোকোত্তরানুরাগ চমৎকারিণীয়ং সুজবা লক্ষ্মীঃ কং বা নাকর্ষতি ॥ ৮১ ॥

জটিলা। স্বগতং। ণূণং ভঅবদীএ বিজ্জাপ্পহাব সংভাবিতা ইমস্স এত্থ উবসত্তী। প্রকাশং। মোহণ ঝত্তি ইদো গচ্ছেহি ॥ ৮২ ॥

ভো কিশোরীভুজঙ্গ কস্মাত্তং আগতোসি সুষ্ঠু জবানাং ওড্রপুষ্পাণাং লক্ষ্মীঃ শোভা পক্ষে সুষ্ঠু যবো যশোব্যঞ্জক চিহ্ন বিশেষো যস্যাঃ স, ইয়ং রাধা এব লক্ষ্মী স্বকুলাত্বাৎ যদ্বা শোভাময়ীত্বাৎ কিদৃশী লোকোত্তরো বোহনুগতো রাগঃ রক্তিমা তেন চমৎকারিণী পক্ষে স্পষ্টঃ ॥ ৮১ ॥

নূনং ভগবত্যা বিদ্যা প্রভাব সংভাবিতা অস্য অত্রোপসত্তিঃ। মোহন ঝটিতি ইতো গচ্ছ ॥ ৮২ ॥

জটিলা। অহে কিশোরীকামুক! তুমি কি কারণে এখানে আসিয়াছ?।

কৃষ্ণ। আর্য্যে। এই লোকাতীত রক্তগুণশালিনী জবা পুষ্পের মনোহর শোভা কোন্ জনকে আকর্ষণ না করে॥ পক্ষে অলৌকিক অনুরাগবতী যশঃ প্রকাশক যব চিহ্ন ধারিণী লক্ষ্মী রূপা এই রাধা কোন্ ব্যক্তিকে আকর্ষণ না করিয়া থাকেন? ॥ ৮১ ॥

জটিলা। (মনে মনে) নিশ্চয় বোধ হইতেছে ভগবতী পৌর্ণমাসীর বিদ্যার প্রভাবেই ইহার এ স্থলে আগমন হইয়াছে। (প্রকাশ পূর্ব্বক) মোহন! শীঘ্র এ খান হইতে প্রস্থান কর ॥ ৮২ ॥

কৃষ্ণঃ। অয়ি জল্পাকি বৃদ্ধে কিমিত্যাকুলাসি স্বচ্ছন্দতো গচ্ছেয়ং ॥

জটিলা। কুটিলং বিলোক্য সংস্কৃতেন।

নির্ধৌতানামখিল ধরণী মাধুরীণাং ধুরীণা

কল্যাণী মে নিবসতি বধূঃ পশ্য পার্শ্বে নবোঢ়া।

অন্তর্গোষ্ঠে চটুল নটয়ন্নত্র নেত্রত্রিভাগং

নিঃশঙ্কস্ত্বং ভ্রমসি ভবিতা নাকুলত্বং কুতো মে ॥

কৃষ্ণঃ। মুধাশঙ্কিনি বৃদ্ধে মা প্রলাপং কৃথাঃ।

যদবধ্যহং তে বধূমাকর্ণয়ং তাবন্মান্যাং ভাবয়ামি।

নির্ধৌতানাং সারভূতানাং মাধুরীণাং মাননীয়া। পক্ষে যা অন্যাং ন অনানীয়াং স্বীয়মেবেত্যর্থঃ।

কৃষ্ণ। অয়ি বাচালিকে বৃদ্ধে! আপনি কেন ব্যাকুলা হইয়াছেন, আমি ইচ্ছানুসারে গমন করিব ॥

জটিলা। (কুটিল দৃষ্টি নিক্ষেপ পূর্ব্বক সংস্কৃত ভাষায়) কৃষ্ণ! অবলোকন কর, যাহার রূপ মাধুর্য্যে নিখিল জগতের মধুরতা তিরস্কৃত হইতেছে, সেই নবোঢ়া বধূ আমার পার্শ্বে অবস্থিতি করিতেছে এবং তুমিও এই গোকুল মধ্যে মনোহর নেত্র প্রান্ত নৃত্য করাইয়া নির্ভয়ে ভ্রমণ করিতেছ, সুতরাং ইহাতে আমার ব্যাকুলতা না হইবে কেন? ॥

কৃষ্ণ। হে বৃদ্ধে! আপনি বৃথা আশঙ্কা করিয়া প্রলাপ করিবেন না, যে অবধি আপনার বধূ আমার কর্ণগোচর হইয়াছেন, সেই হইতে ইহাঁকে মান্য জ্ঞান করিয়া থাকি ॥

জটিলা। বিসাহে কিন্তি এত্তিঅং বিলম্বিদাসি।

বিশাখা। স্মিত্বা অজ্জেএং অগ্গদো তুল্ললিদং কুরঙ্গং পেক্খন্তী বিম্মিদম্মি। ইতি দৃষ্টিক্ষেপং॥ ৮৩॥

অঅরুণ মুঞ্চিঅ চঙ্গিং কুরঙ্গ পেম্মেণ সঙ্গদং হরিণীং।
বিহলঙ্গং কুদ্দণ চডুলো তুমং বণাদো বণং ভমসি।

বিশাখে কিমিতি এতাবৎ বিলম্বিতাসি। অজ্ঞে ইতি সাপদেশং বচনং কৃষ্ণং প্রতি। আর্য্যে এনং দুর্লালিতং কুরঙ্গং পশ্যন্তী বিস্মিতাস্মি। পক্ষে কুৎসিতং রঙ্গং যস্য তং॥ ৮৩॥

অকরুণ ত্যক্ত্বা চঙ্গীং কুরঙ্গ প্রেম্না সঙ্গতাং হরিণীং। বিকলং কুর্দ্দন চটুলস্ত্বং বনাদ্বনং ভ্রমসি। চঙ্গলঙ্গৌ মনোহরে ইতি কোষঃ। অঙ্গান

জটিলা। বিশাখে! তুমি এত বিলম্ব করিলা কেন?॥

বিশাখা। (ঈষৎ হাস্য করিয়া) আর্য্যে! আমি দুর্দান্ত কুরঙ্গ দেখিয়া বিস্মিত হইয়াছি। পক্ষে কুৎসিৎ রঙ্গশীল কৃষ্ণকে দেখিয়া বিস্মিতা হইয়াছি (এই বলিয়া দৃষ্টি নিক্ষেপের সহিত)॥ ৮৩॥

অহে অকরুণ কুরঙ্গ! প্রেম বশতঃ সমীপবর্ত্তিনী মনোজ্ঞা কুরঙ্গীকে পরিত্যাগ করিয়া বৃথা মনোহর কূর্দ্দন করত বনে বনে ভ্রমণ করিতেছ॥

পক্ষান্তরের অর্থ। কৃষ্ণ! তোমার করুণামাত্র নাই, অনুরাগ বশতঃ সমীপবর্ত্তিনী সুন্দরী রাধাকে উপেক্ষা করিয়া গমনভঙ্গি বিস্তার করত বৃথা কেন বনে বনে ভ্রমণ করিতেছ, এই শ্রীরাধাকে অঙ্গীকার কর॥

জটিলা। অথাণ দুরগ্গহে মুঞ্চ কুরঙ্গরঙ্গ কোদূহলং।

মধুমঙ্গলঃ। পিঅবঅস্স পেক্খ এসো সতিণ্হো বি কীর জুআণো ণং মহুরং দাড়িমীং ণ পড়িবজ্জই ॥ ৮৪ ॥

কৃষ্ণঃ। স্মিত্বা।

হৃদি তাড়িতোঽপি দাড়িমি
সুমনো রাগেণ তে রুচিং বহতা।
পকত্রিম রসাসি কিম্বা
নোত্তিষ্ঠতিশুকঃ শঙ্কয়োদাস্তে ॥

দুরাগ্রহে মুঞ্চ কুরঙ্গ রঙ্গকৌতূহলং। মধু প্রিয়বয়স্য পশ্য এব সতৃষ্ণঃ কীরযুবা মধুরাং দাড়িমীং ন প্রতিপদ্যতে ॥ ৮৪ ॥

সুমনোরাগেণ পুষ্পস্য রক্তিমা পক্ষে সুষ্ঠু মনসো রাগেণ প্রেম্না কীদৃশেন রুচিং বহতা। হৃদি তাড়িতোঽপি বদ্ধিতোঽপি তেন যদা পুষ্পিতা তদাপি শুকস্য খলি ওদাসীন্যং নাস্তি কিং পুন রিদানীং ফলিতায়ামিতি ভাবঃ।

জটিলা। অয়ি অস্থানদুরাগ্রহে! কুরঙ্গ কৌতূহল পরিত্যাগ কর ॥

মধুমঙ্গল। প্রিয়বয়স্য! অবলোকন কর এই সতৃষ্ণ যুবক শুক পক্ষী এই মধুরা দাড়িমীকে গ্রহণ করিতেছে না ॥ ৮৪

কৃষ্ণ। (ঈষৎ হাস্য করিয়া) হে দাড়িমি! তোমার মনোহর কান্তিধারি কুসুম দেখিয়াই শুক বশীকৃত চিত্ত হইয়াছে, কিন্তু এক্ষণে তোমার রসের পরিপাক দশা উপস্থিত হইল কি না এই বিবেচনায় শুক ঔদাসীন্য ভাব অবলম্বন করিতেছে ॥

বিশাখা। সদৃগ্‌ভঙ্গং রাধিকামবলোকতে ॥ ৮৫ ॥

রাধিকা। স্বগতং। হিঅঅ সমস্‌সস সমস্‌সস ইতি সখেদ

মপবার্য্য সংস্কৃতেন।

পীতং নবাগমৃতমত্র হরেরশঙ্কং

ন্যস্তং ময়াস্য বদনে নদৃগঞ্চলঞ্চ।

রম্যে চিরাদবসরে সখি লব্ধমাত্রে

হা দুর্ব্বিধির্ব্বিরুরুধে জরতীচ্ছলেন ॥

সদৃগ্‌ভঙ্গমিতি কৃষ্ণাভিপ্রায়ঃ কচ্ছিদবগম্যতে ইতি ॥ ৮৫ ॥

হৃদয় সমাশ্বসিহি সমাশ্বসিহি। অপবার্য্যেতি রহস্যং কথ্যতেঽন্যস্ত পরা-

বিশাখা। দৃগ্‌ভঙ্গির সহিত শ্রীরাধার প্রতি অবলোকন করিতে লাগিলেন অর্থাৎ নেত্রভঙ্গি দ্বারা শ্রীরাধার প্রতি শ্রীকৃষ্ণের অনুরাগ প্রকাশ করিলেন ॥ ৮৫ ॥

শ্রীরাধা। (মনে মনে) হৃদয়! আশ্বস্ত হও, আশ্বস্ত হও (এই বলিয়া খেদের সহিত হস্তাবরণ দিয়া সংস্কৃত ভাষায়) আমি কখন শ্রীকৃষ্ণের বাক্যামৃত শ্রবণ পূর্ণ করিয়া পান করিতে পাই নাই এবং কখন নির্বিশঙ্কচিত্তে তদীয় বদন কমলে নয়নাঞ্চল নিক্ষেপ করি নাই, হে সখি! চিরকালের পর অদ্য রমণীয় অবসর উপস্থিত হইলেও, হায়! হত বিধি জরতীচ্ছলে বিরোধ করিল ॥

যথারাগ ॥

অমৃত বদন, মধুর বচন, শ্রবণ যুড়ায় যাতে। হেন বাণীগণ, ভরিয়া শ্রবণ, না শুনিল ভাল রীতে॥ সই গো

জটিলা । স্বগতং । অম্মহে কহ্ন দিট্‌ঠিণো মহাপ্পং জং বহুএ সো উবসগ্‌গো তহ ণত্থি । প্রকাশং । বিসাহে পেক্‌খ অদিক্কমদি মজ্ঝণ্ণো তা তুরীঅং সূরমণ্ডবং পরিসহ্ম ইতি তিস্রো নিষ্ক্রান্তাঃ ।

বৃত্ত্যাপনারিতং । অহো কৃষ্ণদৃষ্টের্মাহাত্ম্যং যৎবধ্বাঃ স উপসর্গ স্তথা নাস্তি । বিশাখে পশ্য অতিক্রমতে মধ্যাহ্ন স্তত্বরিতং সূর্য্যমণ্ডলং প্রবিশামঃ কৌমুদীয়মিতি তস্যা এবাধীনা রাধেয়মিত্যর্থঃ ॥ ৮৬ ॥

চিরদিন অবসরে । এ হরি মিলিল, বিধি বৈরী ভেল দারুণ করতী ছলে ॥ ধ্রু ॥ মুখ নিরমল, জিনিঞা কমল, হাসির অঙ্কুর তায় । এ মোর নয়ান, হইতে বয়ান, বিধি কৈল অন্তরায় ॥ মরকত মণি, দরপণ জিনি, ও গণ্ড যুগল শোভা । তাহাতে সুন্দর, মকর কুণ্ডল, দোলে মনমথ লোভা । ও ভাঙ ভঙ্গিম, নয়ান বঙ্কিম, তেরছ সন্ধানে চায় । এ যদুনন্দন, কহে ধনী পুন, মিলায়ব শ্যাম রায় ॥

জটিলা । (মনে মনে) আহা ! কৃষ্ণদর্শনের কি আশ্চর্য্য মহিমা, যে হেতু আমার বধূর উপস্থিত উপসর্গ আর সে রূপ দেখিতেছি না । (প্রকাশ পূর্ব্বক) বিশাখে ! অবলোকন কর, মধ্যাহ্ন সময় অতিক্রান্ত হইল, অতএব শীঘ্র গিয়া সূর্য্যমণ্ডপে প্রবেশ করি । এই বলিয়া তিন জনে চলিয়া গেলেন ॥

কৃষ্ণঃ। সখে কৌমদীয়ং পৌর্ণমাসীমনুবর্ত্ততে।
তদেহি তামেব প্রপদ্যেবহীতি নিষ্ক্রান্তৌ॥
ইতি নিষ্ক্রান্তাঃ সর্ব্বে॥

॥ * ॥ মন্মথলেখো নাম দ্বিতীয়োঽঙ্কঃ ॥ * ॥

॥ * ॥ ইতি দ্বিতীয়োঽঙ্কঃ ॥ * ॥

কৃষ্ণ। সখে! এই কৌমুদী পৌর্ণমাসীর অনুগামিনী হই-
তেছে অতএব আইস আমরা ইহাকে অবলম্বন করি।
এই বলিয়া উভয়ের প্রস্থান॥
এই রূপে সকলেই চলিয়া গেলেন॥
॥ * ॥ ইতি শ্রীরামনারায়ণ বিদ্যারত্নানুবাদিত বিদগ্ধমাধব
নাটকে মন্মথলেখ নাম দ্বিতীয় অঙ্ক॥ * ॥

ততঃ প্রবিশতি ললিতয়ানুগম্যমানা পৌর্ণমাসী।

পৌর্ণমাসী। বৎসে নূনং মত্তস্ত্রপমাণো নাভিনন্দতি নন্দকুমারস্তে সখীসঙ্গং।

ললিতা। ভঅবদি দুব্বোহং কৃখু লোঅুত্তরাণং চিত্তং ণ ঝত্তি বিঅসদি ॥ ১ ॥

পৌর্ণমাসী। পুরো বিলোক্য বৎসে পশ্য পশ্য কদম্ববাটিকায়াং মধুমঙ্গলেন সার্দ্ধং সমঙ্গলং বর্দ্ধতে মধুমর্দ্দনঃ। পুনর্নিরূপ্য।

পরাম্রষ্টাঙ্গুষ্ঠ ত্রয়মসিতরত্নৈরুভয়তো

অঙ্কদ্বয়ে বিবৃত প্রাকৃতার্থানুসারেণৈব প্রায়ো জাত ব্যুৎপত্তেরতঃ পরমঙ্কপঙ্কে যত্র যত্র বৈষম্য তত্রৈব ব্যাক্রিয়তে। দুর্ব্বোধং খলু লোকোত্তরাণাং চিত্তং ঝটিতি ন বিকসতি ॥ ১ ॥

উভয়তঃ শিরসি পুচ্ছেচ অঙ্গুষ্ঠত্রয় পরিমিতং প্রদেশং ব্যাপ্য অসিতরত্নৈ-

---

ললিতার পশ্চাৎ পৌর্ণমাসীর প্রবেশ ॥

পৌর্ণমাসী। বৎসে! আমি আছি বলিয়া লজ্জায় নন্দকুমার তোমার সখীসঙ্গ অভিনন্দনা করিতেছেন না ॥

ললিতা। ভগবতি! লোকোত্তর ব্যক্তিদিগের চিত্ত অতিশয় দুর্ব্বোধ, সহসা প্রকাশ পায় না ॥ ১ ॥

পৌর্ণমাসী। (অগ্রে অবলোকন করিয়া) বৎসে! দেখ দেখ, কদম্ব কাননে মধুমঙ্গলের সহিত মধুসূদন সমঙ্গলে বৃদ্ধিশীল হইতেছেন। (পুনরায় নিরূপণ করিয়া)

যাহার মুখ এবং পুচ্ছ অঙ্গুলিত্রয়, পরিমিত প্রদেশ

বহন্তী সঙ্কীর্ণৌ মণিভিররুণৈস্তৎ পরিসরৌ।
তয়োর্মধ্যে হীরোজ্জ্বল বিমলজাম্বুনদময়ী
করে কল্যাণীয়ং বিলসতি হরেঃ কেলিমুরলী ॥ ২ ॥

ততঃ প্রবিশতি যথা নির্দ্দিষ্টঃ কৃষ্ণঃ।

কৃষ্ণঃ। সানুতাপং।

ত্রপয়া নিতরাং পরাঙ্মুখী সহসা স্মের মুখী ধৃতাঞ্চলা।
গমিতাদ্য হঠেন রাধিকা ন কথং হন্ত ময়া ভুজান্তরং ॥

নিঃশ্বস্য সখে মধুমঙ্গল খঞ্জরীটদৃশঃ সবিলাস গহ্বরী রোচ-

রিন্দ্র নীলমণিভিঃ পরামৃষ্টা খচিতা। তৎ পরিসরৌ অরুণৈ র্মণিভিঃ সঙ্কীর্ণৌ। শিরোঽঙ্গুষ্ঠ মধ্যান্তরমঙ্গুষ্ঠত্রয়ং ব্যাপ্য পুচ্ছাঙ্গুষ্ঠ ত্রয়াৎ পূর্ব্বমঙ্গুষ্ঠ ত্রয়ং ব্যাপ্য যৌ যৌ পরিসরৌ তৌ বাপোত্যর্থঃ। তয়োর্মধ্যে তথৈব ব্যাখ্যেয়ং হীরৈরুজ্জ্বলং সৎ বিমলং জাম্বুনদং কনকং তন্ময়ী ॥ ২ ॥

ব্যাপিয়া ইন্দ্রনীলমণি দ্বারা খচিত ও অরুণ বর্ণ মণি দ্বারা পরিসর দেশ সঙ্কীর্ণ তথা উভয়ের মধ্য উজ্জ্বল হীরক ও বিমল স্বর্ণে সুশোভিত, সেই এই কল্যাণময়ী কেলিমুরলী হরিকরে বিরাজ করিতেছে ॥ ১ ॥

অনন্তর নির্দ্দিষ্ট স্থানে কৃষ্ণ আসিয়া প্রবেশ করিলেন ॥

কৃষ্ণ। (অনুতাপের সহিত) শ্রীরাধা নিতান্ত লজ্জায় পরাঙ্মুখী হইয়া হাস্য বদনে হাস্য মুখী বিশাখার অঞ্চল ধারণ করিয়াছিলেন, হায়! আজি আমি হঠ পূর্ব্বক তাঁহাকে ভুজান্তরে ধারণ না করিলাম কেন ? ।

(নিশ্বাস পরিত্যাগ পূর্ব্বক)

য়তি মে চিত্ত চঞ্চরীকং। ইতোৎসুক্যং নাটয়ন্।

ছিন্নঃ প্রিয়ো মণিসরঃ সখি মৌক্তিকানি
বৃত্তান্যহং বিচিনুয়ামিতি কৈতবেন।
মুগ্ধং বিবৃত্য ময়ি হন্ত দৃগন্ত ভঙ্গীং
রাধা গুরোরপি পুরঃ প্রণয়াদ্বিতানীৎ ॥ ৩ ॥

পৌর্ণমাসী। দূরত এব কৃষ্ণং নির্বর্ণ্য সাশঙ্কং।

অক্ষোর্দ্বন্দং প্রসরতি দরোদ্ঘূর্ণতারং মুরারেঃ
শ্বাসাঃ কল্পাং কিল বিচকিলৈর্মালিকাং ম্লাপয়ন্তি।

চিত্ত চঞ্চরীকং চিত্ত ভ্রমরং মণিসরো হারঃ ॥ ৩ ॥

বিচকিলৈ মল্লিকা পুষ্পৈঃ ময়া রমণ্যা অয়ং শ্রীকৃষ্ণোহপি এতাং ধ্যান নিষ্ঠাং নীতঃ প্রাপিতঃ প্রধান কর্ম্মণ্যভিধেয়েস্থাদীনাং তু দ্বিকর্ম্মণামিতি

সখে মধুমঙ্গল! খঞ্জনাক্ষী শ্রীরাধার বিলাস মঞ্জরী আমার চিত্তভ্রমরকে মুগ্ধ করিয়াছে। (এই বলিয়া ঔৎসুক্য প্রকাশ করত) সখি! আমার প্রিয়তর মণিহার ছিন্ন হইয়াছে অতএব ভূমি পতিত মুক্তাগুলি চয়ন করি, এই বলিয়া কৌতুক সহকারে শ্রীরাধা গুরুজনের সমক্ষেও প্রণয় বশতঃ আমার প্রতি মনোহর কটাক্ষ ভঙ্গী বিস্তার করিয়াছিলেন ॥ ৩ ॥

পৌর্ণমাসী। (দূর হইতে কৃষ্ণকে নিরীক্ষণ করিয়া শঙ্কার সহিত) কৃষ্ণের নয়ন যুগলের তারা ঈষৎ ঘূর্ণিত দেখিতেছি, ইহাঁর নিশ্বাস সকল পরিহিত মল্লিকা মালাকে ম্লান করিতেছে, যাহা হউক এই গোকুলে এমত ধন্যা

কেয়ং ধন্যা বসতি রমণী গোকুলে ক্ষিপ্রমেতাং
নীত স্তীব্রা ময়মপি যয়া কামপি ধ্যাননিষ্ঠাং ॥
অথবা কৃতং সন্দেহেন বৎসা রাধিকৈব খল্বত্র নিদানং ॥

কৃষ্ণঃ। পৌর্ণমাসীং পশ্যন্নুপসৃত্য ভগবতি প্রণমামী ॥ ৪ ॥

পৌর্ণমাসী। নাগর গোপীস্তনতটীবলং পটীভব।

কৃষ্ণঃ। কিঙ্কিদ্বিহস্য কৃতং পিষ্ট পেষণীভিরাশীর্ভি র্যদহ মেব গোপীতি প্রসিদ্ধাং শ্যামাং বল্লীমপি পাণি পল্লবেন

প্রধান কর্ম্মণি কৃষ্ণে ক্ত প্রত্যয়ঃ ॥ ৪ ॥

অলম্পটীভব লম্পটো মাভূঃ। গূঢ়ার্থমাহ অলং অতিশয়েন পটীভব পটায়মানঃ সদা ভিষ্ঠেত্যর্থঃ। গূঢ়ার্থবোধ ব্যঞ্জকং কিঞ্চিদ্বিহসনং। প্রকটার্থ মাদায় প্রত্যাহ। কৃতং পর্য্যাপ্তং অলমিত্যর্থঃ। গোপী শ্যামা শারিবা স্থাদন-

রমণী কে বাস করিতেছে যে, সে ইহাঁকে শীঘ্র অতিশয় ধ্যান পরায়ণ করিল।

অথবা সন্দেহের কোন প্রয়োজন নাই, নিশ্চয় বোধ হইতেছে, বৎসা শ্রীরাধাই এই বিষয়ে নিদান ॥

কৃষ্ণ। (পৌর্ণমাসীকে অবলোকন পূর্ব্বক সমীপে গমন করিয়া) ভগবতি ! প্রণাম করি ॥ ৪ ॥

পৌর্ণমাসী। নাগর ! গোপীদিগের স্তন তটে অলম্পট হও, পক্ষান্তরে স্তনতটে বস্ত্রের ন্যায় অতিশয় রূপে সংলগ্ন হইয়া থাক ॥

কৃষ্ণ। (কিঞ্চিৎ হাস্য করিয়া) এ পিষ্টপেষ আশীর্ব্বাদের প্রয়োজন নাই, যে হেতু আমি গোপী নামে প্রসিদ্ধা

স্পৃশামি ॥

মধুমঙ্গলঃ। বিহস্য কিং অহ্মাণং সা মএ গোরী জ্জেব্ব মগ্গিজ্জই।

পৌর্ণমাসী। স নর্ম্মস্মিতং।

গোপেশ্বরস্য তনয়োঽসি নয়োপপন্নঃ
খ্যাতস্তথা ব্রজকুলে ভুজয়োর্বলেন।
লীলাশতৈস্ত্বদপি কিং কুলযোষিতস্ত্ব
মুন্মাদমুদ্বহসি মাধব রাধিকায়াঃ ॥ ৫ ॥

মধুমঙ্গলঃ। অই বিবরীদ বাদিনি বুড্ডিএ চিট্ঠ চিট্ঠ তুজ্ঝ রাহিআএ জ্জেব্ব এসো অহ্ম পিঅবঅস্সো উম্মাদিও।

স্মেতামরঃ। কিং অস্মাকং শ্যামযা। গৌর্য্যেব মৃগ্যতে। নয়েন বিনয়েনোপপন্নঃ ॥ ৫ ॥

হে বিপরীতবাদিনি বৃদ্ধে তিষ্ঠ তিষ্ঠ তব রাধিকয়া এব এষ অস্মৎ প্রিয়বয়স্যঃ

শ্যামা লতাকেও কর দ্বারা স্পর্শ করি না ॥

মধুমঙ্গল। (উচ্চ হাস্য করিয়া) আমাদের শ্যামার প্রয়োজন কি, গৌরী অন্বেষণ করিতেছি ॥

পৌর্ণমাসী। (পরিহাসের সহিত ঈষৎ হাস্য করিয়া) মাধব! তুমি গোপরাজনন্দন এবং ন্যায়পরায়ণ, শত শত লীলা বিস্তার করিয়া ভুজবলে এই গোকুল মধ্যে বিখ্যাত হইয়াছ, তবে কেন কুলরমণী শ্রীরাধাকে উন্মাদ দশা প্রাপ্ত করাইলা ॥ ৫ ॥

মধুমঙ্গল। অয়ি বিপরীতবাদিনি বৃদ্ধে! থাক থাক, তোমার শ্রীরাধাই প্রিয়বয়স্যকে উন্মত্ত করিয়াছে, যে হেতু

জং সেহর সিঙ্গ বেত্তাইং দাণীং কহিং বিব্ভট্টাইং ত্তি ণ জাণদি ॥

কৃষ্ণঃ। সলজ্জং। আর্য্যে বাচাটোঽয়ং বটু র্মৃষা জল্পতি। কিন্তু নিশ্চিতং তে ব্যাহরামি। ন তাসু মচ্চিত্ত রাগ স্তদ্গোপীষু। তদত্র তত্ত্বতঃ পৃচ্ছ্যতাময়ং ॥

মধুমঙ্গলঃ। অজ্জে সচ্চং সচ্চং অহ্ম পিঅবঅস্‌সস্‌স হিঅঅস্‌স অজ্জ বি রাও তুহ্ম গোইআণং অঙ্গেষু মএ ণ দিট্‌ঠোহত্থি পচ্চুদ তাণং অঙ্গরাও জ্জেব্ব ইমস্‌স হিঅএ

ঊম্মাদিতঃ। যৎ শেখর শৃঙ্গবেত্রাদি ইদানীং কুত্র বিভ্রষ্টানীতি ন জানাতি ॥ ৬
বাচাটো বক গর্হ্বাগিত্যমরঃ। আর্য্যে সত্যং সত্যং অস্মৎ প্রিয়বয়স্যস্য হৃদয়স্য অদ্যাপি রাগঃ তব গোপিকানাং অঙ্গেষু ন ময়া দৃষ্টোঽস্তি প্রত্যুত তাসাং অঙ্গরাগ এব অস্য হৃদয়ে দৃশ্যতে অঙ্গরাগঃ কস্তুরী কুঙ্কুমাদি লেপ

সম্প্রতি ইহাঁর চূড়া শৃঙ্গ বেত্র কোথায় যে পড়িয়া গিয়াছে তাহা জানিতে পারিতেছেন না ॥ ৬ ॥

কৃষ্ণ। (লজ্জার সহিত) আর্য্যে! এই বাচাল ব্রাহ্মণ বালকটা মিথ্যা কথা কহিতেছে, কিন্তু আমি আপনাকে নিশ্চয় বলিতেছি ত্বদীয় গোপীসকলে আমার চিত্তের অনুরাগ নাই, অতএব এ কথা সত্য কি মিথ্যা যথার্থ রূপে এই বটুকে জিজ্ঞাসা করুন।

মধুমঙ্গল। আর্য্যে! সত্য সত্য, এই কারণেই আমি প্রিয়বয়স্তের হৃদয়ের রাগ তোমার গোপিকা সকলের অঙ্গে দেখি নাই, কিন্তু তাহাদের অঙ্গরাগ অর্থাৎ কস্তুরী কুঙ্কুমাদি

দীসই।

কৃষ্ণঃ। সপ্রণয়রোষং। ধিঙ্মূর্খ বিশ্রম্ভাদাদৃতোহপি জিহ্মতাং
ন জহাসি ॥

পৌর্ণমাসী। সত্যমাহ বটুঃ ॥ ৭ ॥
তথাহি ॥

কামং সদ্গুণ মণ্ডলাশ্রয়তয়া তন্বন্মহিষ্ঠাং রুচিং
বৈচিত্রী ভরভাক্ সদা শুভদশা শ্রেণীশ্রিয়ামাস্পদং।

বিশেষঃ ॥ ৭ ॥

কামমিতি হে কংস নিসূদন অদ্য এনীদৃশাং যেষ্বেষু গেহেষ্বপি বাসঃ স্বধা শিথিলতাং বৈশিথিল্যং নীয়তে। সাক্ষং নপুংসকং বস্ত্রপর্য্যায়ং অদন্তং পুংলিঙ্গং বদন্তি শব্দার্থজ্ঞা বাস ইতি পদং বংশ্যাঃ যা হঙ্কৃতি স্বলীলয়া লীলামাত্রেণেত্যর্থঃ। কীদৃশং বাসঃ সতাং শোভনানাং গুণানাং মণ্ডলং তদাশ্রয় তয়া

বিলেপন ইহাঁর হৃদয়ে দেখিতেছি ॥

কৃষ্ণ। (প্রণয় ক্রোধের সহিত) ধিক্ মূর্খ! বিশ্বাস করিয়া
আদর করিলেও কুটিলতা ত্যাগ কর না? ॥

পৌর্ণমাসী। বটু সত্য বলিতেছে ॥ ৭ ॥

উক্ত বিষয়ের প্রমাণ যথা ॥

হে কংসনাশন! যে সকল হরিণাক্ষী গোপীদিগের পরিধেয় বস্ত্র শোভনগুণের আশ্রয় রূপে মহতী কান্তি বিস্তার করিতেছিল, এবং যে বাসগৃহ ধন ধান্যাদি সম্পত্তি ও অভিজন কৌলিন্যাদি এই সমুদায়ের তথা শুক্ল, নীল, রক্ত প্রভৃতি স্রক্ চন্দনাদি সম্ভোগের রোচ-

বংশীহুঙ্কৃতি লীলয়া শিথিলতামেনীদৃশাং নীয়তে
বাসঃ কংসনিসূদনাদ্য ভবতা দেহেষু গেহেষ্বপি ॥ ৮ ॥

মধুমঙ্গলঃ। অজ্জে কিম্পি ণ জাণাসি জং বংশীহুঙ্কিদি লীলা-এত্তি ভণাসি দিট্ঠং মএ তহিং দিঅহে কণ্ণআণং তীর টঠিদাইং অম্বরাইং অপ্পণো হত্থেণ উক্খিবিঅ ইমিণা

মহিষ্ঠাং রুচিং কান্তিং তন্বং বিস্তারয়ং। কীদৃশো বাসঃ নম্রো যে গুণা ধন ধান্যাদি সম্পত্তি অভিজন কৌলীন্যাদয়ঃ তেষাং বন্ধত্বনং তদাশ্রয় তয়া মহিষ্ঠাং রুচিং রোচকতাং তন্বন্ বিস্তারয়ন্। বৈচিত্রীং শুক্ল নীল রক্তাদিভিঃ স্রক্চন্দনাদিভিঃ সংভোগানাং বিবিধ প্রকারত্বাচ্চ বাস পক্ষে বিবিধ গৃহাদিভিঃ পরিচ্ছিন্নত্বাচ্চ। শুভা যা বস্ত্রস্য দশা শ্রেণী তত্র যা শ্রিয়ঃ শোভা স্তাসামা-স্পদমাশ্রয়ঃ। শুভাগ্রভাগাং শুক্ল শুক্লাদীনামেব যা দশাস্তুর্দশা তস্যাঃ যাঃ শ্রেণ্যঃ পরম্পরা স্তাসু যা শ্রিয়ঃ তৎ শাস্ত্রোক্তাঃ সম্পত্তয়ঃ ॥ ৮ ॥

আর্যে কিমপি ন জানাসি যৎ বংশী হুঙ্কৃতি লীলয়েতি ভণসে। দৃষ্টং তত্র দিবসে কন্যকানাং তীরস্থিতানি অম্বরাণি আত্মনো হস্তেন উৎক্ষিপ্য

কতা বিস্তার করিতেছিল, তুমি আজি বংশীর হুঙ্কৃতি লীলা দ্বারা তাহাদের দেহ গৃহের বাস শিথিলতা প্রাপ্ত করাইয়াছ অর্থাৎ তোমার বংশী হুঙ্কার মৃগাক্ষীগণের দেহ গেহ উভয় স্থকেই শৈথিল্য করিয়াছে ॥ ৮ ॥

মধুমঙ্গল। আর্য্যে! আপনি কি কিছুই জানেন না বংশীর হুঙ্কৃতি বলিতেছেন কেন?। সে দিন আমি প্রত্যক্ষ দেখিয়াছি প্রিয়বয়স্য ব্রজকুমারীগণের যমুনা তীরস্থ বস্ত্র সকল স্বহস্তে উত্তোলন করিয়া কদম্ব বৃক্ষের স্কন্ধে স্থাপন

কৃথক্কে নিক্খিত্তাইং ॥

কৃষ্ণঃ। স ভ্রূভঙ্গং বটুমাবার্য্য। আর্য্যে হুঙ্কারাদপি তথা ভাবাদুবদ্গোপিকানামভিব্যক্তঃ সাধ্বীভাবঃ ॥

ললিতা। সংস্কৃতেন।

কেনাপি ধূর্ত্তপতিনা খলু শিক্ষিতোসি
মন্ত্রং বশীকরণ কারণমৌষধং বা।
পুণ্যোজ্জ্বলান্যখিল গোপবিলাসিনীনাং
যেন ত্বয়া গৃহসুখানি বিলুণ্ঠিতানি ॥

মধুমঙ্গলঃ। সচ্চং কহেদি ললিদা। অণ্ণধা মন্তাদি মন্তরেণ ণবেন্দীবরাদোবি সোম্ম সীদল

অানেন স্কন্দে নিক্ষিপ্তানি। সত্যং কথয়তি ললিতা। অন্যথা মন্ত্রাদি মন্তরেণ

করিয়াছিলেন ॥

কৃষ্ণ। (ভ্রূ ভঙ্গের সহিত বটুকে নিবারণ করিয়া) আর্য্যে ! ঐ প্রকার হুঙ্কার হইতেই তোমার গোপিকাদের সাধ্বীভাবের প্রভাব প্রকাশ পাইয়াছে ॥

ললিতা। (সংস্কৃত ভাষায়) কৃষ্ণ ! তুমি কোন ধূর্ত্তপতির নিকট বশীকরণ কারক মন্ত্র বা ঔষধ শিক্ষা করিয়াছ, তদ্দারাই তোমা কর্ত্তৃক নিখিল গোপসুন্দরীদিগের পবিত্রে উজ্জ্বল গৃহ সুখ সমুদায় লুণ্ঠিত হইয়া গিয়াছে, অতএব তাহাদিগের দোষ কি ? ।

মধুমঙ্গল। ললিতা সত্যই বলিতেছে, এ যদি মন্ত্রৌষধির বল না হইবে তাহা হইলে, নব ইন্দীবর হইতে সৌম্য

পইাণিা কধং ইমিণা সংহারিজ্জন্তি ॥ ৯ ॥

ললিতা। অজ্জ জস্স সুমরণং বি তধা সন্দাবণং।

তএদং অপ্পণো পিঅবঅস্সং মা ক্খু সীদলং ভণ।

মধুমঙ্গলঃ। ভো বঅস্স পইদি সীদলো বি তুমং গোই আহিং উহ্মো ভণিজ্জসি। তা প্ফংসিঅ জাণিস্সং ইতি কৃষ্ণবক্ষসি হস্তবিন্যস্য সসম্ভ্রমং। অহো সচ্চং জ্জেব কহেদি ললিদা ক্ষণং বিমৃশ্য। ললিদে বিণ্ণাদং বিণ্ণাদং

পর্ব্বতোত্তুঙ্গা মহাদানবা নবেন্দীবরতোহপি সৌম্য শীতল প্রকৃতিনা কথং অনেন সংহ্রিয়ন্তে। মহাবলিষ্ঠ মায়াবিদৈত্য বধাদৌ মন্ত্রৌষধাদীনাং সামর্থ্যা সম্ভাবনাদ্ধ্বয়স্ত প্রকৃতিরেবেয়ং নারীগণমনোহারিণীতি দ্যোতিতং ॥ ৯ ॥

আর্য্য যস্য স্মরণমপি তথা সন্তাপনং অনেন সখ্যাঃ প্রেমাতিশয়ো ব্যঞ্জিতঃ। তৎইদং আত্মনো বয়স্যং মা খলু শীতলং ভণ। ভো বয়স্য প্রকৃতি শীতলোহপি ত্বং গোপিকাভিশ্চ উষ্ণো ভণ্যসে তৎ স্পৃষ্ট্বা জানামি। সত্যমেব কথয়তি

শীতল প্রকৃতি কৃষ্ণ গিরিসদৃশ দানবগণকে কি রূপে সংহার করিলেন ॥ ৯ ॥

ললিতা। যাহার স্মরণও সন্তাপ স্বরূপ, সেই তোমার প্রিয় বয়স্যকে শীতল বলিয়া বর্ণন করিও না ॥

মধুমঙ্গল। ভো বয়স্য! তুমি স্বভাবত শীতল হইলেও গোপিকা সকল তোমাকে উষ্ণ বলিতেছে, অতএব একবার তোমাকে স্পর্শ করিয়া দেখি। (এই বলিয়া কৃষ্ণবক্ষে হস্ত নিক্ষেপ পূর্ব্বক সম্ভ্রমের সহিত) অহো! ললিতা সত্যই বলিতেছে (ক্ষণকাল বিবেচনা করিয়া) ললিতে! জানিলাম জানি-

তুহ রাহিআ চেঅ ণূণং উণ্হা জাএ হিঅঅবট্টিণীএ চন্দ-
কোড়ি সীঅলো এসো উণ্হীকিও ॥ ১০ ॥

ললিতা। অজ্জ এত্থ রাঅপট্টপত্থর সুন্দরে হিঅএ তাএ দুরন্ত পেম্ম সোকুমাজ্জ হোদাএ মই সহীএ কুদো পবেসো সংভাবীঅদি ॥ ১১ ॥

মধুমঙ্গলঃ। সরোষং চবলে অম্হ বঅসসো তদো বি তুম্হ

ললীতা। ললিতে বিজ্ঞাতং নিজ্ঞাতং। তব রাধিকা এব নূনং উষ্ণা। যয়া হৃদয় বর্ত্তিন্যা চন্দ্রকোটি শীতলোঽপি এবং উষ্ণীকৃত হৃদয় বর্ত্তিন্যা ইত্যনেন ততোঽপি মদ্বয়স্য প্রেমভর ইতি ব্যঞ্জিতং ॥ ১০ ॥

ললিতা আর্য্য অত্র রাজপট্ট প্রস্তর সুন্দরে হৃদয়ে তস্যা দুরন্ত প্রেম সৌকুমার্য্য ভূতায়া মম সখ্যাঃ কুতঃ প্রবেশঃ সংভাব্যতে তেন বজ্রতুল্য মেতস্য হৃদয়ং কথং তস্যাং প্রেম বর্ত্ততে ইতি জ্ঞাতবানিতি প্রশ্নো ব্যঞ্জ্যতে ॥ ১১ ॥

মধু সরোষং ইতি ব্রাহ্মণ স্বাভাব্যেন বিদূষকস্যাপি পর্য্যবসানে বৈদগ্ধ্য বর্ণনস্যানৌচিত্যাৎ নাটকে প্রকৃতি বিপর্য্যয় দোষাপত্তেশ্চ ব্যঞ্জনা বৃত্তিং

লাম, তোমার রাধিকাইত উষ্ণা, ইনি হৃদয় মধ্যে প্রবেশ করিয়া কোটি চন্দ্র অপেক্ষা সুশীতল আমার বয়স্যকে উত্তপ্ত করিয়াছেন ॥ ১০ ॥

ললিতা। আর্য্য! এই রাজপট্ট প্রস্তরের ন্যায় সৌন্দর্য্যশালি ত্বদীয় বয়স্যের হৃদয়ে দুরন্ত প্রেম সুকুমারী আমার সখীর কি রূপে প্রবেশ সম্ভাবনা হয় ॥ ১১ ॥

মধুমঙ্গল। (রোষের সহিত) চপলে! আমার বয়স্য তোমার সখী অপেক্ষা স্নেহ ভরে অতিশয় সুকোমল,

ণিব্ভরং সিণেহ কোমলো জং এসো বঞ্চিদণিদ্দো জোইন্দো
বিঅ একগ্গ চিত্তো ণং জ্জেবব সব্বদা চিন্তেই ॥

কৃষ্ণঃ। সাপত্রপং। ধিগ্বাচাল কৃতমলীকেন নর্ম্ম পুঞ্জেন॥

ললিতা। স্বগতং দিট্‌ঠিআ বড্‌ঢদি পিঅসহী ॥ ১২ ॥

পৌর্ণমাসী। সুন্দর বিশ্রামাত্তু নর্ম্মমুদ্রা সমাকর্ণয় মদ্বিবক্ষিতং ॥
হিত্বা দূরে পথি ধবতরো রন্তিকং ধর্ম্মসেতো

ত্যক্ত্বা অভিধয়ৈব ললিতা ব্যঞ্জিত প্রশ্নোত্তরমাহ। চপলে অস্মদ্বয়স্তঃ ত্বত্তোপি যুষ্মৎ সখীতো নির্ভরং স্নেহ কোমলঃ। যৎ এষ বঞ্চিত নিদ্রো যোগীন্দ্র ইব একাগ্র চিত্তঃ এনামেব সর্ব্বদা চিন্তয়তে। দিষ্ট্যা বর্দ্ধতে প্রিয়সখী ॥ ১২ ॥

হে কৃষ্ণার্ণব রাধিকাবাহিনী রাধিকা নদী ত্বাং লেভে। কিং কৃত্বা ধবতরো নিকটমপি দূরে পথি হিত্বা ধব বৃক্ষা যত্র স্থা স্ততো নদ্যো ন নিঃসরন্তীতি

যে হেতু ইনি নিদ্রাজয়ী হইয়া যোগীন্দ্রের ন্যায় একাগ্র চিত্তে সর্ব্বদা এই শ্রীরাধাকেই চিন্তা করিয়া থাকেন॥

কৃষ্ণ। (লজ্জার সহিত) ধিক্ মূর্খ! অলীক পরিহাস পুঞ্জের প্রয়োজন কি ?॥

ললিতা। (মনে মনে) যাহা হউক, ভাগ্য বশতঃ প্রিয়সখী বৃদ্ধি প্রাপ্ত হইতেছেন ॥ ১২ ॥

পৌর্ণমাসী। সুন্দর! পরিহাস মুদ্রা বিরাম পাউক অর্থাৎ আর পরিহাস ভঙ্গীর প্রয়োজন নাই, আমি যাহা বলি শ্রবণ কর।

হে কৃষ্ণার্ণব! ধর্ম্ম সেতু ভঙ্গ সমর্থা নবরসবাহিনী রাধানদী ধব (পতি) তরুর সমীপ দূর পথে পরিত্যাগ

ভঙ্গোদগ্রা গুরু শিখরিণং রংহসা লঙ্ঘয়ন্তী।
লেভে কৃষ্ণার্ণব নবরসা রাধিকাবাহিনী ত্বাং
বাগ্বীচিভিঃ কিমিব বিমুখীভাবমস্যা করোষি॥ ১৩॥

মধুমঙ্গলঃ। অই সুদ্ধ বুদ্ধিএ অজ্জবি এদং চ্চেঅ পুচ্ছসি। পেক্খ কূয়ন্তাণং হদ কোইলাণং বিত্তাসণত্থং মএ এদং পুপ্ফকোঅণ্ডং ণিম্মিদং॥

প্রসিদ্ধেঃ পক্ষে এব ধারা ভর্ত্তা। ধর্ম্ম এব সেতু স্তস্য ভঙ্গে উদীর্ণমগ্রং যস্যাঃ। গুরুঃ বিশালং শিখরিণং গুরুজনঞ্চ শিখরিতুল্য কঠোরং। গুরুজনমেব শিখরিণমিতি বা রংহসা বেগেন নবো নূতনঃ রসো জলীয় স্বাদুত্বং স্রোতোভিঃ কাপি অপর্য্যুষিতত্বাৎ। নব শান্ত শৃঙ্গারাদয়ো রসা যস্যাং রুচিন্নিশ্লেষাদৌ নির্ব্বেদাদি স্থায়িত্বেন শান্তাদীনা মুদ্বোধাৎ। ত্বঞ্চ সমুদ্র ইব বাগ্ভিরেব বীচীভিঃ কিমিতি বৈমুখ্যং করোষীতি॥ ১৩॥

অয়ি শুদ্ধ বুদ্ধে অদ্যাপি ইদমেব পৃচ্ছসি। পশ্য কূজন্তানাং হন্ত কোকিলানাং বিত্রাসনার্থং ইদং পুষ্পকোদণ্ডং নির্ম্মিতং। তেন বাচা প্রাতিকূল্যা চরণমস্ত ন বাস্তবং ত্বয়া জ্ঞেয়ং প্রত্যুত এতস্য ঈদৃশীং দশামালোচ্য স্বয়ং এব ত্বং শীঘ্রং তৎ প্রাপ্ত্যুপায়ং চিন্তয়েতি দ্যোতিতং। সাপীত্যপিকারেণাভিব্য-

---

পূর্ব্বক গুরুজন রূপ পর্ব্বত উল্লঙ্ঘন করিয়া তোমাকে প্রাপ্ত হইয়াছে, তবে তুমি কেন বাক্য রূপ তরঙ্গ দ্বারা ইহাকে বিমুখী করিতেছ॥ ১৩॥

মধুমঙ্গলঃ। অয়ি শুদ্ধবুদ্ধে! এখনও ইহাই জিজ্ঞাসা করিতেছ। দেখ কূজনরবকারি হত কোকিলগণের ত্রাস নিমিত্ত আমি এই পুষ্পধনু নির্ম্মাণ করিয়াছি॥

পৌর্ণমাসী। চন্দ্রানন সাপি বৎসা।

আলীনাং প্রতিহাররোধনবিধৌ বীক্ষ্য প্রযত্নাবলীং
বালা তর্কিত মাধবী পরিমল স্ফূর্ত্তির্ভয়াদ্বেপতে।
কিঞ্চালোক্য সুধাংশুকান্তসলিলস্যন্দানলিন্দেক্ষণা
দেনাঙ্কোদয় শঙ্কিনী বিকলতামাতন্বতী মূর্চ্ছতি।

কৃষ্ণঃ। স্বগতং। হন্ত কঠোরোঽয়ং দশাবিবর্ত্তঃ।

পৌর্ণমাসী। হন্ত সুন্দর।

প্রণয়িষু মিলিতেষু প্রেমভাজামুপেক্ষা
ঘটয়তি কটুপাকান্যুচ্চকৈ র্দূষণানি।

অ্যমানমর্থ মঙ্গীকৃত্যাহ আলীনামিতি। প্রতিহারস্য দ্বারস্য সুধাংশুকান্তেতি চন্দ্রকান্ত শিলাতো গলিতান্ জলবিন্দূনিত্যর্থঃ। প্রণয়িষ্বিতি। কটুপাকানি কটুঃ পাক উদর্কো যেষু তান্যেবাহ দিনমণিরিতি নিখিলমিতি অস্মদাদি ললিতা প্রভৃতিকং প্রাপয় সমস্ত গোকুলমেব সন্ধ্যা স্থানীয়া রাধা দিনমণি

পৌর্ণমাসী। চন্দ্রবদন! তিনিও বৎসা, সখীগণের দ্বার রোধ বিষয়ে যত্নাতিশয় দেখিয়া ঐ বালা মাধবীর প্রসরণ শীল সৌরভভরে কম্পিত হইতেছে, অপর অলিন্দের (চান্দনীর) প্রতি দৃষ্টিপাত হওয়াতে চন্দ্রকান্তমণি হইতে জলক্ষরণ দেখিয়া চন্দ্রোদয় আশঙ্কায় ব্যাকুলতা বিস্তার পূর্ব্বক মূর্চ্ছিত হইয়া পড়িতেছে॥

কৃষ্ণ। (মনে মনে) হায়! এত কঠোর দশার পরিপাক॥

পৌর্ণমাসী। অহে সুন্দর! প্রণয়িজন সকল মিলিত হইলে প্রেমি ব্যক্তিদিগের যে উপেক্ষা তাহা কটুপাক রূপ গুরুতর দোষ সকল ঘটনা করিয়া দেয়, যেমন অনুরাগী

দিনমণিরনুরাগী প্রোজ্‌ঝ্য সন্ধ্যাং হি রক্তাং
তমসি নিখিলমুগ্রে মজ্জয়ত্যেষ লোকং ॥ ১৪ ॥

কৃষ্ণঃ । সলজ্জং নম্রী ভবতি ।

পৌর্ণমাসী । পুন র্নিভাল্য সানন্দং স্বগতং । দিষ্ট্যাঙ্গং স্মিতালিঙ্গিতমিঙ্গিতমঙ্গী কুর্ব্বন্ দক্ষিণং ন্যমীলয়দক্ষিণং । প্রকাশং । গোকুলানন্দ পুরস্তাদিয়ং মাকন্দবেদী স্বয়মলংকর্ত্তব্যা । যথা নিমীলতি হেলিবিম্বে সখ্যোরেকতরা ত্বামভীষ্টদেশং প্রাপয়তি ॥

স্থানীয় মাত্রানঙ্ক হি কারাৎ সমুচ্চয়াবধারণার্থকাৎ ॥ ১৪ ॥

দক্ষিণং ন্যমীলয়দিতি বিপক্ষোর্দক্ষিণ নেত্রস্য সূর্য্যাত্মাত্তন্নিমীলনেন সন্ধ্যা সঙ্কেত কাল ইতি সূচয়তি । হেলিবিম্বে সূর্য্যবিম্বে ॥ ১৫ ॥

দিনমণি রক্ত সন্ধ্যাকে পরিত্যাগ করিয়া নিখিল লোককে ঘোরান্ধকারে নিমগ্ন করেন তদ্রূপ ॥ ১৪ ॥

কৃষ্ণ । (সলজ্জে) নত বদন হইলেন ॥

পৌর্ণমাসী । (পুনর্ব্বার নিরীক্ষণ করিয়া আনন্দের সহিত মনে মনে) কি সৌভাগ্য, ইনি হাস্যালিঙ্গিত ইঙ্গিত অঙ্গীকার করিয়া দক্ষিণ নয়ন নিমীলিত করিলেন, যাহা হউক, এক্ষণে ইহাঁর আর বাম্য ভাব নাই । (প্রকাশ করিয়া) গোকুলানন্দ ! তুমি স্বয়ং অগ্রবর্ত্তি এই আম্র বেদিকাকে অলঙ্কৃত করিবা অর্থাৎ অগ্রে এই বেদিকার উপর উবেশন করিয়া থাকিবা । সূর্য্যবিম্ব অস্তগত হইলে ললিতা বিশাখার মধ্যে কোন একজন তোমাকে অভীষ্ট স্থানে লইয়া যাইবেক ॥

কৃষ্ণঃ। সাপত্রপং যথাহ ভগবতীতি সবয়স্যো নিষ্ক্রান্তঃ।

পৌর্ণমাসী। পুত্রি ললিতে কামং নির্বৃতাস্মি। তদেহি রাধামনুসরাব ইত্যুভে পরিক্রামতঃ॥

ততঃ প্রবিশতি বিশাখয়া সহ সংকথয়ন্তী রাধা।

রাধা। সংস্কৃতেন॥ ১৫॥

সখি জল্পিতং নারিকেলনীরং
স্মিত কর্পূরাবৃতং হরে র্নিপীয়।
তনু সঙ্গ সুধাং বিনাপি তস্য
গ্লপিতাহং গরলেন জীবিতাস্মি॥

পূকর মিলনাদ্বিষমিতি বৈদ্যশাস্ত্রে প্রসিদ্ধেঃ।

কৃষ্ণ। (সলজ্জে) যে আজ্ঞা ভগবতি! এই বলিয়া আত্র বেদিকায় বয়স্যের সহিত প্রস্থান॥

পৌর্ণমাসী। পুত্রি ললিতে! যথেষ্ট রূপে নিরুদ্বিগ্না হইলাম, অতএব আইস শ্রীরাধার নিকট গমন করি এই বলিয়া দুই জনে চলিয়া গেলেন॥

(অনন্তর বিশাখার সহিত কথা কহিতে কহিতে শ্রীরাধার প্রবেশ)।

শ্রীরাধা। (সংস্কৃত ভাষায়)॥ ১৫॥

সখি! শ্রীকৃষ্ণের বাক্য নারিকেল জল এবং তদীয় হাস্য কর্পূর সদৃশ, এই দুই একত্র মিশ্রিত করিয়া পান করায় গরল জ্বালায় আমি কাতর হইয়াছি, তাঁহার অঙ্গসঙ্গ রূপ অমৃত ব্যতিরেকে এ জীবন রক্ষা পাইবে না॥

বিশাখা। অই অবিণ্ণাদ ণিঅ মাহপ্পে তাদিসো তুহ রাঅস্স গরিমা জেন সো কৃখু সামসুন্দরো বি বাঢ়ং রত্তীকিদো তধা বি অত্তণো মলিণং সঙ্কসি ॥

রাধিকা। পুনঃ সংস্কৃতেন ॥ ১৬ ॥

নালিকিনীং নিশি ঘনোৎকলিকামশঙ্কং
ক্ষিপ্ত্বা ব্রতী রতনুবন্যগজঃ ক্ষুণত্তি।
তত্রানুরাগিণি চিরাদুদিতেঽপি ভানৌ

বিশা। অয়ি অবিজ্ঞাত নিজ মাহাত্ম্যে তাদৃশ স্তব রাগস্য গরিমা যেন স খলু শ্যাম সুন্দরোঽপি বাঢ়ং রক্তীকৃতঃ তথাপি আত্মানং মালিন্যং শঙ্কসি ॥১৬

নালিকিনীং কমলিনীং অতনুঃ কন্দর্প এব বন্য গজঃ। ক্ষুণত্তি চূর্ণয়তি। যোতদা যঃ ক্ষীণেৎ তদা তাং সূর্য্যো বিকাশয়েৎ তত্তু ন সম্ভবতীতি ভাবঃ।

বিশাখা। অয়ি অবিজ্ঞাত নিজ মাহাত্ম্যে! তোমার রাগের তাদৃশ মহিমা যদ্দ্বারা শ্যামসুন্দরও অতিশয় রূপে অনুরক্ত হইয়াছেন, তথাপি তুমি আপনাকে মালিন্য আশঙ্কা করিতেছে? ॥

শ্রীরাধা। (পুনরায় সংস্কৃত ভাষায়) ॥ ১৬ ॥

হায়! হে সখি! রজনীযোগে অর্দ্ধ বিকাসোন্মুখী পদ্মিনীর লতা উন্মোচন করিয়া যদি বলিষ্ঠ গজ নির্ভয়ে তাহাকে চূর্ণ করে, তাহা হইলে নলিন্যানুরাগী রবি প্রভাত কালে উদিত হইয়া ঐ বরাকী পদ্মিনীর কি সুখ বিধান করিবেন।

পক্ষান্তরের অর্থ। হায়! রজনীযোগে উৎকণ্ঠিতা এই শ্রীরাধার আবরণ উন্মোচন করিয়া যদি কন্দর্প রূপ গজ

হা হন্ত কিং সখি সুখং ভবিতা বরাক্যাঃ ॥

পৌর্ণমাসী। পুরো রাধাং দৃষ্ট্বা পুত্রি ললিতে সখ্যাস্তব প্রেমোক্তি মুদ্রামুদ্ঘাটয়িতুমুৎকণ্ঠিতাস্মি। তদ্ভবত্যা তূষ্ণীমেব ভবিতব্যং ॥

ললিতা। জং আনবেদি তত্থ হোদী।

পৌর্ণমাসী। রাধামুপেত্য সকৈতব বিষাদং।

ভবদঙ্গ সঙ্গ বিষয়ে প্রিয়োক্তিভি

র্মুহুরর্থিতোঽপি মদিরাক্ষি মাধবঃ।

মনুতে মনাগপি নহীতি হন্তাথ।

ততশ্চ অধুনৈব সখা মিলিত কৃষ্ণ স্তথোপায়শ্চিন্ত্যতামিতি দোত্যতে।

ললি। যথা আজ্ঞাপয়তি ভত্তু ভাবী।

নির্ব্বিশঙ্কে বিনষ্ট করে তাহা হইলে হে সখি! প্রভাত কালে শ্রীকৃষ্ণ আসিয়া এ বরাকীর কি সুখ বিধান করিবেন অর্থাৎ প্রাণ গেলে কোন সুখই অনুভব হইবে না।

পৌর্ণমাসী। (অগ্রে শ্রীরাধাকে অবলোকন করিয়া)

পুত্রি ললিতে! তোমার সখী শ্রীরাধার প্রেমোক্তি মুদ্রা উদ্ঘাটন করিতে উৎকণ্ঠিত হইয়াছি অতএব তুমি কিছু বলিও না তূষ্ণীম্ভাব অবলম্বন কর ॥

ললিতা। যাহা আজ্ঞা করিলেন তাহাই হইবে ॥

পৌর্ণমাসী। (শ্রীরাধার নিকট গমন করিয়া ছল পূর্ব্বক বিষাদের সহিত) হে খঞ্জনাক্ষি! তোমার অঙ্গসঙ্গ বিষয়ে প্রিয়োক্তি দ্বারা মাধবকে বারম্বার প্রার্থনা করিলে

প্রতিকার যুক্তিরপরা বিধীয়তাং ॥

রাধিকা। সব্যামোহং। অলং এত্থ লজ্জিদেণ ইত্যঞ্জলিং বদ্ধা।

অব্ভংলিহম্মি ডহণে লডহং রঙ্গণলদং লিহস্তম্মি।
কাপড়িআরে জুত্তী মুক্কিঅ সামঘণুল্লাসং ॥ ১৭ ॥

বাধি। অলমত্র লজ্জিতেন। অব্ভ্রংলিহে দহনে শোভনাং রঙ্গণ লতাং লিহন্তি। কা প্রতিকারে যুক্তিঃ ত্যক্ত্বা শ্যাম ঘনোল্লাসং। অল্পমাত্রস্যাপি দহনস্য রঙ্গণ লতাদাহে সম্ভবে ন তদগ্রং মেঘ পর্য্যন্ত ব্যাপক বহ্নেরেতস্য প্রতিকারঃ কিং কলসাদিভৃতৈ র্জলৈ র্ভবতি কিন্তু শ্যামল বর্ণো মেঘো যদি নির্ভরং বর্ষতি। নান্যথেতি ভাবঃ ॥ ১৭ ॥

তিনি কিঞ্চিন্মাত্রও সম্মত হইলেন না, অতএব হৃদ্ব্যথা প্রতিকারের নিমিত্ত অন্য যুক্তি বিধান কর ॥

শ্রীরাধা। (পীড়ার সহিত) এ বিষয়ে লজ্জিত হওয়ার প্রয়োজন কি? (এই বলিয়া অঞ্জলি বন্ধন পূর্ব্বক) অল্প মাত্র অগ্নির রঙ্গণলতা দগ্ধ করিবার সম্ভাবনা সত্ত্বে মেঘ পর্য্যন্ত ব্যাপক অগ্নির কলসের জলে কি প্রতিকার হয়, কিন্তু শ্যামমেঘের বিপুল বর্ষণ ব্যতিকে অন্য যুক্তি নাই ॥ ১৭ ॥

যথারাগ ॥

এ ভূমি আকাশ, ভরল হুতাশ, বহয়ে প্রচণ্ড জ্বালা।
তার মাঝে যেন, কোমল রঙ্গণ, লতার বসতি ভেলা ॥
কি কহিব আমি আর। মনে বিচারিয়া, বুঝ তুমি ইহা,

পৌর্ণমাসী। জরত্যাস্ত্বং নপ্ত্রী স তু কমলয়া ললিতপদঃ
কথং কারং তস্মৈ মুহুরসুলভায় স্পৃহয়সি।
প্রসীদ ব্যাহারে মম রচয় চেতো দিবিচরং
গৃহীতুং পাণিভ্যাং বিধুমহহ মাভূঃ কুতুকিনী॥

রাধিকা। সগদ্গদং সংস্কৃতেন।

কৈছে হয়ে প্রতিকার॥ ধ্রু॥ মো পুনি বুঝিনু, বুঝিঞা জানিনু, দঢ়াই কহিয়ে সার। শ্যামঘন বিনে, ইহার জীবনে, উপায় না দেখি আর॥ ১৭॥

পৌর্ণমাসী। রাধে! তুমিত জরতীর নপ্ত্রী কিন্তু তিনি লক্ষ্মীর লালিত পদ অর্থাৎ লক্ষ্মী তাঁহার পদসেবা করিয়া থাকেন, তবে তুমি কি প্রকারে সেই অসুলভ বস্তুতে বারম্বার অভিলাষ করিতেছ? অতএব আমার বাক্যের প্রতি চিত্ত অভিনিবেশ করিয়া প্রসন্না হও, গগণচর চন্দ্রকে দুই হস্ত দ্বারা গ্রহণ করিতে কুতকিনী হইও না॥

যথারাগ॥

কহে ভগবতী, শুনিঞা এমতি, আরতি বচন তার। তুমি সে সুধনি মুখরা নাতিনী, সে হরি ভুবন সার॥ কমলা লালিত, পদ সুললীত, সুলভ না হয় সে। আমার বচন শুনহ এখন, হৃদয়ে বান্ধহ থে॥ আকাশের চাঁদে, ধরিবার সাধে, হাত পসারহ কেন। এ সব কৌতুকে, ক্ষমা দেহ বুকে, বিচারিয়া নিজ মনে॥

শ্রীরাধা। (গদ্গদ স্বরে সংস্কৃত ভাষায়) দেবি! আমি

ময়া তে নির্ব্বন্ধান্মুরবিজয়িনি রাগঃ পরিহৃতো
ময়ি স্নিগ্ধে কিন্তু প্রথয় পরমাশী স্তুতিমিমাং।
মুখামোদোদ্গারে গ্রহিলমতিরদ্যৈবহি যতঃ
প্রদোষারম্ভে স্যাং বিমল বনমালা মধুকরী॥
ইতি বৈবশ্যং নাটয়তি॥

হে মাগ স্নিগ্ধে অদ্যৈবাহি তত্রাপি প্রদোষারম্ভে এব নতু কালবিলম্বঃ যোগ্যং নকাঃ। মধুকর্য্যাশ্চ বনমালানুশীলনে যোগ্যতা ভবেদিতি ভাবঃ। অধুনৈব প্রাণত্যাগে তদাশীর্ভবেদিতি মনসি কৃত্বা প্রাণাং স্ত্যক্ত্‌ মুপক্রামন্তীং নাল্লামভিপ্রেত্য সবৈকল্যমাহ।

আপনার আগ্রহে শ্রীকৃষ্ণের প্রতি অনুরাগ পরিত্যাগ করিলাম, কিন্তু হে স্নিগ্ধে। আপনি আমার প্রতি এই সমুদয় আশীর্ব্বাদ বিস্তার করুন, আমি যেন অদ্য সেই আশীর্ব্বাদের বলে সন্ধ্যা উপস্থিত মাত্রেই তদীয় মুখোদ্গারে মনো নিবেশ করিয়া বিমল বনমালায় মধুকরী হই। (এই বলিয়া বিবশতা প্রকাশ করিলেন,॥

যথা রাগ।

এ বচন শুনি, কহে সুবয়নী, হৃদয়ে পাইয়া ব্যথা। অতি গদগদ, আধ আধ পদ, মুখে না নিকসে কথা॥ শুন ভগবতী, এই মোর মতি, নির্ব্বন্ধ কহিনু তোঁহে। এ মোর পরাণ, ভেল পরাধীন, তা বিনু না রহে দেহে॥ সে হরি বদন, সৌরভ সদন, হরিল সে মতি মোর। সে তনু মাধুরী, বচন চাতুরী, কে কহু তাহার ওর॥ শুন ভগবতী

বিশাখা। ভঅবদি পরিত্তাহি পরিত্তাহি ইঅং উত্তাণিদ ণেত্তা কিম্পি দারুণং দশাবিসেসং অণুহোদি রাহী ॥

পৌর্ণমাসী। (সোদ্বেগং) হা ধিক্ কেয়ং বলাদাকৃষ্টা মহাবিপৎ কাল সর্পীতি হন্ত রাধামালিঙ্গ্য বৎসে সমাশ্বসিহি

বিশা। ভগবতি পরিত্রাহি পরিত্রাহি ইয়ং উত্তানিত নেত্রা কিমপি দারুণং দশা বিশেষং অনুভবতে রাধা। হে বৎসে কিং আতঙ্কয়সে কিং ত্বমসি তনুঃ ক্ষীণঃ ॥ ১৮ ॥

আশীষহ অতি, করহ চিত্তের সনে। সে হরি পলায়ে, ও নব মালায়ে, মধুকরী হও মেনে ॥ গোধূলি সময়ে, গোরজ ভরয়ে, গোবিন্দ অলকা কেশে। সে রূপ ভাবিতে আপনার চিতে, না হয় দৈবজ্ঞ দোষে ॥ এই সব বাণী, কহিতে সুধনী, আবেশ হইল গায়। আকুল হইয়া, কহয়ে ডাকিয়া, বিশাখা দেখিয়া তায় ॥

বিশাখা। ভগবতি! রক্ষা করুন, রক্ষা করুন, শ্রীরাধা যে নয়ন স্থির করিয়া কি দারুণ দশা বিশেষ লাভ করিলেন ॥

যথারাগ ॥

দেখ ভগবতি, ধনি আনমতি, লভিল দারুণ দশা। উত্তান নয়ন, হইল এখন, কহয়ে কেমন ভাষা ॥ এ দশা হইতে, তরাহ ত্বরিতে, চরণে ধরিয়ে তোর। দেখি পৌর্ণমাসী, অতি বেগে আসি, রাধিকা করিল কোর ॥

পৌর্ণমাসী। (সত্বরে) হা ধিক্, একি আমি বল পূর্ব্বক মহা বিপদ রূপ কাল সর্পিণীকে আকর্ষণ করিলাম?

সমাশ্বসিহি ভাবাভিব্যক্তয়ে প্রোৎসাহিতাসি। তদিদং যাথার্থমাকর্ণ্যতাং।

অমিতবিভবা যস্য প্রেক্ষালবায় ভবাদয়ো
ভুবন গুরবোপ্যুৎকণ্ঠাভিস্তপাংসি বিতন্বতে।
অহহ গহনাদিষ্টানান্তে ফলং কিমভিষ্টুবে
সুতনু স তনুর্জজ্ঞে কৃষ্ণস্তবেক্ষণ তৃষ্ণয়া ॥ ১৮ ॥

(সদয়ে শ্রীরাধাকে আলিঙ্গন করিয়া) বৎসে! আশ্বস্ত হও, আশ্বস্ত হও, তোমার ভাব জানিবার নিমিত্ত পরিহাস করিয়াছিলাম, এক্ষণে যথার্থ বলি শ্রবণ কর। সুন্দরি! যাঁহার দর্শন লেশ নিমিত্ত অমিত বৈভবশালী জগদ্গুরু শঙ্কর প্রভৃতিও উৎকণ্ঠা সহকারে তপস্যা করিয়া থাকেন, সেই শ্রীকৃষ্ণ আবার তোমার দর্শন তৃষ্ণায় ক্ষীণ তনু হইতেছেন, অতএব হে রাধে! তোমার দুর্জ্ঞেয় অদৃষ্ট ফলের আর কি প্রশংসা করিব ॥ ১৮ ॥

যথারাগ ॥

বিপতি দারুণ, কাল ভুজঙ্গম, গরলে জারিল তোমা। আমার বচন, শুনিয়া এখন, চিত্তে দেহ তুমি ক্ষমা ॥ এ তুয়া ভাবের, জানিতে ব্যভার, পরিহাস কৈল তোরে। সত্য কথা শুন, হরি বিবরণ, যৈছন ভৈগেল ভোরে ॥ যে হরি বৈভব, নহে অনুভব, দরশ রসের আশে। করে জপ তপ, ক্ষিতি গুরু ভব, সতত যোগীর বেশে ॥ তুমি পুণ্যবতী, কি কহিব অতি, সে হরি তোমার ভাবে। করয়ে অতনু, জাগদিয়া তনু, তোমা দরশনে এবে ॥ ১৮ ॥

ললিতা। সংস্কৃতেন॥

তদ্বার্ত্তোত্তরগীতগুম্ফিতমুখো বেণুঃ সমস্তাদভূৎ
ত্বদ্বেশোচিতশিল্পকল্পনময়ী সর্ব্বা বভূব ক্রিয়া।
ত্বন্নামানি বভূবুরস্য স্বরভীবৃন্দানি বৃন্দাটবী
রাধে ত্বন্ময়বল্লিমণ্ডলঘনা জাতাদ্য কংসদ্বিষঃ।

রাধিকা। সমাশ্বস্য স্বগতং। চঞ্চল চিত্ত অজ্জবি ণ

রাধি। চঞ্চলচিত্ত অদ্যাপি ন প্রত্যাপয়সি।

ললিতা। (সংস্কৃত ভাষায়) সুন্দরি! শ্রীকৃষ্ণের মুরলী সর্ব্বদা তোমার চরিত্র গানে গ্রন্থিত মুখ হইয়াছে, তোমার সদৃশ বেশ রচনা করিতে শ্রীকৃষ্ণের সমুদায় শিল্প কর্ম্ম দেখিতেছি, এবং গাভী সকলে আহ্বান করিতে হইলে ভ্রমে তিনি তোমারই নামোল্লেখ করিয়া আহ্বান করিয়া থাকেন, অতএব হে রাধে! অধিক কি বলিব কংসারির সম্বন্ধে লতাসমূহশালি বৃন্দাবন তোমারই স্বরূপে স্ফূর্ত্তি পাইতেছে॥

যথা রাগ॥

তোমার চরিত, গায়ে অবিরত, বেণু করি নিজ মুখে।
তোমার সমান, করে বেশ গণ, তোমা মানে আপনাকে।
ডাকে ধেনুগণে, ভরমে সেখানে, লইয়া তোমার নাম।
শয়নে স্বপনে কিবা জাগরণে, তোরে নিরিখয়ে শ্যাম॥
এ ভূমি গগণ, তরু লতাগণ, তোমায় মানয় হরি। এ
যদুনন্দন, কহয়ে নবীন, অনুরাগ বলিহারি॥

শ্রীরাধা। (আশ্বাসিত হইয়া মনে মনে) অরে চঞ্চল হৃদয়!

পত্তিআএসি।

পৌর্ণমাসী। পুত্রি ললিতে বাঢ়ং প্রগল্‌ভাসি তদ্বিশাখা যাবন্মাকন্দমূলান্মুকুন্দেন সহ প্রত্যাবর্ত্ততে তাবদত্র সঙ্কেতিতে কর্ণিকার কুঞ্জে গোপায় ত্বং গোপালিকাভ্যো রাধিকাং। ময়াতু স্বকৃত্যায় গন্তব্যমিতি তিস্রো নিষ্ক্রান্তাঃ।

বিশাখা। দূরং পরিক্রম্য সো মাকন্দো এসো পুরো দীসই জথ কহ্নো॥

ততঃ প্রবিশতি কৃষ্ণঃ।

কৃষ্ণঃ। সোৎকণ্ঠং প্রতিচীমবলোক্য।

বিশা। মাকন্দ এস পুরো দৃশ্যতে যত্র কৃষ্ণঃ। অস্তং গচ্ছতঃ সূর্য্যস্য রোচ-

এখনও তুই প্রত্যয় করিতেছিস্ না ?॥

পৌর্ণমাসী। পুত্রি ললিতে! তুমি অতিশয় প্রগল্‌ভা, অতএব যাবৎ আম্র মূল হইতে মুকুন্দের সহিত বিশাখা প্রত্যাগত না হয়, তাবৎ তুমি এই সঙ্কেতিত কর্ণিকার কুঞ্জে গোপালিকাগণ হইতে শ্রীরাধাকে রক্ষা কর, আমি স্বীয় প্রয়োজন সাধন নিমিত্ত গমন করি, এই বলিয়া তিন জনে প্রস্থান করিলেন॥

বিশাখা। (কিঞ্চিদ্দূর গমন করিয়া) এই যে সেই আম্রতরু অগ্রে দেখিতেছি, বোধ হয় এই খানেই কৃষ্ণ আছেন॥

অনন্তর কৃষ্ণের প্রবেশ।

কৃষ্ণ। (উৎকণ্ঠার সহিত পশ্চিমদিকে দৃষ্টিপাত করত)

সদ্যস্তপ্তহিরণ্য পিণ্ডমধুরং চণ্ডত্বিষো মণ্ডলং
সঙ্গং হন্ত তরঙ্গিণীরতিগুরোরঙ্গী চকারাম্ভসি।
দ্রাগেতান্যপি ঘূকনেত্র পটলী সিদ্ধাঞ্জনক্ষোদতাং
বিভ্রান্তি দ্বিপবিভ্রমাণি রুরুধু ধ্বান্তানি বৃন্দাবনং॥
সৌৎসুক্যং পন্থানমুদ্বীক্ষ্য কথমদ্যাপি সখী কাচিন্নেত্রা-
ধ্বনি মে নাবততারেতি। পরাবৃত্য প্রাচীং পশ্যন্।
সান্দ্রাঃ সুপ্ত কুমুদ্বতী কুলবধূ নিদ্রাভিদাঃ কোবিদাঃ।
কুর্ব্বাণাঃ কলুষ শ্রিয়ং পরিভবাতঙ্কেন পাঙ্কজনীং।
সংরম্ভাদভিসারিকাভিরসকৃদ্ব্যাক্রুশ্যমাণোদ্গমা

কল্লোলচারেণ মধুবমিক্ত পদমুপন্যস্তং। তরঙ্গিণীরতিগুরোঃ সমুদ্রস্য। ঘূকাঃ পেচকা স্তেষাং। নেত্র সমূহানাং সিদ্ধাঞ্জনচূর্ণত্বং প্রাপ্তানি ধ্বান্তানি দ্বিপানাং হস্তিনামিব বিভ্রমো যেষাং॥

হায়! এক্ষণে তপ্ত স্বর্ণ পিণ্ডের ন্যায় উজ্জ্বল প্রচণ্ড সূর্য্য মণ্ডল নদীপতির জলে সঙ্গত হওয়াতে শীঘ্র পেচকনেত্র সমূহের সিদ্ধাঞ্জন চূর্ণত্ব প্রাপ্ত হইয়া ধ্বান্তরাশি হস্তি-বৃন্দের ভ্রান্তি ধারণ করত বৃন্দাবনকে অবরোধ করিল॥ (উৎকণ্ঠার সহিত পথের প্রতি দৃষ্টিপাত করত) কই এযাবৎ একটী সখীও ত আমার নেত্রপথে উপস্থিত হইল না (এই বলিয়া পশ্চাৎভাবে পূর্ব্বদিকে দৃষ্টি পাত পূর্ব্বক) আহা! কুমুদিনী রূপ কুলবধূগণের নিদ্রা ভঙ্গে সুপণ্ডিত চন্দ্রসমূরশ্মি হ সূর্য্যের পরাভব শঙ্কিনী পদ্মিনীকে

ভাসঃ পীতকরস্থ হস্ত হরিতং পূর্ব্বাং পরিষ্কুর্ব্বতে ॥ ১৯ ॥
ইতি বৈয়গ্র্যং নাটয়ন্ ॥
ধ্যাত্বা ধর্ম্মং ধৃতিমুদয়িনীং কিং ববন্ধাদ্য রাধা
তীব্রাক্ষেপৈঃ কিমুত গুরুভির্লম্ভিতা বা নিবৃত্তিং।
কিম্বা কষ্টমভজত দশাং তামবিস্পন্দমন্দা
নিন্দৌ বিন্দত্যুদয়মপি যন্নাজগামাদ্য দূতী ॥

হরিতঃ দিশঃ ॥ ১৯ ॥

মলিন শ্রী বিধান করত ক্রুদ্ধা অভিসারিকাগণ কর্ত্তৃক তিরস্কৃত হইয়া পূর্ব্বদিক অলঙ্কৃত করিতেছে ॥ ১৯ ॥
(এই বলিয়া ব্যগ্রতা অভিনয় করত) শ্রীরাধা কি ধর্ম্ম চিন্তা করিয়া ধৈর্য্যাবলম্বন করিলেন, অথবা তিনি গুরু-জনের কঠোর তাড়না ভয়েই কি নিবৃত্ত হইলেন, কিম্বা তাঁহার স্পন্দন শূন্য মন্দ কোন কষ্ট দশাই বা উপস্থিত হইল, যাহা হউক চন্দ্র উদিত হইলেন তথাপি এখনও দূতী আসিল না কেন ? ॥

যথা রাগ ॥

সতী কুল কাজ, দুকুলের লাজ, ধরম দেখিয়া কে বা। ধৈরজ উদয়, হইল হৃদয়, রাধিকা অধিক সে বা ॥ কিম্বা গুরু জন, তর্জ্জন বচন, কহিয়া নিবৃত্তি কৈল। কিম্বা অতিশয়, ক্ষীণ তনু হয়, চলিবারে না পারিল ॥ নহিলে বা কেনে, সুচন্দ্র গগণে, উদয় হইল অতি। তবু এত ক্ষণে, শঙ্কেত ভবনে না মিলল সখী দূতী ॥

বিশাখা। লতান্তরে সৌদ্‌গ্রীবিকং এসো নূণং উক্কণ্ঠাএ মহ তেজ্জিব্ব পঅবীং বিলোএদি কহ্নো। তা কৃখণং পরিহ-সিস্‌সং।

কৃষ্ণঃ। সানন্দং। ইয়ং বিশাখাপি চঞ্চৎ পঞ্চ শাখা সখী মিলিতা ইত্যুপসৃত্য সখি ত্বদুপলম্ভাত্তামেব রম্ভোরুং লব্ধামবৈমি। যদ্বিশাখা রাধয়োরদ্বৈতং ॥ ২০ ॥

বিশাখা। মুখমানম্য মৌনমালম্বতে।

বিশা। লতান্তরে এষ নূনং উৎকণ্ঠয়া মমৈব পদবীং বিলোকয়তি কৃষ্ণঃ। তৎ ক্ষণং পরিহসিষ্যামি চঞ্চলঃ পঞ্চশাখঃ পাণি র্যস্যাঃ পঞ্চশাখঃ শয়ঃ পাণি রিত্যমরঃ। পক্ষে মিলিত শাখাপি চঞ্চলন্ত্যাঃ পঞ্চ শাখা যস্য ইতি বিরোধঃ। বিশাখা রাধয়োরদ্বৈতমিতি রাধা বিশাখা পূর্ব্বোক্তিত্যমরঃ ॥ ২০ ॥

বিশাখা। (লতার অন্তরালে থাকিয়া গ্রীবা উত্তোলন পূর্ব্বক উৎকণ্ঠা বশতঃ) এই যে কৃষ্ণ আমারই পথের প্রতি দৃষ্টি পাত করিয়া রহিয়াছেন, অতএব ক্ষণ কাল পরিহাস করি ॥

কৃষ্ণ। (আনন্দের সহিত) এই যে বিশাখাও হস্ত কম্পিত করিতে করিতে আসিয়া উপস্থিত হইল। (এই বলিয়া নিকটে গমন করত) সখি! তোমার আগমনেই সেই রম্ভোরু শ্রীরাধাকে প্রাপ্ত হইলাম এমত বিবেচনা করি, যেহেতু তোমাতে এবং শ্রীরাধাতে পরস্পর অদ্বৈত ভাব অর্থাৎ তোমাদের দুই জনে পরস্পর ভিন্নতা নাই ॥ ২০ ॥

বিশাখা। নত বদনে মৌনাবলম্বন করিলেন।

কৃষ্ণঃ। সখি কিমত্র তূষ্ণীকাসি।

বিশাখা। চন্দমুহ মন্দভাইণি ম্হি তা কিং বিণ্ণবিস্সং।

কৃষ্ণঃ। সশঙ্কং কিমর্থমিদং।

বিশাখা। সুন্দর ণ মে সরস্সই ণিস্সরদি হোদু তধাবি সম্বরিদুং ণ জুত্তমিদং। ইতি মুখ বৈকৃত্যমভিনীয়। ভো ভট্টিদারঅ সা পিঅসহী অহিমণ্ণুণা হদাসেণ মহুরা পত্তণম্মি ইত্যর্দ্ধোক্তে শুষ্কং রোদিতি ॥ ২১ ॥

তূষ্ণীং শীলস্তু তূষ্ণীক ইত্যমরঃ।

বিশা। চন্দ্রমুখ মন্দভাগিন্যস্মি। তৎ কিং বিজ্ঞাপয়িষ্যামি।

বিশা। সুন্দর ন মে সরস্বতী নিঃসরতি সরস্বতী বাণী। ভবতু তথাপি সম্বরিতুং ন যুক্তমিদং। ভো ভর্তৃদারক সা প্রিয়সখী অভিমন্যুনা হতাশেন মথুরাপত্তনে ইতি শেষঃ। নাট্যোক্তৌ রাজপুত্রো ভর্তৃদারক শব্দেনোচ্যতে ॥ ২১ ॥

কৃষ্ণ। সখি বিশাখে! তূষ্ণীম্ভূত হইয়া রহিলে কেন? ॥

বিশাখা। চন্দ্রবদন! আমি মন্দভাগিনী হইয়াছি, অতএব তোমাকে আর কি নিবেদন করিব ॥

কৃষ্ণ। (সশঙ্কে) এ কথা বলিতেছ কেন? ॥

বিশাখা। সুন্দর! আমার মুখ হইতে বাক্য নিঃসরণ হইতেছে না, তথাপি সম্বরণ করা উপযুক্ত নহে। (এই বলিয়া মুখ বিকৃতি করত) অহে রাজপুত্র! অভিমন্যু হতাশ হইয়া প্রিয়সখীকে মথুরা নগরীতে এই পর্য্যন্ত অর্দ্ধোক্তি করিয়া শুষ্ক রোদন করিতে লাগিলেন ॥ ২১ ॥

কৃষ্ণঃ। সব্যথং কদা নীতা নাম।

বিশাখা। জদা ভঅবদী তুহ্ম সআসং লদ্ধা।

কৃষ্ণঃ। সখেদং। বিশাখে কথং কারং নীতা।

বিশাখা। তুহ্মি ভঅং তক্কিঅ।

কৃষ্ণঃ। সব্যথং। স কথং তর্কিতঃ।

বিশাখা। লোওত্তরী হোন্তো অথো ণ কস্স তক্কণিজ্জো হোদি॥

কৃষ্ণঃ। গ্লপয়তি বপু র্দুঃশীলো মে বলান্মলয়ানীলো
বিকিরতি করৈরিন্দুঃ ক্রোদং তুষারাগ্নিভরং রুষা।

যদা ভগবতী তব সকাশং লব্ধা তব ভাবং তর্ক্যা। লোকোত্তরী ভবন্নর্থো ন কস্য তর্কণীয়ো ভবতি।

কৃষ্ণ। (ব্যথার সহিত) কবে লইয়া গেল? ॥

বিশাখা। যখন ভগবতী তোমার নিকটে আসিয়াছিলেন॥

কৃষ্ণ। (খেদের সহিত) কেন লইয়া গেল? ॥

বিশাখা। তোমাতে ভয় আশঙ্কা করিয়া॥

কৃষ্ণ। (ব্যথার সহিত) সে কি রূপে জানিল? ॥

বিশাখা। তোমার লোকোত্তর ভাব দেখিয়া কাহার না তর্ক গোচর হয়! ॥

কৃষ্ণ। একে দুঃশীল মলয় পবন বল পূর্ব্বক আমার শরীরকে ক্লিষ্ট করিতেছে, তাহাতে আবার চন্দ্র ক্রোধ প্রকাশ করিয়া অগ্নি চূর্ণ সদৃশ তুষার বর্ষণ করিতেছেন, ঐ দিকে আবার হত মদন অলি হুঙ্কৃতি দ্বারা স্পষ্ট রূপে তর্জ্জন

মদন হতক স্তুর্জত্যেষ স্ফুটৈরলি হুঙ্কৃতৈ

স্ত্রুটিরপি বিনা রাধাং নেতুং ময়া নহি শক্যতে ॥

ইতি ব্যামোহং নাটয়তি ॥

বিশাখা। সখেদং সংভ্রমং। গোউলানন্দ সমস্সস সমস্সস

গোকুলানন্দ সমাশ্বসিতি সমাশ্বসহি ময়া খলু পরিহসিতঃ সা তপস্বিনী তয়া

করিয়াছে, হায়! আমি যে শ্রীরাধা ব্যতিরেকে ক্ষণকাল ও যাপন করিতে পারিতেছি না ॥ (এই বলিয়া মুচ্ছি‍র্ত হইয়া পড়িলেন)

যথা রাগ ॥

মলয় পবন, এ নব কুসুম, বহয়ে সৌরভ যত। সুখ দিয়াছিল, দুঃখদায়ি ভেল, এ দুঃখ সহিব কত ॥ সখি হে কি আর কহিব তোরে। সে রাধা বিহনে, আমার জীবনে, শরীরে না রহে জোরে ॥ ধ্রু ॥ চন্দ্রের কিরণ, কৈল প্রসারণ, দেখিতে জ্বলয়ে তনু। আমারে দহন, করিতে মদন, তুষানল জ্বালে তনু ॥ দারুণ মদনে, করে তরজনে, ভ্রমর ঝঙ্কার করি। কহত কেমতে, তিলেক ইহাতে, রহিয়ে ধৈরজ ধরি ॥ এতেক কহিতে, হঞা মুরছিতে, পড়িল সেখানে হরি। বিশাখা দেখিয়া, সংভ্রম হইয়া, কহয়ে আশ্বাস করি ॥ শুনহ গোবিন্দ গোকুল আনন্দ ধৈরজ্ঞ ধরহ চিত। পরিহাস তোহে, কৈল কেন তাহে, মরমে বাসহ ভীত ॥

বিশাখা। (খেদের সহিত সম্ভ্রম প্রকাশ করিয়া) গোকু-

মএ কখু পরিহসিদং। সা তবস্সিণী তাএ রঙ্গণমালিআএ রক্খিদ পরাণ ত্থি ॥ ২২ ॥

কৃষ্ণঃ। সমাশ্বস্য ধূর্ত্তে ভদ্রেণ কদর্থিতোঽস্মি।

বিশাখা। অপ্পণো গুণং ণ সুমরসি।

কৃষ্ণঃ। সখি বর্ণ্যতাং প্রেম্ণামঙ্কঃ প্রিয়ায়াঃ।

বিশাখা। সংস্কৃতেন।

দূরাদপ্যনুসঙ্গতঃ শ্রুতিমিতে ত্বন্নামধেয়াক্ষরে
সোন্মাদং মদিরেক্ষণা বিরুবতী ধত্তে মুহু র্বেপথুং।

রঙ্গণ মালিকয়া রক্ষিত প্রাণাস্তি ॥ ২২ ॥

আত্মনো গুণং ন স্মরসি। পূর্ব্বঃ স্নিগ্ধৈরেভি রিত্যাদি ন বায়ং তাদৃশং কদর্থিতা ইতি ভাবঃ। তং নবাম্ভোধরং ॥ ২৩ ॥

লানন্দ! আশ্বস্ত হও, আমি পরিহাস করিয়াছি, তপস্বিনী রাধা সেই রঙ্গণ মালিকা দ্বারা জীবন রক্ষা করিতেছেন ॥ ২২ ॥

কৃষ্ণ। (আশ্বাস প্রাপ্ত হইয়া) ধূর্ত্তে! ভাল ব্যথা প্রদান করিলা।

বিশাখা। তুমি আপনার গুণ মনে কর না।

কৃষ্ণ। সখি! প্রিয়ার প্রেমচিহ্ন বর্ণন কর।

বিশাখা। (সংস্কৃত ভাষায়) কৃষ্ণ। প্রসঙ্গাধীন দূর হইতে তোমার নামাক্ষর কর্ণে প্রবিষ্ট হইলে অমনি খঞ্জনাক্ষী উন্মাদ ভাব লাভ করত চীৎকার করিতে করিতে কম্পিত হইতে থাকেন, হা কষ্ট! আর অধিক কি বলিব, দৈবাৎ

আঃ কিম্বা কথনীয়মন্যদসিতৈ দৈবান্নবাম্ভোধরে
দৃষ্টে তং পরিরব্ধুমুৎসুকমতিঃ পক্ষদ্বয়ীমিচ্ছতি ॥

যদি অসিত বর্ণ নবজলধর দৃষ্ট হয়, তাহা হইলে উৎ-কণ্ঠিত চিত্তে তৎক্ষণাৎ আলিঙ্গন নিমিত্ত পক্ষ দ্বয় ইচ্ছা করেন ॥

যথা রাগ ॥

অনুসঙ্গ দূর হইতে, তুয়া নাম শুনাইতে, খঞ্জন নয়নী ধনি রাই। অতি উন্মত্ত হইয়া, কান্দে বহু বিলপিয়া, পুন পুন কাঁপে ক্ষমা নাই ॥ শুন কৃষ্ণ ভাল তুয়া রীতে। অখণ্ড কুলের নারী, কৈলে তুমি স্বাউরী, যেন ভেল কুলটা চরিতে ॥ ধ্রু ॥ বহু কি কহিব আর, দেখিয়া মেঘের জাল, উড়িবারে চাহে পাখা করি। দলিত অঞ্জন দেখি, সঘনে ঝাড়এ আঁখি, শ্যামা সখী নিজ কোড়ে করি ॥ গহন বনেতে যাঞা, তমালেরে কোলে লঞা, মনে মানে তোমা কৈল কোর। অতিশয় হরষিতে, গাঢ় আলিঙ্গন রসে, ধনী রহে হইয়া বিভোর ॥ সুনীল বসন পড়ে, নীল মণি হার ধরে, নেহারয়ে কালিন্দীর নীর। এই রূপে অনুক্ষণ, নাহি হয়ে অন্য মন, তিলেক না রহে গৃহে স্থির ॥ সদাই কদম্ব বন্দ, করাইতে নিরীক্ষণ, পুলক ভরয়ে প্রতি অঙ্গে। বদন না তেজে হাত, সঘন অবনী মাথ, অকা-রণে হাসে কত ভঙ্গে ॥ অঙ্গে অতিশয় তাপ, পরশিল নহে তাত, বরণ হইল যেন আন। কেহ লখিবারে নারে,

কৃষ্ণঃ। তদেহি সত্বরমেব প্রেয়সীং প্রেক্ষেবহীতি পরিক্রামতঃ॥
ততঃ প্রবিশতি ললিতয়ানুরাধ্যমানা রাধা।
রাধা। সখেদং সংস্কৃতেন।
প্রত্যূহেন পরাহতা কিমভবদ্দশাস্তুং সখী ন ক্ষমা
তস্যাঃ কিম্বু নিবেদিতে নহি হরি র্বিশ্রম্ভমভ্যাযযৌ।
হা হন্ত প্রতিকূলতাং ময়ি গতঃ কিম্বা বিধির্দারুণো
যদ্দ রাদ্বনমালিকা পরিমলোপ্যদ্যাপি নাসাদ্যতে॥

কি ব্যাধি হইল বোলে, কেবা জানে নিগূঢ় বিধান॥ কি গুণ করিলে তুমি, জানি লাও এবে আমি, তেঞিসে তাঁহার হেন কায। কতেক কহিব আর, যতেক দেখিল তার, ভুকুলে হইয়া গেল লাজ॥ না করে ভোজন পান, নিন্দ গেল অন্যস্থান, না শুনয়ে বচন কাহার। এ যদুনন্দন ভণে, নাজানিয়ে এতক্ষণে, কি জানি হইয়া রহে আর॥
কৃষ্ণ। তবে আইস শীঘ্র গিয়া প্রেয়সীকে দর্শন করি, এই বলিয়া দুই জনে ফিরিয়া চলিলেন॥
অনন্তর ললিতা কর্ত্তৃক আরাধিতা হইয়া শ্রীরাধার প্রবেশ॥
শ্রীরাধা। (খেদের সহিত সংস্কৃত ভাষায়) হয় ত বিশাখা বিঘ্ন দ্বারা পরাহত হইয়াই গমন করিতে পারে নাই, অথবা শ্রীকৃষ্ণের নিকট গমন করিয়া নিবেদন করিয়াছিল কিন্তু তিনি তাহাতে বিশ্বাস করেন নাই, হায়! কিম্বা দারুণ বিধি আমার প্রতি প্রতিকূলই বা হইলেন, নতুবা দূর হইতে অদ্যাপি বনমালার পরিমল প্রাপ্ত হইতেছি না

বিশাখা। পুরোঽনুস্মৃত্য সংস্কৃতেন ॥ ২৩ ॥

নম্রীকৃত্য শিরো মুহু স্তরুবৃতামালোকতে বর্ত্মনী
মুত্থায় ক্ষণমাসনাৎ পুনরহো ভ্রান্ত্বা নিষীদত্যসৌ।
দ্বিত্রাণ্যেত্য পদানি বীক্ষ্য ললিতাং ভূয়ঃ পরাবর্ত্ততে
বর্ত্মনীং পস্থানং ॥ ২৩ ॥

কেন ? ॥

যথা রাগ ॥

কেন নয় মন, সখীর গমন, বিঘ্নিল নহিল তথা। কিম্বা নিবেদন, শুনি হরিমন, বিশ্বাস নহিল কথা॥ হাহা প্রিয়সখি কি করি বিচার আর। ধৈরজ ধরিতে, নাহি পারি চিতে, না হয়ে দুঃখের পার ॥ ধ্রু ॥ কিম্বা প্রতি কুল, দূর বাধি হৈল, আসিতে নারিল হরি। সে বনমালার, অঙ্গ পরিমল, না পাইল নাশা ভরি॥ সে দিঠী চাতুরী, সে মুখ মাধুরী, হাসির হিল্লোল তায়। নয়ানে আরতি বাঢ়িল যে অতি, সদা দেখি বারে যায়॥ বান্ধুলী অধর ঘ্রান পরিমল, কহে সুমধুর বাণী। এ যদুনন্দন, কহে সে বচন, শুনিতে যুড়ায় প্রাণী॥

বিশাখা। (অগ্রে গমন করিয়া সংস্কৃত ভাষায়) ॥ ২৩ ॥

হে কৃষ্ণ! শ্রীরাধার প্রেমের চেষ্টা আর কি বর্ণন করিব, ঐ দেখ অগ্রে নত বদনে বারম্বার বৃক্ষাবৃত মার্গের প্রতি দৃষ্টি পাত করিতেছেন, ভ্রান্তা হইয়া ক্ষণ কাল আসন হইতে উত্থিত হইয়া পুনরায় আবার তাহাতেই উপবেশন করিতেছেন এবং দুই তিন পদ আগমন করিয়া

পশ্যাগ্রে তব সঙ্গমোৎসুকতয়া রাধা পরিক্লাম্যতি ॥ ২৪ ॥

কৃষ্ণঃ। বদনদীপ্তি বিধূত বিধূদয়া
কুমুদধামধুরা মধুরস্মিতা।
নখজিতোড়ুরিয়ং হরিণেক্ষণা
তৃণয়তি ক্ষণদামুখমাধুরীং ॥ ২৫ ॥

রাধিকা। সকাতর্য্যং সংস্কৃতেন।
দৃগ্‌ভঙ্গীনাং কিমুপরিমলৈঃ প্রেয়সীভি র্নিরুদ্ধঃ

বদনস্য দীপ্ত্যা বিধূতো বিনষ্টিতো বিধূদয়ো যয়া। কুমুদ ধামধুরা কুমুদকান্তীনামাশ্রয়ো মধুর স্মিতং যস্যাঃ নখৈরেব জিতা উড়বো যয়া ক্ষণদামুখঃ প্রদোষ স্তস্য মাধুরীং তৃণয়তি তৃণীকরোতি তত্তৎ শোভা রূপাণাং চন্দ্র কুমুদ নক্ষত্রাণাং তিরস্কারাৎ ॥ ২৫ ॥

ললিতাকে নিরীক্ষণ করত পুনর্ব্বার চলিয়া যাইতেছেন, হা কষ্ট! তোমার সঙ্গ বিষয়ে উৎসুক হইয়াই ইনি অতিশয় ক্লিষ্টা হইতেছেন ॥ ২৪ ॥

কৃষ্ণ। আহা! যাঁহার বদনের দীপ্তি অবলোকন করিয়া চন্দ্রোদয়কে ঘৃণা বোধ হয়, যাঁহার মধুর হাস্য কুমুদকান্তি সকলের আশ্রয় স্বরূপ এবং যিনি স্বীয় নখ কান্তি দ্বারা নক্ষত্র গণকে পরাজিত করিতেছেন সেই এই হরিণাক্ষী রাধার আশ্চর্য্য মাধুর্য্য প্রদোষ কালীন মধুরিমাকে তৃণ বৎ করিয়াছে ॥ ২৫ ॥

শ্রীরাধা। (কাতরতার সহিত সংস্কৃত ভাষায়) হায়! প্রেয়সীগণ কি নয়ন ভঙ্গী দ্বারা শ্রীকৃষ্ণকে নিরুদ্ধ করিল,

কিম্বা স্বৈরী ময়ি বিহিতবানুদ্ধতায়ামুপেক্ষাং
হা চান্দ্রীভির্দ্যুতিভিরভিতো গ্রস্যমানেঽপি লোকে
প্রাপ্তো নায়ং যদিহ লতিকামন্দিরে নন্দসূনুঃ ॥

কৃষ্ণঃ। পুরোঽনুসৃত্য অহো সাধীয়ান্ প্রসাদঃ পৌর্ণমাস্যাঃ যদিয়মামোদয়তি কৌমুদী ॥

রাধিকা। চমৎকৃতিমভিনীয় স্বগতং। হুঁ এত্তিঅ ভাঅধেআণং বিভাবণং সংবুত্তো এসো জণো ইতি বৈবশ্যমালম্বতে ॥

৳ এতাবৎ ভাগধেয়ানাং ভাগ্যানাং বিভাবনং সংবৃত্তঃ এষো জনঃ। অহো ধন্যা ইত্যনেন সর্ব্বাভ্যোঽপি অস্যাঃ স্যাৎ প্রেমাতিশয় ইতি কৃষ্ণে বাৎসল্যং ॥

অথবা তিনি স্বেচ্ছাচারী, আমি উদ্ধত হইয়াছি বলিয়াই বা আমার প্রতি উপেক্ষা করিলেন, হায়! এক্ষণে যে চন্দ্র কিরণে লোক সকল পরিপূর্ণ হইল, এ যাবৎ লতা মন্দিরে নন্দনন্দন কে আগমন ত করিলেন না ॥

বিঅ বিম্মাবেদি দুম্মুহী মুরলী ॥

কৃষ্ণঃ। সখে সুবল অদ্য চন্দ্রাবলী
প্রসাদে ত্বয়া মমানুকূলেন ভবিতব্যং ॥

সুবলঃ। অধ ইং।

পদ্মা। হলা পেক্খ এসো বেণু সণ্ণাএ তুমং তুবরাবেদি

পঙ্‌ক্তিঃ। ততঃ আকর্ষণং বংশীকলমুল্লাসয় ॥ ৮॥

সর্ব্বদা শ্রূয়মানাপি অশ্রুতচরীব বিস্মাপয়তি দুর্ম্মুখী মুরলী। সুবল অথ কিং।

পদ্মা হলা পশ্য এষ বেণু সংজ্ঞয়া তাং ত্বরয়তি গোকুলেন্দ্রনন্দনঃ। লঘু

সুবল। তবে আকর্ষণকারি বংশীরব উল্লাস কর।

কৃষ্ণ। বদনে বেণু অর্পণ করিলেন।

চন্দ্রাবলী। (শ্রবণ করিয়া ঘূর্ণার সহিত) ॥ ৮॥

দুর্ম্মুখী মুরলী সর্ব্বদা শ্রুত হইলেও অশ্রুত পূর্ব্বার ন্যায় আমাকে বিস্মিত করিতেছে ॥

কৃষ্ণ। সখে সুবল। অদ্য চন্দ্রাবলীর প্রসন্নতা বিষয়ে তোমাকে আমার সম্বন্ধে অনুকূল হইতে হইবে ॥

সুবল। তাহাই হইবে ॥

পদ্মা। এই দেখ গোকুলেন্দ্রনন্দন বেণুর সঙ্কেতে তোমাকে

গোউলেন্দণন্দণো ॥

চন্দ্রাবলী। বিলোক্য সংস্কৃতেন।

সখি মুরলি বিশালছিদ্রজালেন পূর্ণা
লঘুরতি কঠিনাত্মা গ্রন্থিলা নীরসাসি।
তদপি ভজসি শশ্বচ্চুম্বনানন্দ সান্দ্রং
হরিকর পরিরম্ভং কেন পুণ্যোদয়েন ॥ ৯ ॥

কৃষ্ণঃ। পুরো দৃষ্ট্বা সানন্দং। স্বয়ং মম লোচনেন্দীবর চন্দ্রিকা
চন্দ্রাবলী ইতি সাদরমুপেত্য প্রিয়ে।
চন্দ্রস্তব মুখবিম্বং চন্দ্রা নখরাণি কুণ্ডলে চন্দ্রৌ।

মাধববত্তী ॥ ৯ ॥

ত্বরান্বিত করিতেছেন ॥

চন্দ্রাবলী। (অবলোকন করিয়া সংস্কৃত ভাষায়) সখি মুরলি! তুমি ত ছিদ্র জালে পরিপূর্ণ, লঘু, অতিশয় কঠিন, গ্রন্থিযুক্ত এবং রসহীনা, তথাপি কোন্ পুণ্যের প্রভাবে নিরন্তর হরিকরের আলিঙ্গন ও তদীয় অধর-বিম্বের চুম্বন সুখ প্রাপ্ত হইতেছে? ॥ ৯ ॥

কৃষ্ণ। (অগ্রে দৃষ্টিপাত পূর্ব্বক আনন্দের সহিত) এই যে আমার নয়নেন্দীবরের চন্দ্রিকা স্বরূপ চন্দ্রা[illegible] স্বয়ং আসিয়া উপস্থিত হইলেন।

(এই বলিয়া আদর পূর্ব্বক [illegible])

প্রিয়ে! তোমার মুখমণ্ডল, [illegible] এবং ললাট, এ [illegible] তোমার

নব চন্দ্রস্তু ললাটং সত্যং চন্দ্রাবলী ত্বমসি।

চন্দ্রাবলী। লজ্জতে।

কৃষ্ণঃ। প্রিয়ে দুষ্টদানবদমনাভিনিবেশাৎ ত্বন্মুখচন্দ্রমপ্রে-

ক্ষ্যমাণস্য যা গতা গতা তাস্তু মমাগতযামিন্যঃ ॥ ১০ ॥

চন্দ্রাবলী। সুন্দর নবনব নবাম্বুসারিণী যে ষট্পদী

কথং চিরাসঙ্গনীরসাসু পদ্মিনীষু অভিরমস্ব ॥ ১১ ॥

কৃষ্ণঃ। প্রিয়ে চন্দ্রাবলি! আত্মপদালোকে ত্বং সর্ব্বেষাং নব

গতো যামো। যাং তা যাঃ যামা তথা ভবন্ত্যোপি ন তথা ভবন্তি। গচ্ছন্ত্যাপি যামিন্যঃ দুঃখেন ন গচ্ছন্তীত্যর্থঃ ॥ ১০

চন্দ্রা। সুন্দর তব নবাম্বুসারিণী যে প্রকৃতিঃ ষট্পদিবাসঙ্গিনী রসাসু পদ্মিনীষু অভিরমস্ব ॥ ১১ ॥

প্রতিদিনং ত্বত্তো আলোকে পরিচয়লোকেষু নিত্যনবী বিরহেণ

নাম চন্দ্রাবলী ॥

চন্দ্রাবলী। লজ্জিতা হইলেন।

কৃষ্ণ। প্রিয়ে! দুষ্ট দানব দমন করিতে করিতে রজনী সকল অতিবাহিত হইলেও তোমার বদন চন্দ্র দেখিতে না পাওয়ায় আমার দুঃখের রজনী অতিবাহিত হয় নাই এ যাবৎ অযাত যাম অর্থাৎ নূতন হইয়াই রহিয়াছে ॥১০

চন্দ্রাবলী। সুন্দর! তোমার প্রকৃতি ভ্রমরের ন্যায় নব নবাম্বু-সারিণী, কেন চিরভুক্তা নীরস পদ্মিনী সকলে রমণ করিবে। ১১ ॥

কৃষ্ণ। প্রিয়ে চন্দ্রাবলি! তোমাকে যখন দেখি তখনই তুমি

নবাসি তদদ্য নির্ব্বাপয় বিরহোত্তাপং পরিষঙ্গ রসেন।

পদ্মা। পিঅসহী বিরহেণ কুদো তুঙ্ক তাবুপ্পত্তী।

সুবলঃ। অই মা কৃখু এব্বং ভণ। এসো চন্দাঅলী বিরহেণ সন্তত্তো সীদলাএ জলধারাএ কচ্ছে দেহং নিকৃখিবিঅ সতিণ্হো চওরো বিঅ ণং জ্জেব্ব চন্দাঅলিঅং সব্বদো পচ্ছই বয়স্সো ॥ ১২ ॥

কৃষ্ণঃ। প্রিয়ে শ্রূয়তাং।

বিপিনান্তরে মিলন্তী মধুরসা শীতল স্পর্শা।

কুতস্তব তাপোৎপত্তিঃ।

সুবল মা খলু এবম্ভণ। এষঃ চন্দ্রাবলীবিরহেণ সন্তপ্তঃ শীতলায়া জলধারায়াঃ কচ্ছে নিকটে দেহং নিক্ষিপ্য সতৃষ্ণশ্চকোর ইব এনাং এব চন্দ্রাবলীং সর্ব্বতঃ পশ্যতি বয়স্যঃ ॥ ১২ ॥

পক্ষে মধুরঃ শৃঙ্গারঃ অন্যৎ স্পষ্টং। চন্দ্রা গচ্ছ রাধামেব সেবস্ব। অতিং

নূতন অতএব আইস, আমাকে আলিঙ্গন করিয়া আমার চিরবিরহ সন্তাপ নির্ব্বাপণ কর ॥

পদ্মা। প্রিয়সখীর বিরহে তোমার তাপোৎপত্তি কেন হইল।

সুবল। অয়ি পদ্মে! এ কথা বলিও না, এই বয়স্য চন্দ্রাবলীর বিরহে সন্তপ্ত হইয়া শীতল জল ধারার সমীপে দেহ নিক্ষেপ পূর্ব্বক সতৃষ্ণ চকোরের ন্যায় সর্ব্বতোভাবে এই চন্দ্রাবলীকে নিরীক্ষণ করিয়া থাকেন ॥ ১২ ॥

কৃষ্ণ। প্রিয়ে! শ্রবণ কর।

আমি তোমার বিরহে অত্যন্ত অবসন্ন হইয়াছিলাম,

অমৃতময়ী ত্বদ্বিরহে সমজনি মম তাপনুত্তয়ে রাধা ॥

ইতি সসম্ভ্রমং ধারা ধারা ॥

চন্দ্রাবলী। সাভ্যসূয়ং গচ্ছেহি রাহিঅং জ্জেব্ব সেবেহি।

কৃষ্ণঃ। প্রিয়ে ধারেত্যবদং ॥

চন্দ্রাবলী। জাদং কথং দোণ্ণং বণ্ণাণং বিবরীদত্তণং।

কৃষ্ণঃ। প্রিয়ে দ্বয়োর্ন য়োঃ কর্ণয়োর্বা বিপরীতত্বমিত্যস্মিন্নাস্তি বিচারঃ ॥

চন্দ্রাবলী। রোষারুণং মুখমানময্য। অই দাণসৌণ্ড অলং

কথং দ্বয়োর্বর্ণয়ো বিপরীতত্বং। অস্তি বিচার ইতি। বর্ণয়ো বৈপরীত্যেন ত্বয়া রাধেতি শ্রুতমিত্যর্থঃ ॥

অয়ি দানশৌণ্ড দানবীর অলং এতয়া অবহিত্থয়া অদ্য আত্মনো মনো

অকস্মাৎ বনমধ্যে মধুর রসশালিনী, শীতল স্পর্শা, অমৃতময়ী রাধা মিলিত হইয়া তদ্বিরহ জনিত তাপ সমুদায় হরণ করিয়া লইলেন। (এই বলিয়া সভয়ে ধারা ধারা উচ্চারণ করিতে লাগিলেন) ॥

চন্দ্রাবলী। (কৃষ্ণের মুখে রাধা নাম শ্রবণ করিয়া অসূয়ার সহিত) যাও রাধাকে গিয়াই সেবা কর ॥

কৃষ্ণ। প্রিয়ে! আমি ধারা বলিয়াছি।

চন্দ্রাবলী। কি করিয়া বর্ণদ্বয়ের বৈপরীত্য হইল।

কৃষ্ণ। প্রিয়ে! বর্ণদ্বয়ের হউক বা কর্ণদ্বয়েরই হউক বিপরীত ঘটিয়াছে, ইহাতে কোন বিচার নাই ॥

চন্দ্রাবলী। (ক্রোধে রক্তবর্ণ মুখ অবনত করিয়া) অহে দান-

এদাএ অবহিত্থাএ অজ্জ অপ্পণো মণহারিণো স্বন্ন জুগলস্স বিন্নাসাদো সাহু মাহুরী পূরিদ কণ্ণম্মি কিদা ॥ ১৩ ॥

কৃষ্ণঃ। যথার্থেয়ং বাণী তব চকিতসারঙ্গনয়নে
স্ববর্ণালঙ্কারো মধুরয়তি যস্তে শ্রুতিযুগং।
মুখেন্দোরন্তস্তে বহিরপি সুবর্ণচ্যুতিরিয়ং
মম শ্রোত্রদ্বন্দ্বং নয়নযুগলঞ্চাকুলয়তি ॥ ১৪ ॥

ঙাবিণ সুবং যুগলস্য বিন্যাসাৎ সাধু মাধুরীপূরিতকর্ণাস্মি কৃতা। স্বর্ণযুগলস্য স্বর্ণময় কুণ্ডল যুগলস্য রাধে সুষ্টু বর্ণ যুগলস্যচ আত্মনো মনোহরস্য মাধুরী পরিবর্ত্তিত বিরুদ্ধ লক্ষণয়া ॥ ১৩ ॥

হে চকিত সারঙ্গ নয়নে হে ভীত মৃগনয়নে সুবর্ণালঙ্কার স্তব শ্রুতি যুগলে [illegible]। সুবর্ণচ্যুতিস্তু মামাকুলয়তি। সাতু মুখেন্দো রন্তর্মধ্যাৎ মম শ্রুতি যুগলং। অত্র সুবর্ণ শব্দঃ সোৎকৃষ্টাক্ষরবাচী। মুখেন্দো র্বহিশ্চ গণ্ডদেশাদৌ অত্র সুবর্ণ শব্দঃ সুকান্তি বাচী ॥ ১৪ ॥

বীর! আর অবহিত্থা প্রকাশ করিও না, আজ স্বীয় মনোহারি সুবর্ণ যুগলের বিন্যাস হেতু উৎকৃষ্ট মধুরিমায় আমার কর্ণ পরিপূর্ণ হইয়াছে অর্থাৎ বিরুদ্ধ লক্ষণায় রাধে এই সুন্দর দুইটী বর্ণে আমার কর্ণদ্বয় জ্বলিতেছে ॥ ১৩ ॥

কৃষ্ণ। হে চকিত মৃগনয়নে! সুবর্ণালঙ্কার তোমার কর্ণ যুগলকে যে মাধুর্য্যশালি করিয়াছে একথা সত্য, কেন না ত্বদীয় মুখচন্দ্রের অন্তর এবং বাহির হইতে সুবর্ণ ক্ষরণ হইয়া অর্থাৎ মুখ মধ্য হইতে সুন্দর অক্ষর এবং মুখচন্দ্রের বাহির গণ্ডস্থলাদিতে সুষ্ঠ কান্তি প্রকাশ হইয়া আমার কর্ণ যুগল ও নয়নযুগল আকুল করিতেছে ॥ ১৪ ॥

পদ্মা। হলা অপ্পণো দিট্ঠং সুমরন্তী মা খিজ্জেহি। জুত্তা রাহাণুরত্তস্স ইমস্স রাহাণামমঈ সংকধা।

চন্দ্রাবলী। নিশ্বস্য সহি পউমে এব্বং ণ্ণেদং॥

কৃষ্ণঃ। প্রিয়ে বাঢ়মাশঙ্কনীয়মেবেদং। যতঃ॥ ১৫॥

তস্য ষোড়শ কলস্য ষোড়শী
বল্লভা স্ফুরতি যা নভস্থলে।
রাধয়া সুবদনে কথং তয়া

পদ্মা সখি আত্মনো দিষ্টং স্মরন্তী মা খিদ্যস্ব। যুক্তা রাধানুরক্তস্যাস্য রাধানামময়ী সংকথা। চন্দ্রা নিশ্বস্য সখি পদ্মে এবমেতৎ॥ ১৫॥

ষোড়শকলস্য চন্দ্রস্য ষোড়শী রাধা বিশাখেতি আকাশস্থয়া তয়া সঙ্গতি ভুবিস্থিতস্য মম কথং সংভবেদিত্যাদিনা নৈব একা ময়া জ্ঞায়তে অন্যাকারা অস্তীতি ভাবঃ। চতুঃষষ্টি কলা শালিন স্তে ন খলু সাপি ষোড়শ কলবল্লভা দুর্লভা॥ ১৬॥

পদ্মা। সখি! আপনার অদিষ্ট স্মরণ করিয়া খেদ হইতে ক্ষান্ত হও, রাধানুরক্ত কৃষ্ণের রাধানাম কীর্ত্তন করাই উপযুক্ত॥

চন্দ্রাবলী। (নিশ্বাস পরিত্যাগ করিয়া) সখি পদ্মে! এই প্রকারই বটে।

কৃষ্ণ। প্রিয়ে! নিশ্চয় জানিও কখনই এ তোমার শঙ্কার কারণ নহে। ১৫॥

যে হেতু ষোড়শ কল চন্দ্রের রাধানামে ষোড়শী প্রিয়া আকাশ মণ্ডলে প্রকাশ পাইতেছে, হে সুবদনে! পৃথিবীতে সেই রাধার সহিত কি রূপে আজ আমার সঙ্গতি

সঙ্গতি ভুবি মমাদ্য সংভবেৎ ॥

পদ্মা। চউসট্‌ঠি কলাসালিণো দে ণ কখু সা বি সোলহ কলবল্লহা দুল্লহা ॥ ১৬ ॥

কৃষ্ণঃ। স প্রশ্রয়ং পদ্মামবলোক্য।

চন্দ্রাবলী বদন পুষ্করসঙ্গিগণ্ড
চন্দ্রাবলীকতরতর্ক কলঙ্কিতাঙ্গী।
শঙ্কাকুলোঽত্র কলয়ন্ কমলায়তাক্ষ
শঙ্কাকু লোল হৃদয়ঃ প্রবিশামি নাহং ॥

চন্দ্রাবলী। সব্যাজ প্রসাদং ॥ ১৭ ॥

চন্দ্রাবলী বদনমেব পুষ্করমাকাশং তৎ সঙ্গিনৌ গণ্ড চন্দ্রো কলয়ন্ পশ্যন্ শং কল্যাণং ন প্রবিশামি ন উপালভে। কীদৃশৌ অলীক তর্কেণ কলঙ্কিত মঙ্গং যয়োঃ অহং কীদৃশঃ অত্র শঙ্কাকুলঃ পুনঃ কীদৃশঃ কাকুলোল হৃদয়ঃ কাকা লোলং হৃদয়ং যস্য সঃ ॥ ১৭ ॥

হইবে ॥

পদ্মা। চতুঃষষ্টি কলাশালি তোমার সম্বন্ধে ষোড়শ কল (চন্দ্র) বল্লভাও দুর্ল্লভা নহেন ॥ ১৬ ॥

কৃষ্ণ। (প্রণয়ের সহিত পদ্মাকে অবলোকন করিয়া) হে বিকসিত পদ্মনেত্রে পদ্মে। চন্দ্রাবলীর বদনাকাশে উদিত অলীক তর্কে কলঙ্কিত গণ্ডরূপ চন্দ্রদ্বয়কে অবলোকন করিয়া শঙ্কাকুল ও কাকুবচনে চঞ্চল হৃদয় হইয়াছি কোন ক্রমেই কল্যাণ লাভ করিতে পারিতেছি না ॥ ১৭

দেঅ ণং কৃখু গোউল জণ জীঅণভূদস্স দে সর্ব্ব সুহ আরিদা গুণং কা হদ বুদ্ধিআ ণ সহদি তা ণিপ্ফলেণ সঙ্কোএণ মা সাদঙ্কো হোহি॥

কৃষ্ণঃ। স্বগতং। গরিষ্ঠামপি মন্যুমুদ্রাং ধীরেয়ং মুখ মাধুর্য্যেণ নিহ্নুতে। প্রকাশং। প্রিয়ে কৃতমনেন গৌরব বিখোদ্গারেণ রোষোক্তি মাধ্বীকমেব বরং বরিষ্ঠং॥ ১৮॥

চন্দ্রাবলী। গোউলানন্দ তুজ্ঝ পুরদো মুহং দংসিদুং ন পহ-

দেব নূনং খলু গোকুল জন জীবন ভূতস্য তব সর্ব্ব সুখকারিতা গুণং কা হতবুদ্ধি র্ন সহতে। তন্নিষ্ফলেন সঙ্কুচেন মা সাতঙ্কো ভব॥ ১৮॥

চন্দ্রা গোকুলানন্দ তব পুরতঃ মুখং দর্শয়িতুং ন প্রভবামি যৎ প্রগল্ভং

চন্দ্রাবলী। (কপট প্রসন্নতার সহিত) হে দেব। তুমি গোকুল বাসি জন সকলের জীবন স্বরূপ, তোমার সর্ব্ব সুখ কারিতা গুণ কোন্ হত বুদ্ধি স্ত্রী সহ্য না করিয়া থাকে, অতএব বিফল সঙ্কোচে শঙ্কান্বিত হইও না॥

কৃষ্ণ। (মনে মনে) এই চন্দ্রাবলী ধীরা, সুতরাং মুখ মাধুর্য্য দ্বারা গুরুতর ক্রোধ মুদ্রাকেও গোপন করিতেছে॥

(প্রকাশ করিয়া) প্রিয়ে। আর আদর রূপ বিষোদ্গারের প্রয়োজন নাই, বরং ইহা অপেক্ষা আমার প্রতি ক্রোধোক্তিই মধুরতর॥ ১৮॥

চন্দ্রাবলী। গোকুলানন্দ। অনেক বাচালতা করিয়াছি বলিয়া অপরাধী হইয়াছি, সুতরাং আর তোমাকে মুখ

বামি জং পগব্ভং বাহবন্তী অবরুদ্ধহ্মি তা ঘরং গমিস্সং ॥

কৃষ্ণঃ। সানুনয়ং। প্রিয়ে প্রসীদ প্রসীদ বদ্ধোঽয়মঞ্জলিঃ।

চন্দ্রাবলী। সুহঅ উজ্জুঅং বাহরন্তীং কীস মং অলিঅং সঙ্কসি তা অণুজাণেহি মং ভদ্দআলী দংসণস্স ইতি পদ্ময়া সহ নিষ্ক্রান্তা ॥

কৃষ্ণঃ। সখে মহানুভাবামেতাং মচ্চিত্ত মহাকাশ চন্দ্রাবলীং চন্দ্রাবলীমপি বলীয় স্তমঃকন্দলীভিরবস্কন্দিতামালোক্য নিরালোকোঽহস্মি ॥ ১৯ ॥

ব্যাহতবক্ত্রা অপরাধাস্মি তস্মাৎ গৃহং গমিষ্যামি। সুষ্ঠু ঋজুং ব্যাহরন্তীং কথমস্মাং অলীকং শঙ্কসি। তস্মাদনুজানীহি অনুজ্ঞাপয় ভদ্রকালী দর্শনায়। তমঃ কন্দলী বাহু সমূহঃ ॥ ১৯ ॥

দেখাইতে পারিতেছি না, অতএব আমি গৃহে চলিলাম ॥

কৃষ্ণ। (বিনয়ের সহিত) প্রিয়ে! এই অঞ্জলি বন্ধন করিতেছি, আমার প্রতি প্রসন্ন হও, প্রসন্ন হও ॥

চন্দ্রাবলী। সুন্দর! আমিত সরল কথাই বলিয়াছি, তবে কেন আমার প্রতি অলীক আশঙ্কা করিতেছ, অতএব ভদ্রকালী দর্শনে আমাকে অনুমতি প্রদান কর, এই বলিয়া পদ্মার সহিত গমন করিলেন ॥

কৃষ্ণ। সখে! চন্দ্রশ্রেণী সদৃশী চন্দ্রাবলীকে ক্রোধময় রাহু সমূহে আচ্ছাদন করায় আমার চিত্তাকাশে আর তিনি লক্ষিত হইতেছেন না একারণ আমি চক্ষুতে অন্ধকার দেখিতেছি ॥ ১৯ ॥

সুবলঃ। পিঅবঅস্স কিত্তি এবং ভণাসি সা কৃখু অদক্খিণা ণ দিট্ঠা॥

কৃষ্ণঃ। সখে-বাঢ়ং দুরূহা মহীয়সীনাং প্রকৃতিঃ। তদিদানীং।

ন্যবিশত নয়নান্তে কাপি সারল্য নিষ্ঠা।
বচসিচ বিনয়েন স্তোত্রভঙ্গী ন্যবাৎসীৎ।
অজনিচ ময়ি ভূয়ান্ সম্ভ্রমস্তেন তস্যা
ব্যবৃণুত হৃদি মন্যুং সুষ্ঠু দাক্ষিণ্যমেব।
তদেহি মনোহারিণি তস্মিন্ কেশরকুঞ্জে নিবিশ্য চন্দ্রাবলী

সুবলঃ প্রিয়বয়স্য কিমিতি এবং ভণাসি সা খলু অদক্ষিণা ন দৃষ্টা।

সুবল। প্রিয়বয়স্য! এমন কথা বলিতেছ কেন? আমিত তাঁহার অদাক্ষিণ্য ভাব দেখি নাই, তোমার প্রতি অনুকূলই ত দৃষ্ট হইয়াছে॥

কৃষ্ণ। সখে! মহদ্দিগের স্বভাব অতিশয় দুর্জ্ঞেয়। অতএব বলি শ্রবণ কর।

চন্দ্রবলীর নয়ন প্রান্তে কোন সারল্যভাব প্রবেশ করিয়াছে, তাঁহার বিনয় দ্বারা বাক্য সকলে স্তোত্র ভঙ্গী বাস করিছে এবং আমাতে তাঁহার গুরুতর সম্ভ্রম অর্থাৎ ভয় জনিত ত্বরা উৎপন্ন হইয়াছে, অতএব হে সখে! এই সকল কারণে তাঁহার যে সুষ্ঠ দাক্ষিণ্য ভাব দেখা যাইতেছে তদ্দারাই তাঁহার হৃদয়ে ক্রোধভাব অনুভব হইতেছে।

তবে আইস সেই মনোহর কেশর কুঞ্জে প্রবেশ করিয়া চন্দ্রাবলীর সঙ্গম বিষয়ক উপায় অবলম্বন করি। এই

সঙ্গমোপায়মঙ্গীকরোমি। ইতি পরিক্রম্য। সখে সেয়ং
বকুলাবলী মঞ্জুলা নিকুঞ্জবীথিঃ ॥

পশ্য পশ্য।

স্ফুরতি সরো দক্ষিণতঃ সব্যে বাপী সমন্ততঃ কুল্যা।

ইতি কেশরাটবীয়ং প্রমদং নীরাধিকা কুরুতে ॥

সুবলঃ। স্বগতং। লদ্ধো মএ ওসরো। প্রকাশং। বঅস্স স
ব্বা রাহিআ জ্জেব্ব তুহ পমদং কুণই। কিন্তি নীরাহিঅ
ত্তি ভণাসি ॥

কেশরাটবী কীদৃশী নীরাধিকা নীরেণ অধিকা। লব্ধো ময়া অবসরঃ। অর্থান্তরাশ্রয়ণা শব্দ স্মারণেন রাধিকামিদানীং স্মারয়িষ্যামি ইতি ভাবঃ। বয়স্য সা রাধিকা এব তব প্রমোদং করোতি কিমিতি নীরাধিকে ইতি ভণসি।

বলিয়া প্রদক্ষিণ করত) সখে! দেখ দেখ, সেই এই বকুল শ্রেণী সুশোভিত নিকুঞ্জ বীথি।

আহা! ইহার দক্ষিণ দিকে সরোবর, বামদিকে দীর্ঘিকা এবং সকল দিকেই জলপ্রণালী শোভা প্রকাশ করিতেছে, অতএব হে সখে! এই নীরাধিকা অর্থাৎ জলময়ী কেশরাটবী আমার আনন্দাতিশয় বিস্তার করিতে লাগিল ॥

সুবল। (মনে মনে) যাহা উক, আমি অবকাশ পাইলাম অর্থাৎ 'নীরাধিকা' এই শব্দের অন্যার্থ কল্পনা করিয়া ইহাঁকে রাধা নাম স্মরণ করাই (এই বলিয়া প্রকাশ পূর্ব্বক) বয়স্য! সেই রাধিকাই তোমার প্রমোদ বিস্তার করিয়া থাকেন, তবে কেন নীরাধিকা অর্থাৎ রাধিকা ব্যতিরেকে এ কথা বলিতেছ? ॥

কৃষ্ণঃ। সুবলমালিঙ্গ্য সখে সত্যং ব্রবীসি। তদদ্য রাধিকা যথেমাং কেশর নিকুঞ্জ লক্ষ্মীমলঙ্করোতি তথা মদ্গিরা সন্দিশ্যতাং ললিতা।

সুবলঃ। জং আণবেদি পিঅবস্‌স ইতি নিষ্ক্রান্তঃ॥ ২০॥

ততঃ প্রবিশতি পদ্মা মধুমঙ্গলশ্চ।

মধুমঙ্গলঃ। পউমে সুদং মএ অজ্জ বঅস্‌সেণ

চাডুআরিণা অণুণীদা বি চন্দাঅলী ণ পসন্না।

পদ্মা। অধ ইং।

সুবলঃ যদাজ্ঞাপয়তি প্রিয়বয়স্য ইতি॥ ২০॥

মধু পদ্মে শ্রুতং ময়াদ্য বয়স্যেন চাটুকারিণা অনুনীতাপি চন্দ্রাবলী ন প্রসন্না। পদ্মা অথ কিং।

কৃষ্ণ। (সুবলকে আলিঙ্গন করিয়া) সখে! সত্য বলিতেছ। তবে এখনি আমার কথানুসারে ললিতাকে আদেশ কর যে, যাহাতে শ্রীরাধা আগমন করিয়া কেশরকুঞ্জ অলঙ্কৃত করেন॥

সুবল। যে আজ্ঞা প্রিয়বয়স্য! (এই বলিয়া প্রস্থান)॥ ২০

(অনন্তর পদ্মা ও মধুমঙ্গলের প্রবেশ)

মধুমঙ্গল। পদ্মে! আমি শুনিয়াছি আজ প্রিয়বয়স্য বহু বহু চাটু বাক্য দ্বারা চন্দ্রাবলীকে অনেক অনুনয় করিয়াছেন, তথাপি চন্দ্রাবলী প্রসন্না হন্ নাই॥

পদ্মা। হাঁ সত্য বটে।

মধুমঙ্গলঃ। ণূণং বঅস্সো বিসণ্ণং বট্টই তা জুত্তা দোণং সঙ্গমে অহ্মাণং সহআরিদা।

পদ্মা। অজ্জ অদো জ্জেব্ব তুমং মএ অণু সরিদোহসি ॥ ২১ ॥

মধুমঙ্গলঃ। পুরো দৃষ্ট্বা পউমে পেক্খ এসো পিঅবঅস্স ছপ্পদমেত্ত সহাও কেশর কুড়ুঙ্গে কিম্পি মন্তেদি।

পদ্মা। অজ্জ লদা জালেহিং অন্তরিদা ভবিঅ সুণহ্ম কিং এসো ভণাতি। ইতি তথা স্থিতৌ ॥ ২২ ॥

মধু নূনং বয়স্যো বিষণ্ণঃ বর্ত্ততে। তদ্যুক্তা দ্বয়োঃ সঙ্গমে হস্মাকং সহকারিতা। পদ্মা আর্য্য অতএব ত্বং ময়া অনুস্মৃতোসি ॥ ২১ ॥

পদ্মে পশ্য পশ্য। এষ প্রিয়বয়স্যঃ ষট্পদ মাত্র সহায়ঃ কেশর কুঞ্জে কিমপি মন্ত্রয়তে। পদ্মা আর্য্য লতাজালৈ রন্তরিতো ভূত্বা শৃণুঃ কিমেষ ভণতি ॥ ২২ ॥

মধুমঙ্গল। বোধ করি বয়স্যও আজ বিষণ্ণ হইয়া রহিয়াছেন, অতএব ঐ দুই জনের সঙ্গম বিষয়ে আমাদের সহকারিতা করা উপযুক্ত ॥

পদ্মা। আর্য্য! এই নিমিত্তই আমি তোমার নিকট আসিয়াছি ॥ ২১ ॥

মধুমঙ্গল। (অগ্রে দৃষ্টিপাত করিয়া) পদ্মে! এই দেখ প্রিয় বয়স্য ভ্রমর মাত্র সহায় করিয়া কেশরকুঞ্জে কি মন্ত্রণা করিতেছেন ॥

পদ্মা। আর্য্য! লতাজালে লুকায়িত হইয়া ইনি কি বলিতেছেন শুনিব। (এই বলিয়া দুইজনে তদ্রূপ অবস্থিত হইলেন) ॥ ২২ ॥

কৃষ্ণঃ। রাধাং স্মরন্ সোৎকণ্ঠং।

প্রসরতি যদ্ভ্রূচাপে শ্লথজ্যমকরোৎ
স্মরো ধনুঃ পৌষ্পং। মধুরিম মণি
মঞ্জুসা ভূষায়ৈ মে প্রিয়া সাহস্তু॥

মধুমঙ্গলঃ। পউমে এসো উক্কণ্ঠাএ তুজ্ঝ পিঅসহীং চেঅ বণ্ণেদি। তা এহি তুরিঅং গদুঅ ণং সমাণেহ্ম॥

যস্যা ভ্রূচাপে প্রসরতি সতি পৌষ্পং ধনুঃ শ্লথজ্য মকরোৎ শ্লথা জ্যাযত্র তথা ভূতং। এতদ্ভ্রুবো রগ্রে মম সম্মোন ধনুষা কিং কার্য্যমিত্যর্থঃ। মধুরিম্নাং মণীনাং মঞ্জুষা পেটিকা। সা প্রিয়েতি রাধিকেতি.কৃষ্ণহৃদয়ং। চন্দ্রাবলীতি পদ্মা মধু মঙ্গলয়োঃ। মধু পদ্মে এষ উৎকণ্ঠয়া তব সখীমেব বর্ণয়তি। তদেহি ত্বরিতং গত্বা এনাং সমানয়াবঃ।

কৃষ্ণ। (শ্রীরাধাকে স্মরণ করিয়া উৎকণ্ঠার সহিত) আহা! যাঁহার ভ্রূধনু বিস্তার হইলে কন্দর্প আপনার পুষ্পধনুর গুণ শিথিল করিয়া থাকেন, অর্থাৎ প্রিয়ার বিস্তৃত ভ্রূধনু অবলোকন করিয়া কন্দর্প জগন্মোহন নিমিত্ত বাণ নিক্ষেপ বৃথা বোধ করিয়া আর আপনার পুষ্পধনুতে জ্যারোপণ করেণ না, সেই মাধুর্য্য শালি মণিসমূহের পেটিকা স্বরূপ প্রিয়া আমার ভুসণের নিমিত্ত হউন॥

মধুমঙ্গল। পদ্মে! ইনি উৎকণ্ঠা সহকারে তোমার প্রিয় সখীকেই বর্ণন করিতেছেন, তবে আইস শীঘ্র গিয়া চন্দ্রাবলীকে আনয়ন করি॥

পদ্মা। অজ্জ সুট্ঠু ণিট্ঠঙ্কিদং সুণহ্ম জং বহুবল্লহো এসো ॥২৩

কৃষ্ণঃ। পুনঃ সৌৎসুক্যং ॥

সা মুখসুষমা নির্জিত রাকাচন্দ্রাবলী লসন্মধ্যা।

ইত্যর্দ্ধোক্তে ॥ ২৪ ॥

মধুমঙ্গলঃ। পউমে অলং ইমাদো পরেণ সুদেণ তুণ্ণং গচ্ছেহ্ম ॥

পদ্মা আর্য্যা সুষ্ঠু নিষ্টঙ্কিতং শৃণুবঃ বহুবল্লভ এষঃ ॥ ২৩ ॥

সা মুখস্য সুষমা পরম শোভা নির্জিত রাকা চন্দ্রা নিঃশেষেণ জিতো রাকায়াঃ পৌর্ণমাস্যা শ্চন্দ্রো যয়া বলীভির্লসন্মধ্যং যস্যাঃ রাধিকামধিকৃত্য কৃষ্ণস্য বর্ণন মিদং এতাভ্যামন্যথা জ্ঞাতং। সা চন্দ্রাবলী কীদৃশী মুখ সুষমা নির্জিতা রাকা ॥ ২৪ ॥

মধু পদ্মে অলমিতঃ পরেণ শ্রুতেন তূর্ণং গচ্ছাবঃ। পদ্মা যুক্তং কথয়সি।

পদ্মা। আর্য্য ! আগে নিশ্চয় রূপে শুনা যাউক, ইনি কাহার নিমিত্ত উৎকণ্ঠিত হইয়াছেন, যেহেতু ইনি বহুবল্লভ ॥ ২৩

কৃষ্ণ। (পুনরায় উৎকণ্ঠার সহিত) আহা ! যিনি স্বীয় মুখ মাধুর্য্য দ্বারা পূর্ণচন্দ্রকেও ঘৃণা বোধ করাইতেছেন এবং যাঁহার মধ্যদেশ ত্রিবলীরেখায় সুশোভিত ॥

তাৎপর্য্য। শ্রীকৃষ্ণ শ্রীরাধাকে উপলক্ষ করিয়া বর্ণন করিলেন, কিন্তু পদ্মা ও মধুমঙ্গলের বোধ হইল শ্রীকৃষ্ণ চন্দ্রাবলীকে বর্ণন করিতেছেন, তাহার অর্থান্তর এইযে, আহা ! চন্দ্রাবলীর কি আশ্চর্য্য মুখশোভা যদ্দ্বারা রাকা অর্থাৎ পূর্ণিমার শোভা তিরস্কৃত হইতেছে ॥

এই অর্দ্ধোক্তিতে ॥ ২৪ ॥

মধুমঙ্গল। পদ্মে ! ইহার পর আর শ্রবণের প্রয়োজন নাই,

পদ্মা। জুত্তং কধেসি ইত্যুভৌ জবেন দূরং পরিক্রামতঃ।

কৃষ্ণঃ। মুহু রাধাস্মৃতি রাধা মতুরসি রসিকা কিমাত্মানং ॥২৫

পদ্মা। অজ্জ এব্বং ভণামি মাণিণীএ পিঅসহীএ সঅং সমা-

অমেণ লাহবং হোদি তা পরাবট্টীঅ কহ্নং বেণ্ণবেহি ॥

মধুমঙ্গলঃ। সোহণং মন্তেসি। ইতি কৃষ্ণান্তিকমাসাদ্য

পিঅবঅস্স পচ্ছন্নেণ ভবিঅ সব্বং দে আআণ্ণিদং মএ

চন্দ্রাবলীতি নাম গৃহীত্বা বর্ণয়তি কোহত্র সন্দেহ ইতি ভাবঃ। যস্যা সুখ সুষমা তথা ভূতা বর্ণিত লক্ষণা সা রাধা মতুরসি কিং আত্মানং ধাস্যতি ইদ মুত্তরার্দ্ধং দূরগমনেন এতাভ্যাং ন শ্রুতং ॥ ২৫ ॥

পদ্মা আর্য্য এবং ভণামি। মানিন্যাঃ প্রিয়সখ্যাঃ স্বয়ং সমাগমনেন লাঘবং ভবতি তৎপরাবর্ত্ত্য কৃষ্ণং বিজ্ঞাপয়। মধু শোভনং মন্ত্রয়সি। প্রিয়বয়স্য

শীঘ্র আমরা গমন করি ॥

পদ্মা। ভাল বলিয়াছ। (এই বলিয়া দুই জনে কতক দূর গমন করিলে)।

কৃষ্ণ। সেই রসিকা শ্রীরাধা পুনরায় কি আমার বক্ষে স্বীয় শরীর সংস্থাপন করিবেন! ॥ ২৫ ॥

পদ্মা! আর্য্য! এই বলি, আমার প্রিয়সখী মানিনী, তাঁহার স্বয়ং আসা উপযুক্ত নয়, তাহাতে তাঁহার লঘুতা প্রকাশ হইবে অতএব ফিরিয়া গিয়া কৃষ্ণকে জানান যাউক ॥

মধুমঙ্গল। ভাল মন্ত্রণা করিয়াছ। (এই বলিয়া কৃষ্ণের নিকট গমন পূর্ব্বক) প্রিয়বয়স্য! আমি প্রচ্ছন্ন ভাবে থাকিয়া তোমার উৎকণ্ঠা বাক্য শুনিয়াছি, অতএব অনু-

উক্কণ্ঠা বঅণং তা আণবেহি তং জ্জেব্ব তুজ্ঝ বল্লহং তুরিঅং সমাণেমি ।

কৃষ্ণঃ । সশ্লাঘমালিঙ্গ্য সখে মদনুগ্রহেণ শীঘ্রমানয় ॥

মধুমঙ্গলঃ । পরিক্রম্য পদ্ময়া সহ নিষ্ক্রান্তঃ ।

কৃষ্ণঃ । অহো পরমোৎকটানাং প্রেম্নামুৎকণ্ঠাকারিত্বং ।

ভ্রমরেপি গুঞ্জতি নিকুঞ্জকোটরে

মনুতে মনস্তু মণিনূপুরধ্বনিং ।

অনিলেন চঞ্চতি তৃণাঞ্চলেপি

তাং পুরতঃ প্রিয়ামুপগতাং বিশঙ্কতে ।

পচ্ছন্নেন ভূত্বা সর্ব্বং তে আকর্ণিতংময়া উৎকণ্ঠা বচনং তদাজ্ঞাপয় তামেব তব বল্লভাং ত্বরিতং সমানয়ামি । তামেব বল্লভাং রাধামিত্যবগম্য কৃষ্ণ আহ সখে ইতি ।

মতি কর, শীঘ্র তোমার সেই বল্লভা শ্রীরাধাকে আনয়ন করি ॥

কৃষ্ণ । (প্রশংসার সহিত আলিঙ্গন করিয়া) সখে ! আমার প্রতি অনুগ্রহ করিয়া শীঘ্র তাঁহাকে আনয়ন কর ॥

মধুমঙ্গল । (প্রতি নিবর্ত্ত হইয়া) পদ্মার সহিত গমন করিলেন ।

কৃষ্ণ । অহো ! পরম উৎকট প্রেমের কি উৎকণ্ঠাকরিতা ! কি আশ্চর্য্য ! নিকুঞ্জ কুটীরে ভ্রমর গুঞ্জন রব করিলে মনে লয় যেন প্রিয়ার নূপুর ধ্বনি হইতেছে এবং বায়ু প্রবাহে তৃণাগ্র বিচলিত হইলে অন্তঃকরণে আশঙ্কা হয় যেন প্রিয়া অগ্রে আসিয়া উপস্থিত হইলেন ॥

ততঃ প্রবিশতি পদ্মা মধুমঙ্গলাভ্যাং সঙ্গতা চন্দ্রাবলী।

চন্দ্রাবলী। হলা পউমে কিং এসো বউলকুড়ঙ্গো দীসই॥

পদ্মা। অধ ইং। তা তূর্ণং এহি ইতি পরিক্রামন্তি॥

কৃষ্ণঃ। নূপুর ধ্বনিমাকর্ণ্য হন্ত ভূরিশো ভ্রমিতোঽস্মি ভ্রমরী ঝঙ্কারৈ স্তদলং বৃথা প্রত্যুদ্গম সংভ্রমেণ ইত্যুদ্বেগং নাটয়ন্।

পুরঃ ফলায়ামাশায়াং জনঃ কাম্যং বিদূয়তে।

চন্দ্রা সখি এষ বকুল কুঞ্জো দৃশ্যতে।

পদ্মা অথ কিং। তত্তূর্ণমেহীতি। পুরো অগ্রে নিকটমেব ফলং যস্যা স্তথা ভূতায়ামাশায়াং সত্যাং।

(অনন্তর পদ্মা ও মধুমঙ্গলের সহিত মিলিত হইয়া চন্দ্রাবলীর প্রবেশ)

চন্দ্রাবলী। সখি পদ্মে! অগ্রে কি এই বকুল কুঞ্জ দেখা যাইতেছে॥

পদ্মা। তাইত বটে, তবে শীঘ্র আইস। এই বলিয়া যাইতে লাগিলেম॥

কৃষ্ণ। (নূপুর ধ্বনি শ্রবণ করিয়া) হায়! ভ্রমরীর ধ্বনি সমূহে আমি অনেকবার ঘূর্ণিত হইলাম, আর অভ্যর্থনা সম্ভ্রমের প্রয়োজন নাই। (এই বলিয়া উদ্বেগ প্রকাশ করত)।

চাতক আসন্ন মেঘ দেখিয়া যেমন দ্বিগুণতর শব্দ করে তাহার ন্যায় সম্মুখে আশা ফল উপস্থিত হইলে লোকে

আসন্নেহি ঘনারম্ভে দ্বিগুণং রৌতি চাতকঃ।

পুনরুৎকর্ণো ভবন্ কথমভ্যর্ণে ভূষণসিঞ্জিতং শ্রূয়তে ইতি উদ্গ্রীবিকাং দত্ত্বা সসম্ভ্রমং। সত্যমসৌ মিলিতা মে প্রেয়সীতি ত্বরসা চন্দ্রাবলীপার্শ্বমাগত্য। হৃদ্ভৃঙ্গ জঙ্গম লতা মঙ্গলভারাধিকা ময়োন্মুদিতা। ইত্যর্দ্ধোক্তে॥

চন্দ্রাবলী। সের্ষং মধুমঙ্গলমালোকতে।

মধুমঙ্গলঃ। সহি চন্দাঅলি মঙ্গল ভারেণ অধিআসি ত্তি পিঅবঅস্সো তুমং বণ্ণেদি।

মঙ্গলাভা কান্তির্যস্যাঃ সা রাধিকা উৎকর্ষেণাধিক্যেন মুদিতা আনন্দিতা। ময়া উপলক্ষ্যেত্যাদিকমুক্তবাদ্ধিং বর্ণয়িতবাস্তেন যাবন্মনসি ভাবিতমাস্তে তাব- চ্চন্দ্রাবলী মঙ্গল ভারেণ অধিকাসি ইতি প্রিয়বয়স্য স্বাং বর্ণয়তি।

আগ্রহাতিশয় প্রকাশ করিয়া থাকে।

(পুনরায় কর্ণ ঊর্দ্ধদিকে করিয়া) একি! সম্মুখেই যে আবার ভূষণের শব্দ শুনিতেছি (এই বলিয়া গ্রীবা উন্নত করত সম্ভ্রমের সহিত) সত্যই ত আমার প্রেয়সী আসিয়া উপস্থিত হইলেন। (এই বলিয়া শীঘ্র চন্দ্রাবলীর পার্শ্বে গমন করতঃ) অহে হৃদয় ভৃঙ্গ! গতিশক্তিশালিনী মঙ্গলাভা রাধা লতা আমা কর্তৃক আনন্দিতা হইয়াছেন, (এই অর্দ্ধ বাক্য উক্ত হইলে)

চন্দ্রাবলী। (ঈর্ষার সহিত) মধুমঙ্গলের প্রতি দৃষ্টিপাত করিতে লাগিলেন॥

মধুমঙ্গল। সখি চন্দ্রাবলি! তুমি মঙ্গল ভারে অধিকা হই- য়াছ, প্রিয়বয়স্য তোমাকে ইহাই বলিয়া বর্ণন করিলেন।

কৃষ্ণঃ। সবৈলক্ষ্যমাত্মগতং। হন্ত কথমনেন চন্দ্রাবলিরে-
বাভিসারিতা। ভবতু বটুনোক্তমেব নির্ব্বাহয়ামি।
প্রকাশং।
সুহৃদনুরাগবিতন্ত্রা চন্দ্রাবলিরঞ্জসালম্ভি।
চন্দ্রাবলী। সলজ্জং কৃষ্ণকণ্ঠে বৈজয়ন্তীং বিন্যস্যতি ॥ ২৬ ॥

সবৈলক্ষ্যং সবিস্ময়ং ॥ ২৬ ॥

তাৎপর্য্য। পূর্ব্ব বাক্যে শ্রীকৃষ্ণ চন্দ্রাবলীর নিকট মঙ্গলভা রাধা আসিয়া মিলিত হইলেন এই কথা বলায় চন্দ্রাবলী রাধা নাম শ্রবণে ঈর্ষা পূর্ণ হইয়া মধুমঙ্গলের প্রতি দৃষ্টিপাত করিলেন, ইহাতে এই ভাব প্রকাশ হইল, অহে বটু! আমাকে কি বিপদেই ফেলিলা, শ্রীকৃষ্ণ রাধা-নুরক্ত, এমত স্থলে আমার আসা উপযুক্ত নহে, ইহাতে বটু কৃষ্ণোক্ত মঙ্গলভা রাধা এই শব্দের অন্যার্থ কল্পনা করিয়া কহিলেন সখি! তুমি কৃষ্ণোক্তিতে বিপরীত বুদ্ধি করিও না, তোমাকেই মঙ্গলভারা অর্থাৎ মঙ্গল প্রচুরা ও সর্ব্বাপেক্ষা অধিকা বলিয়াই প্রশংসা করিলেন ॥

কৃষ্ণ। (বিস্ময়ান্বিত হইয়া মনে মনে) হায় একি! এ যে চন্দ্রাবলীকে অভিসার করিয়া লইয়া আসিল। যাহা হউক, বটুর বাক্যই এখন স্থাপন করি (এই বলিয়া প্রকাশ পূর্ব্বক) বন্ধুজনানুরাগিণী চন্দ্রাবলীকে অনায়াসেই প্রাপ্ত হইলাম ॥

চন্দ্রাবলী। সলজ্জে কৃষ্ণকণ্ঠে বৈজয়ন্তী অর্থাৎ পঞ্চ বর্ণ পুষ্প নির্ম্মিত জানু পর্য্যন্ত লম্বিতমালা অর্পণ করিলেন ॥ ২৬ ॥

কৃষ্ণঃ। সানন্দং।

একং প্রযাতি পরিচর্য্য চকোররাজী
চন্দ্রাং প্রিয়ে নিজমনোরথ পূরপূর্ত্তিং।
চন্দ্রাবলী কিমু মমাক্ষি চকোরয়ো স্থং
প্রীতিং দ্বয়োরপি নধাস্যসি সেব্যমানা॥ ২৭॥

মধুমঙ্গলঃ। সগর্ব্বং। ভো বঅস্‌স দিট্‌ঠা তুএ মজ্ঝ বিলক্‌খণা বিঅক্‌খণদা জো কৃখু অণন্ত গুণসালিণা বি

চকোররাজী একং চন্দ্রং পরিচর্য্য মনোরথ পূরাণাং পূর্ত্তিং প্রযাতি প্রপ্নোতি। ত্বন্তু চন্দ্রাবলী চন্দ্রশ্রেণী মমাক্ষি চকরৌ দ্বাবেব অনন্তয়োঃ প্রীতিং কথং ন ধাস্যসি অত্র নাশ্চর্য্যমিতি ভাবঃ॥ ২৭॥

মধু ভো বয়স্য দৃষ্টা মম বিলক্ষণা বিচক্ষণতা। যঃ খলু অনন্ত গুণশালিনাপি ত্বয়া মোচয়িতুং ন পারিতঃ প্রিয়সখ্যা মান গ্রন্থি নর্চ গুণধারিণা ময়া

কৃষ্ণ। (আনন্দের সহিত) প্রিয়ে! চকোর সমূহ এক মাত্র চন্দ্রকে আরাধনা করিয়া স্বীয় স্বীয় অভিলাষ পূর্ণ করিয়া থাকে, কিন্তু আমার চক্ষু রূপ চকোর দ্বয় বহু চন্দ্রময়ী তোমাকে সেবা করিতেছে, তথাপি তুমি তাহাদিগের প্রীতি বিধান করিতে পারিলা না, অর্থাৎ তাহারা তোমাকে যতই দেখিতেছে ততই তাহাদের আকাঙ্ক্ষা বৃদ্ধি হইতেছে। ২৭॥

মধুমঙ্গল। (গর্ব্বের সহিত) অহে বয়স্য। তুমি আমার বিলক্ষণ বিচক্ষণতা অর্থাৎ পাণ্ডিত্য দেখিলা ত?। তুমি অনন্তগুণশালি হইয়া যে প্রিয়সখীর মান গ্রন্থি মোচন

তুএ মো আইদুং ণ পারিদো। সোপিঅসহীএ মাণগণ্ঠী ণঅ গুণধারিণা মএ মোআবিদো।

কৃষ্ণঃ। বয়স্য ত্বমুদ্দণ্ড কুসুমকোদণ্ড বিলাস ষাড়্গুণ্যে মহা-সান্ধি বিগ্রহিকোঽসি ॥ ২৮ ॥

পদ্মা। অজ্জ পুরো প্রফুল্লাইং পপ্ফুরন্তি তা এহি ইমাইং গেহ্ণ ইত্যুভৌ নিষ্ক্রান্তৌ ॥

মোচিতঃ। সন্ধির্না বিগ্রহো যানমাসনং দ্বৈধমাশ্রয় ইতি ষড়্গুণাঃ। ষড়্গুণা এব ষাড়্গুণাঃ চাতুর্বর্ণ্যাদিত্বাৎ ষ্যঞ্। ষাড়্গুণ্যে ষড় গুণেষু মধ্যে সন্ধিবিগ্রহয়ো নিযুক্তঃ সান্ধিবিগ্রহিকঃ স চাসৌ মহাংশ্চেতি তথা ভবতা সন্ধিঃ কথং ত্রুষ্করো ভবতীতি ভাবঃ ॥ ২৮ ॥

তয়োর্বিলাসৌৎসুক্যমনবধায্য মধুমঙ্গলং বিপ্রকর্ষয়ন্ত্যো পদ্মায়া ছলেন স্বয়ঞ্চ নিযুক্তাকে অজ্জ পুরো ইতি। আর্য্য পুরঃ প্রফুল্লানি মল্লিপুষ্পাণি প্রস্ফুরন্তি তদেহি ইমানি গৃহাণ ইতি ॥ ২৯ ॥

করিতে পার নাই, আমি নবগুণ অর্থাৎ যজ্ঞসূত্র ধারণ করিয়া তাহা মোচন করিলাম ॥

কৃষ্ণ। বয়স্য! তুমি উদ্দণ্ড কুসুমধনু কন্দর্পের বিলাস ষড়্‌গুণের অর্থাৎ সন্ধি, বিগ্রহ, যান, আসন, দ্বৈধ ও আশ্রয় রূপ ষড়্গুণের মধ্যে কেবল সন্ধি বিগ্রহতেই নিযুক্ত ॥ ২৮ ॥

পদ্মা। আর্য্য! অগ্রে মল্লিকা পুষ্প সকল বিকসিত হইয়া শোভা পাইতেছে, অতএব আইস ঐ গুলি গিয়া উত্তোলন করি। (এই বলিয়া দুই জনে চলিয়া গেলেন)

কৃষ্ণঃ। স্বগতং। কুঞ্জেঽস্মিন্নাগতমাত্রাং রাধাং তর্কয়ামি তদন্যতঃ প্রস্থাস্যে। প্রকাশং। প্রিয়ে পুরস্তান্নাতিদূরে নাগররঙ্গোচিতা নাগকেশরবাটবী তদত্রৈবানুসরাব ইতি নিষ্ক্রান্তৌ ॥ ২৯ ॥

ততঃ প্রবিশতি ললিতয়া সহ সং কথয়ন্তী রাধা।

রাধা। হলা পেক্খ পেক্খ অন্ধকারে হিং ঘোণিদং সর্ব্ব দিশা মুহং।

ললিতা। পিঅসহি তিমিরাহিসারোচিদেহিং সামল পসাহণেহিং মণ্ডিদো কিং কৃখু তুএ অপ্পা।

রাধি সখি অন্ধকারৈর্ঘোরিতং সর্ব্ব দিঙ্মুখং। ললিতা প্রিয়সখি তিমিরাভিসারোচিতৈঃ শ্যামল প্রসাধনৈর্মণ্ডিত স্ত্বয়া কিং খলু আত্মা।

কৃষ্ণ। (মনে মনে) বোধ হয়, এই কুঞ্জে শ্রীরাধা আগত প্রায় হইয়াছেন, তবে আমি অন্যত্র গমন করি। (প্রকাশ পূর্ব্বক) প্রিয়ে! কিঞ্চিদ্দূর অগ্রে নাগকেশর বন তথায় নাগর দিগের বিলাস সুসিদ্ধ হইয়া থাকে অতএব এস্থল হইতে তথায় গমন করি। (এই বলিয়া উভয়ের প্রস্থান) ॥ ২৯ ॥

(অনন্তর ললিতার সহিত কথা কহিতে কহিতে শ্রীরাধার প্রবেশ)

শ্রীরাধা। সখি! দেখ দেখ, সকল দিকেই ঘোর অন্ধকার।

ললিতা। প্রিয়সখি! অন্ধকারাভিসারের উপযুক্ত শ্যাম বর্ণ ভূষণ দ্বারা আপনার শরীর ত ভূষিত করিয়াছ?।

রাধিকা। অথ ইং।

ললিতা। বিলোক্য সস্মিতং সংস্কৃতেন।

ধম্মিল্লো পরিনীলরত্ন রচিতোহারস্ত্বয়ারোপিতো
বিন্যস্তঃ কুচকুম্ভয়োঃ কুবলয়শ্রেণীকৃতো গর্ভকঃ।
অঙ্গে কল্পিতমঞ্জনং বিনিহিতা কস্তুরিকা নেত্রয়োঃ

রাধি অথ কিং। ধাম্মিল্লো পরীতি কুচকুম্ভয়োরুচিত ইত্যর্থঃ। অঙ্গে ইতি

শ্রীরাধা। হাঁ তাহাই করিয়াছি।

ললিতা। (অবলোকন করিয়া সহাস্যে সংস্কৃত ভাষায়)

এই স্থলে অভিসারিকা *

সখি! এ কি? নীলরত্ন বিরচিত হার যাহা কুচকুম্ভের উপরি অর্পণ করা উপযুক্ত তাহা যে তুমি ধম্মিল্লে অর্থাৎ খোঁপায় ধারণ করিয়াছ, এবং গর্ভক হার যাহা ধম্মিলে দেওয়া উচিত তাহা যে স্তন মণ্ডলে পরিধান করিয়াছ, অপর লোচনের অঞ্জন অঙ্গে ও অঙ্গের কস্তুরী নেত্রে

* যে নায়িকা কান্তকে অভিসার করায় অথবা স্বয়ং অভিসার করে, তাহাকে অভিসারিকা কহা যায়। কিন্তু ঐ অভিসারিকা জ্যোৎস্না এবং অন্ধকার গমন যোগ্য বেশ দ্বারা জ্যোৎস্নী ও তামসী ভেদে দুই প্রকার হয়, অর্থাৎ শুক্লপক্ষে শুভ্র বর্ণ পরিচ্ছদ ধারণ পূর্ব্বক গমনকারিণীকে জ্যোৎস্নাভিসারিকা আর কৃষ্ণ পক্ষে কৃষ্ণবর্ণ বসন ভূষণ পরিধান পূর্ব্বক গমনকারিণীকে তমোহভিসারিকা বলিয়া নির্দ্দেশ করা যায়। যৎকালীন অভিসারিকার কান্ত সমীপে গমন হয়, তখন লজ্জা বশত স্বীয় অঙ্গ দ্বারা অঙ্গ গোপন, ভূষণ সকলের নিঃশব্দ ও অবগুণ্ঠন করিয়া একটী মাত্র সখী সঙ্গে থাকে ॥

কংসারেরভিসারসংভ্রমভরাত্মনো জগদ্বিস্মৃতং ॥ ৩০ ॥

রাধিকা। হলা মুঞ্চেহি পরিহাসং। তুরিদং উদ্দেসেহি কেসর কুড়ঙ্গ মগ্গং।

ললিতা। ইদো ইদো পিঅসহী ইতি পরিক্রামন্তী সশঙ্কং সংস্কৃতেন।

নেত্রয়ো রুচিত ইত্যর্থঃ। নেত্রযোরিতি অঙ্গে উচিতা ইত্যর্থঃ॥ ৩০॥

রাধিকা। সখি মুঞ্চেহি পরিহাসং ত্বরিতমুদ্দিশ কেশরকুঞ্জমার্গং।

ললিতা। ইতঃ ইতঃ।

প্রদান করিয়াছ, হায়! কংসারির অভিসার সম্ভ্রমাতিশয়ে তুমি যে জগদ্বিস্মৃত হইয়া গেলে॥ ৩০ ॥

যথা রাগ ॥

কেশের বরণ, ভ্রমর গঞ্জন, সহজে তিমির যেন। তাহে নীলমণি, রতন গাঁথনী হার রচিয়াছ কেন॥ সখি হে হরি অভিসার কাযে। জানিল সকল, ভুবন ভুলল, তেজিয়া ধরম লাজে॥ ধ্রু॥ নয়ান অঞ্জন, শরীরে রঞ্জন, কুস্তুরী রচিলা আঁখি। উলটা বসন, চরণে কঙ্কণ, করেতে মঞ্জীর দেখি॥ দেখ কুবলয়, দোলয়ে হৃদয়, উলটা অকল সাজে। এ যদু নন্দন, কহয়ে এমন, অতি হরিষের কাজে॥ ৩০ ॥

শ্রীরাধা। সখি! পরিহাস ত্যাগ কর, শীঘ্র কেশরকুঞ্জের পথ উপদেশ দাও॥

ললিতা। প্রিয়সখি! এই দিকে এই দিকে (এই বলিয়া

তিমিরমসিভিসম্বীতাঙ্গ্যঃ কদম্ববনান্তরে
সখি মধুরিপুং পুণ্যাত্মানঃ স্মরন্ত্যভিসারিকাঃ।
তবতু পরিতো বিদ্যুদ্বর্ণা স্তনদ্যুতি সূচয়ো
হরি হরি ঘনধ্বান্তান্যেতাঃ স্ববৈরিণি ভিন্দতে॥

রাধিকা। অলং ইমিণা উবালম্ভেণ পেক্খ পচ্চাসণ্ণো বউল কুড়ঙ্গো। ইতি সংভ্রমাদুপসৃত্য সপরামর্ষং সংস্কৃতেন।

প্রিয়সখীতি তিমিরমিব মসিলেপন যোগ্যং দলিতাঞ্জনং তে সম্বীতাঙ্গ্যঃ সরন্তি ব্রজন্তি তবতু বৈপরীত্যমিত্যাহ। তনুদ্যুতয় এব সূচয়ঃ ঘন ধ্বান্তাঃ ভিন্দন্তে স্ফুটয়ন্তি তেন তনুদ্যুতীনাং নীলাম্বর বৃতত্বেঽপি তন্তুপ্রান্ত সূক্ষ্মরন্ধ্রেভ্যো নির্গচ্ছন্তীনামপ্যত্যোজ্জ্বলং ধ্বান্তানামপি সূচিবেধ যোগ্যত্বেনাতিগাঢ়ত্বং হে স্ববৈরিণি স্বস্যাত্মনো বৈরিণী স্বয়মেব ত্বং। এতাস্তু ন তথা ইতি কাকুস্তত্যা সর্ব্বতোঽবিলক্ষণং সৌন্দর্য্যং বর্ণিতমিতি॥ ৩১॥

প্রদক্ষিণ পূর্ব্বক সভয়ে সংস্কৃত ভাষায়)। হে সখি! তিমির নীলিমায় অঙ্গ আবরণ করিয়া যে সকল অভিসারিকা গোপনারী কদম্বকাননে মধুরিপুর নিকট গমন করে তাহারাই অতিশয় পুণ্যবতী। হরি হরি তুমি আপনিই আপনার বৈরিণী হইলা, দেখ তোমার বিদ্যুৎবর্ণ স্তন দ্যুতিরূপ সূচি সকল গাঢ় তিমিরকে ভেদ করিয়া দিতেছে, তবে তুমি কি রূপে গমন করিবা।

শ্রীরাধা। আর এই তিরস্কার বাক্যের প্রয়োজন নাই, দেখ বকুল কুঞ্জ নিকটবর্ত্তী হইল। (এই বলিয়া সত্বরে গমন করত বিতর্কের সহিত সংস্কৃত ভাষায়) সখি। কই দুষ্

বিদূরাম্ম ঘ্রাণং মদয়তি মুরারেঃ পরিমলো
ন কুঞ্জোহয়ং তস্য স্ফুরতি নখরদ্যোতনিকরৈঃ।
ততঃ শঙ্কে কস্মিন্নপি রহসি বল্লীবলয়িতে
পরীহাসাকাঙ্ক্ষী প্রিয়সখী নিলীনস্তব সখা ॥ ৩১ ॥

ললিতা। হলা এহি বামদো কলম্ব কুঞ্জং বিইণুহ্ম ॥

রাধিকা। তথা কুর্ব্বতী। অই ছল্ল দিট্ঠোহসি কীস অঙ্গেহিং অঙ্গাইং সঙ্গোবেসি ইতি সমন্তাদ্মৃগ্যতি ॥

ললিতা সখি এহি বামতঃ কদম্বকুঞ্জং বিচিন্মঃ রাধিকা অয়ি ছইল্ল বিদগ্ধ দৃষ্টোহসি দৃষ্টোহসি কস্মাৎ অঙ্গৈরঙ্গানি সংগোপয়সি।

হইতে ত মুরারির অঙ্গ পরিমল নাসাকে পরিতৃপ্ত করিতে-ছেনা এবং কুঞ্জকেও ত তাঁহার নখ নিকরের দ্যুতিদ্বারা সুশোভিত দেখিতেছি না, অতএব অনুমান হয়, তোমার প্রিয়সখা পরিহাস অভিলাষ করিয়া কোন নির্জ্জন লতা জালে লুকায়িত হইয়া থাকিবেন ॥ ৩১ ॥

ললিতা। সখি! আইস বামদিকস্থ কদম্ব কুঞ্জে অন্বেষণ করিগা ॥

শ্রীরাধা। (কদম্ব কুঞ্জে প্রবেশ পূর্ব্বক অন্বেষণ করত অনু-রাগে বন সমূহকে কৃষ্ণময় দেখিয়া কহিলেন)

অহে বিদগ্ধ নাগর! তোমাকে দেখিয়াছি দেখিয়াছি, তবে কেন আর অঙ্গ দ্বারা অঙ্গ গোপন করিতেছ। এই বলিতে বলিতে সমস্ত বন অন্বেষণ করিতে লাগি-লেন ॥

ললিতা। সহি মুঞ্চ মগ্‌গণগ্‌গহং এহি কেলিকুঞ্জকপ্পণং কুণহ্ম॥

রাধিকা। সংস্কৃতেন।

রচয় বকুলপুষ্পৈ স্তোরণং কেলিকুঞ্জে

কুরু সরসরবিন্দৈ স্তল্পমিন্দীবরাক্ষি।

উপনয় শয়নান্তং সাধু মাধ্বীকপাত্রং

সহচরি হরিরদ্য শ্লাঘতাং কৌশলং তে॥

ললিতা। সখি মুঞ্চমার্গণাগ্রহং। কেলিকুঞ্জকল্পনং কুর্ম্মঃ।

ললিতা। সখি অন্বেষণ বিষয়ে আগ্রহ পরিত্যাগ কর, আইস আমরা ক্রীড়াকুঞ্জ রচনা করিগা॥

শ্রীরাধা। (সংস্কৃত ভাষায়)

এই স্থানে বাসক সজ্জা ভাব উপস্থিত *

হে নীলোৎপল নয়নে! তুমি বকুল পুষ্প দ্বারা ক্রীড়াকুঞ্জের বহির্দ্বার রচনা কর, কমল দ্বারা উৎকৃষ্ট শয্যা প্রস্তুত করিয়া রাখ এবং শয্যার প্রান্তদেশে মধুপাত্র সকল আনয়ন করিয়া সংস্থাপন কর, হে সহচরি! আজ হরি যেন তোমার শিল্প কৌশল দেখিয়া প্রশংসা করেন?॥

---

* যে স্ত্রী ভর্ত্তার আগমন নিশ্চয় জানিয়া অঙ্গের ভূষা ও রতি গৃহের সজ্জা করত দ্বারের প্রতি দৃষ্টিপাত করিয়া থাকে, তাহাকে বাসক সজ্জা বলে। এই বাসকসজ্জিকা নায়িকার স্মর ক্রীড়া সংকল্প, কান্ত পথ নিরীক্ষণ, সখীসহ বিনোদ বার্ত্তা এবং মুহুর্মুহুঃ দূতীর প্রতি অবলোকন ইত্যাদি বিবিধ প্রকার চেষ্টা॥

ললিতা। তথা কৃত্বা হলা গোকুল কল্লো বিলম্বেদি। তা কুঞ্জং পরিঅণং পড়িবালেহ্ম॥ ৩২॥

ললিতা। সখি কৃষ্ণো বিলম্বতে। তৎ কুঞ্জং প্রবিশ্য এবং প্রতিপালয়াবঃ প্রতীক্ষাবহি ইতি॥ ৩২॥

বিভগড়া রাগ॥

বকুল কুসুম, তুলিয়া সুশম, কুঞ্জের বাহিরে ধনি। নবীন কমল, অতি পরিমল, রাখহ চৌদিকে ধরি॥ কি ফল চন্দন, হৃদয়ে লেপন, হিয়ার পরশ সাধে। কি কাজ ভূষণ, নূপুর কঙ্কন, কিঙ্কিনী করয়ে নাদে॥ সে তনু পরসে, অধিক হরিষে, পুলক ভরয়ে জানি। এ লাগি পরাণ, চমকে সঘন, কহিতে রোধয়ে বাণী॥ এ নব মোহন, ভ্রমরা গুঞ্জন, এ নব কোকিলা গান। হরি কোরে সব, রজনী বঞ্চিব, অমৃতে করিয়া স্নান॥ কি লাগি বিলম্ব, করয়ে মাধব, না জানি কি আজি হয়। এ যতুনন্দন, দাস তহি ভণ, দেখিতে লাগয়ে ভয়॥

ললিতা। (আদেশানুজায়ি কার্য্য করিয়া) সখি! দেখ কৃষ্ণ বিলম্ব করিতেছেন, তবে আইস কুঞ্জে প্রবেশ করিয়া শয্যা রক্ষা করিগা॥ ৩২॥

এই স্থলে উৎকণ্ঠিতা নায়িকা। *

নিরপরাধ প্রিয়তম বহুক্ষণ যাবৎ সমাগত না হইলে বিরহ বশতঃ যে নায়িকা অত্যর্থ উৎসুক চিত্ত হয় রসজ্ঞেরা তাহাকে উৎকণ্ঠিতা কহেন; ইহাতে হৃত্তাপ, গাত্র কম্পন, কারণের প্রতি বিতর্ক, অস্বাস্থ্য, বাষ্প মোচন এবং আপনার অবস্থাদি কথন এই সমস্ত উৎকণ্ঠিতা নায়িকার চেষ্টা।

রাধিকা। পরিক্রমোদ্বেগং নাটয়ন্তী সংস্কৃতেন॥

কৃষ্ণঃ কাপি সখীহিতার্থ পরয়া শঙ্কে হরিঃ পদ্ময়া
প্রাপ্তঃ কুঞ্জগৃহং যদেষ ন তমীযামে প্যতিক্রামতি।
পৌলোমীরতিবন্ধু দিঙ্মুখমসৌ হা হন্ত সন্তর্পয়
ন্মুন্মীলত্যভিসারলুব্ধ রমণীগোত্রস্য শত্রুঃ শশী॥

তমীযামেপ্যতি ক্রামতীতি তেন বৈশাখ পৌর্ণমাস্যা অনন্তরা চতুর্থীরিয়মিতি গম্যতে। পৌলোমী শচী তস্যা রতিবন্ধুরিন্দ্রস্তস্যাদিশঃ পূর্ব্বস্যা মুখং সম্যক্ প্রকারেণ তর্পয়ন্ স্বদর্শন স্বকর লালনাদিভিরিতি ভাবঃ। স্বয়মিন্দ্রনায়িকাং পূর্ব্বাং দিশমভিসরতি অথচ অন্যাসামভিসারিকানাং শত্রুরিত্যাশ্চর্য্যং॥ ৩৩॥

শ্রীরাধা। (প্রদক্ষিণ পূর্ব্বক উদ্বেগ অভিনয় করিয়া সংস্কৃত ভাষায়)

এই স্থলে বিপ্রলব্ধা। *

সখি! বোধ হয়, সখীহিতৈষিণী পদ্মা কৃষ্ণকে কোন স্থানে রুদ্ধ করিয়া রাখিয়াছে, তাহা না হইলে, এখনওত তিনি এই অন্ধকারময় প্রথম যামে কুঞ্জে আসিলেন না, হায়! অভিসার লুব্ধা রমণীগণের পরম শত্রু শশী পূর্ব্ব দিকের মুখ উজ্জ্বল করিয়া উদিত হইতে লাগিলেন॥

গুজ্জরী রাগ॥

নবীন কেশর কুঞ্জ, ঝঙ্কার ভ্রমর পুঞ্জ, পরিমলে ভুবন

* সঙ্কেত করিয়া যদি প্রাণনাথ অনাগত হন, তাহা হইলে যে নায়িকার অন্তর অতিশয় ব্যথাকুল হয়, পণ্ডিতগণ তাহাকেই বিপ্রলব্ধা কহেন। ইহাতে নির্ব্বেদ, চিন্তা, খেদ, অশ্রু, মূর্চ্ছা ও নিশ্বাস ত্যাগ ইত্যাদি বিপ্রলব্ধা নায়িকার চেষ্টা॥

ভরিল। শেফালিকা পুষ্প যত, খসিয়া পড়িল কত, তভু কৃষ্ণ এথা না আইল॥ সখি হে বঞ্চনা করিল মোরে হরি। কোন সখীহিতগণ, ভুরু পাশে সুবন্ধন, করিয়া রাখিল কৃষ্ণকরি॥ ধ্রু॥ কেন আইনু এত দূর, লঙ্ঘিয়া আপন কুল, ধিক্ জিউ কুলের কামিনী। কেনে বানাইনু বেশ, কুসুমে রচিয়া কেশ, কেন কৈনু ভূষণ সাজনি॥ সন্দেশ পাইয়া সার, না গণিলাঙ নারাৎসার, ভাল মন্দ বিচার হৃদয়। এ ঘোর রজনীকালে, বিষধর গণ খেলে, তাহারে ঠেলিয়া আইল পায়॥ মনোরথ কত শত, করিয়া আইল যত, সকলি হইল মোর আন। বিধি বৈরী হইল মোরে,মিলিতে না দিল তারে, ধিক্ রহু বিধির বিধান॥ কৃষ্ণের অসঙ্গ দেখি, ত্যাগ কৈল নিদ্রা সখি, এত দোষ গুণগণ মিতে। রজনী চলিয়া গেল, আশা মোর না তেজিল, ঘুরে মন তাহারে মিলিতে॥ ক্ষীণ হইল সব দেহ, ভাবিতে নবীন নেহ, অনুরাগ তভু না ছাড়য়। অতেব জানিল কাজ, কি আর করিলে লাজ, শুন সখি মনে যেই লয়॥ সাজহ কুসুম শেয, তাহাতে আনল ভেজ, হরণ করহ মলয়জে। কৃষ্ণ নাম মন্ত্ররাজ, পড়হ পাবন কাজ, দেহ দিব সে অনল মাঝে॥ যাতে কৃষ্ণ গুণ গান, কি জানি করিছে প্রাণ, করিব যমুনা পরবেশ। দাস যত্নুনন্দন, কহে ধৈর্য্য কর মন, মিলাইব শ্যাম নাগরেশ॥

ইত্যুভে নিষ্ক্রান্তে ॥ ৩৩ ॥

ততঃ প্রবিশতি কৃষ্ণঃ।

কৃষ্ণঃ। সমন্তাদালোক্য ॥

আসঙ্গঃ কুমুদা করেষু শিথিলো ভৃঙ্গাবলী নামভূ
দ্বীক্ষ্যন্তে নিজকোটরাঙ্কিতমমী ক্ষৌণীরুহং কৌশিকাঃ।
সঙ্কোচোন্মুখতাং প্রযাতি শনকৈরৌত্তানপাদে দ্যুতিঃ
কিং ভানুর্ন্নু পূর্ব্ব পর্ব্বত তটীমারোঢুমুৎকণ্ঠতে ॥ ৩৪ ॥

ইতি পরিক্রম্য।

ন জানে নবীন বিপ্রলম্ভেন সংভৃত নির্ভর সংরম্ভা কিং

কৌশিকা পেচকা ঔত্তানপাদে ধ্রুবস্য নক্ষত্রাকারস্য ॥ ৩৪ ॥

ন বিনা বিপ্রলম্ভেন প্রথম বিয়োগেন সম্ভৃত সংরম্ভ নির্ভর সংরম্ভা ধৃতা-

---

এই বলিয়া উভয়ের প্রস্থান ॥ ৩৩ ॥

অনন্তর কৃষ্ণের প্রবেশ ॥

কৃষ্ণ। (চতুর্দ্দিক্ অবলোকন করতঃ)

ভ্রমর নিকরের কুমুদ বনের প্রতি ক্রমশঃ আশক্তি শিথিল দেখিতেছি, পেচকগণ স্ব স্ব কোটরান্বিত বৃক্ষ সকল নিরীক্ষণ করিতেছে এবং অল্পে অল্পে ধ্রুব নক্ষত্রের জ্যোতিঃ প্রকাশ হীন হইতেছে; তবে কি ভানু পূর্ব্ব পর্ব্বত তটে অধিরোহণ করিতে উৎকণ্ঠিত হইতে-ছেন ? ॥ ৩৪ ॥

(প্রত্যাবর্ত্তন করিয়া)

হায়! জানিতে পারিলাম না, নবীন বিচ্ছেদে অতি-

নাম প্রতিপৎস্যতেঽদ্য রাধা। বিমৃশ্য ভবতু কেশরেণ নাগ কেশরং প্রতিপাদয়িষ্যে তদমূনি নাগকেশরাণি বিচুন-য়ামীতি তথা কৃত্বা পুরোঽনুসর্পন্।

কপটী সো লতাকুটীমিমাং সখি নাগাদধুনাপি মাধবঃ।
ইতি জল্পপরীতয়া তয়া ক্রমদীর্ঘা গমিতা কথং ক্ষপা॥
পরিক্রম্য বকুলকুঞ্জং পশ্যন্ সবিসাদং॥ ৩৫॥
তাম্বূলং ঘনসার সংস্কৃতমদঃ ক্ষিপ্তং পুরো রাধয়া

ত্তিশয় কোপা॥ ৩৫॥

ঘনসারেণ কর্পূরেণ সংস্কৃতং হারী মনোহারী হরিণ্মণিভি স্তবকিতো গুচ্ছী

শয় কোপবতী হইয়া শ্রীরাধা আজ কি করিবেন। (বিতর্ক করিয়া) যাহা হউক অদ্য প্রিয়াকে কেশরের সহিত নাগকেশর পুষ্প প্রদান করিব, তবে গিয়া এই পুষ্পগুলি চয়ন করি। (এই বলিয়া নাগকেশর পুষ্প চয়ন করত অগ্রে গমন করিতে করিতে) সখি! মাধব অত্যন্ত কপটাশালী, এ যাবৎ কৈ তিনি ত আগমন করিলেন না, এই কথা বলিয়া শ্রীরাধা দুঃখ জনিত দীর্ঘতমা রজনী কি রূপে যাপন করিলেন॥

(অনন্তর প্রত্যাবর্ত্তন পূর্ব্বক বকুল কুঞ্জ দেখিতে দেখিতে বিষাদের সহিত)॥ ৩৫॥

এই যে শ্রীরাধা কর্পূর রস সংস্কৃত তাম্বূল ভূমিতে নিক্ষেপ করিয়াছেন, পরে কতক দূর অগ্রে গিয়া দেখেন নীলকান্তিমণি গুচ্ছহার ভূতলে পড়িয়া রহিয়াছে, তাহার

হারী হন্ত হরিমণি স্তবকিতো হারো হয়ম্মুৎসারিতঃ।
পৌষ্পী চেয়মুলার সৌরভময়ী চূড়া নখৈঃ খণ্ডিতা
তস্যাঃ শংসতি বিপ্রলম্ভ জনিতং কুঞ্জো হয়মন্তঃ ক্লমং ।৩৬
ইত্যগ্রতো গত্বা ইয়মেব রাধায়াঃ সূর্য্যারাধনবেদিকা তদস্যা
পার্শ্বমাসাদয়ামীতি পরিক্রামতি ততঃ প্রবিশতি সখীভ্যা
মনুগম্যমানা রাধা পুরো বিলোক্য হলা ললিদে পেক্খ
বেইআ ণিদিট্ঠে সো তুজ্ঝ ছইল্লো ॥
ললিতা। কঞ্চণ পড়িমেব্ব কঠোরা হোহি।

ছায়া। কুঞ্জ ইতি একাদশ বাক্যং বিশিষ্ট ইত্যর্থঃ ॥৩৬ ॥
রাধিকা। সখি ললিতে পশ্য বেদিকা নেদিষ্ঠে স তব বিদগ্ধঃ।
ললিতা। সখি কাঞ্চনপ্রতিমেব কঠোরা ভব।

কিঞ্চিদ্দূরে গিয়া দেখিতে পাইলেন, মনোহর সৌরভ ময় পুষ্প নির্ম্মিত চূড়া নখ দ্বারা ছিন্ন ভিন্ন হইয়া পড়িয়া রহিয়াছে, যাহা হউক এই সকল দ্বারা এই বকুল কুঞ্জ প্রিয়তমার অন্তর্বেদনা প্রকাশ করিতেছে ॥ ৩৬ ॥

(আর কতক দূর গিয়া) এইত শ্রীরাধার সূর্য্য পূজার বেদি, তবে ইহার পার্শ্বে গিয়া উপবেশন করি (এই বলিয়া প্রত্যাবর্ত্তন করিলেন)॥

(অনন্তর ললিতা ও বিশাখার সহিত শ্রীরাধার প্রবেশ)

শ্রীরাধা। (অগ্রে অবলোকন করিয়া) সখি ললিতে! ঐ দেখ বেদীর নিকটে তোমার সেই বিদগ্ধ নাগর।

ললিতা। সখি। কাঞ্চন প্রতিমার ন্যায় কঠোরা হও॥

কৃষ্ণঃ। পুরস্তাদেষা স পরিবারা প্রিয়া তদিদমুটঙ্কয়ামীত্যুপসৃত্য ললিতে সাধু সাধু দৃষ্টং তব গরিষ্ঠমন্ত্র দুর্মন্ত্র তন্ত্রচর্য্যায়ামাচার্য্যকং যদদ্য ভবতা কেশরনিকুঞ্জ বেদ্যামহ মুজ্জাগর ব্রতদীক্ষাং পরিগ্রাহিতোঽস্মি।

ললিতা। সসংরম্ভং সংস্কৃতেন। অহো বৈপরীত্যং বৈপরীত্যং।
কেশর নিকুঞ্জ কুহরে কুহক বসন্তী সখী ত্বয়া রহিতে।
শ্রিত নব পল্লবতল্পা ত্রুটিমপি কল্পাধিকাং মেনে ॥ ৩৭ ॥

কৃষ্ণঃ। কপটেনাটোপং নাটয়ন্। অহো দম্ভ ভরারম্ভেষু

দুষ্টা মন্ত্রা যেষু এবং ভূতং যত্তন্ত্রং তস্য চর্য্যায়াং আচার্য্যকং আচার্য্যত্বং উপদেশাতিকর্ত্তা ত্বমিত্যর্থঃ মনোজ্ঞাদিত্বাদ্বুঞ্ ॥ ৩৭ ॥

আটোপমিতি প্রতিভাং অরতিং খেদং ॥ ৩৮ ॥

কৃষ্ণ। অহো! সম্মুখে যে পরিবারবর্গের সহিত প্রিয়তমা। (তবে আমি ইহাই প্রকাশ করি এই বলিয়া নিকটে গমন করত) ললিতে। ভাল ভাল তোমার দুষ্ট মন্ত্রণা ময় তন্ত্রাচারণে গুরুতর আচার্য্যত্ব দেখিলাম, যে হেতু আজ তুমি আমাকে কেশর কুঞ্জ বেদিকায় জাগরণ ব্রতে দীক্ষিত করিয়াছ॥

ললিতা। (ক্রোধের সহিত সংস্কৃত ভাষায়) হায়! কি বিপরীত, অহে কুহক! সখী যে তোমা বিরহিত কেশর কুঞ্জে অবস্থিত হইয়া নব পল্লব শয্যায় শয়ন করত, ত্রুটি মাত্র কালকেও কল্পাধিক করিয়া মানিয়াছেন ॥ ৩৭ ॥

কৃষ্ণ। (কপট সহকারে অহঙ্কার প্রকাশ পূর্ব্বক) অহো!

গাম্ভীর্য্যমস্যাঃ। ইতি নাগকেশরাণ্যুদ্ঘাট্য দর্শয়ন্।
অরতিং মম নিশি পশ্যন্ ক্লাম্যন্নাগকেশরোপ্যসকৃৎ।
বিগলন্মধুভিঃ কুসুমৈরেভির্নেত্রৈরিবোদস্রৈঃ ॥ ৩৮ ॥

ললিতা। অম্মহে ধুত্তত্তণং জং বউল বাইণা কেশরেণ দাণিং নাগকেশরো বিকুখাবীঅদি।

কৃষ্ণঃ। সব্যাজ নির্ব্বেদং। ললিতে বিশ্রাম্যতু ভবেয়ং

ললিতা অহে: ধূর্ত্তত্বং যদ্বকুল বাচিনা কেশরেণ ইদানীং নাগকেশরো বিখ্যাপ্যতে। সঙ্কেতস্থ কেশরকুঞ্জে সচ কেশর শব্দো বকুলবাচী। অথ কেশরে বকুল ইত্যভিধান সিদ্ধেঃ। নাগকেশরেতু প্রসিদ্ধাভাবাদিতি ললিতাভিপ্রায়ঃ। শব্দার্থস্তু চেতি চাম্পেয়ঃ কেশরো নাগকেশরঃ কাঞ্চনাহ্বয় ইত্যভিধানেন স্বরূপ বৈরূপ্যাভাবেনৈব বৃত্তে তথা ভীমো ভীমসেন সত্যা সত্যভামা ইতি স্তায়ো কেশর শব্দস্যার্থো নাগকেশর এব তৎ কুঞ্জ এব মমাভিপ্রেতঃ ভবত্যাতু বকুল কুঞ্জ ইত্যন্যথার্থ কল্পনেন মদ্বঞ্চনং প্রতারণমেব ক্রিয়তে ত্বেনৈব ত্বং খ্যাতাসীত্যর্থঃ। তেন বিত্তশ্চঞ্চলাবিতি চঞ্চল প্রত্যয়ঃ ॥ ৩৯ ॥

ইহার দম্ভাতিশয় কার্য্যে কি গাম্ভীর্য্য। (এই বলিয়া উদ্ঘাটন পূর্ব্বক নাগকেশর পুষ্পগুলি দেখাইয়া) হায়। নিশি জাগরণে আমার ক্লেশাতিশয় দেখিয়া নাগকেশরও নিরন্তর মধু ক্ষরণ শীল কুসুম রূপ নয়ন সমূহ দ্বারা অশ্রুমোচন করিতে করিতে অত্যন্ত ক্লিষ্ট হইয়াছে ॥ ৩৮ ॥

ললিতা। অহো! তোমার আশ্চর্য্য ধূর্ত্ততা, বকুল বাচি কেশর পুষ্পে নাগকেশর বলিয়া ব্যাখ্যা করিতেছ। ॥

কৃষ্ণ। (ছল পূর্ব্বক আপনার প্রতি অবজ্ঞা প্রকাশ করিয়া)

শব্দার্থস্যান্যথা কল্পনেন বচন চঞ্চুতা ॥ ৩৯ ॥

অথবা কস্তে দোষঃ। দৃষ্টদোষাভিরপি গৌরাঙ্গীভিঃ সৌহার্দ্দমভিলসন্ত্যা ময়ৈবাপরাদ্ধং।

বিশাখা। কো ক্‌খু গৌরাঙ্গীণাং দিট্‌ঠো তুএ দোসো।

কৃষ্ণঃ। পশ্য পশ্য।

নব রসধারিণি মধুরে ধরণীসন্তাপহারি বিস্ফুরণে।

বিশাখা। কঃ খলু গৌরাঙ্গীণাং দৃষ্ট স্বয়া দোষঃ। নবরস ধারিণি অভিনব জলধারিণি পক্ষে শাস্তোঽপি নবমো রস ইতি রীত্যা শৃঙ্গারাদি নব রসাশ্রয়ে কৃষ্ণবর্ণে মুদিরে মেঘে পক্ষে কৃষ্ণোঽয়ং মুদির ইবেতি ব্যাঘ্রাদিত্বাৎ সমাসঃ। ক্ষণরোচিষো বিদ্যুতঃ পক্ষে ক্ষণমাত্রা রোচিঃ কান্তির্যাসাং তদানী-

---

ললিতে! তোমার শব্দার্থের অন্যথা কল্পনা দ্বারা বাক্‌পটুতা বিশ্রাম করুক ॥ ৩৯ ॥

অথবা তোমারই বা দোষ কি! গৌরাঙ্গীদিগের দোষ দেখিয়া যখন আমি তাহাদিগের সহিত সৌহার্দ্দ করিয়াছি তখন এ আমারই অপরাধ ॥

বিশাখা। অহে! তুমি গৌরাঙ্গীদিগের কি দোষ দেখিলা॥

কৃষ্ণ। দেখ দেখ, ধরণী সন্তাপহারি নব রস (জল) ধারি কৃষ্ণবর্ণ মেঘ উদিত হইলে গৌরবর্ণা ক্ষণপ্রভা বিদ্যুৎ কখন স্থৈর্য্য অবলম্বন করে না ॥

পক্ষান্তরের অর্থ। ধরণীসন্তাপহারি শৃঙ্গারাদি নব রস ধারি মেঘকান্তি কৃষ্ণ আগমন করায় ক্ষণমাত্র কান্তি গৌরাঙ্গীগণ কোন ক্রমেই স্থিরতা অবলম্বন করিতেছে না

কৃষ্ণঃ । স্মিত্বা সত্যং বাগ্মিনামসি রাজ্ঞী ।

ললিতা । অপবার্য্য । হলা সুটঠু ণীসঙ্কেণ বঅণাড়ম্বরেণ

অণবরদ্ধং জেব্ব ণং তক্কেম ।

কৃষ্ণঃ । বাম্যান্তরেষু বিরতি র্নবযৌবনানাং

বামভ্রুবামিতি জনশ্রুতিরপ্যলীকা ।

চাটূনি কর্তুমুচিতানি বিমুচ্য খিন্নং

মাং প্রত্যুতাদ্য যদমূরপরঞ্জয়ন্তি ॥ ৪৩ ॥

ললিতা । অপবার্য্য হলা সচ্চং উজ্জাঅরখিণ্ণো কণ্হো ত্তা

ছায়া । সুষ্ঠু নিঃশঙ্কেন বচনাড়ম্বরেণ অনপরাদ্ধ [illegible] তর্কয়ামি । কর্তুমুচিতানি চাটূনিত্যক্ত্বা প্রত্যুত মাং অপরজ্যন্তি [illegible] কুট বদন্তি [illegible] ॥ ৪৩ ॥

ললিতা । সত্যমুজ্জাগরখিন্নঃ কৃষ্ণ তৎ প্রসীদ ।

কৃষ্ণ । (ঈষৎ হাস্য করিয়া) সত্যই তুমি বাচালদিগের রাজ্ঞী হইয়াছ ॥

ললিতা । (হস্তাবরণ করিয়া) সখি ! শোভন সদর্প বচনে ইহাঁকে নিরপরাধি বলিয়া বিবেচনা করি ॥

কৃষ্ণ । শোভন ভ্রূ নবযৌবনাদিগের কুটিলতা হইতে কখনই বিরতি হয় না, এই যে জনশ্রুতি ইহা মিথ্যা বোধ হইতেছে না, যে হেতু এই সকল গৌরাঙ্গী কখন যোগ্য মিষ্ট বাক্য পরিত্যাগ করিয়া আমাকে অননুরাগী করিতে উদ্যত হইয়াছে ॥ ৪৩ ॥

ললিতা । (হস্তাবরণ দিয়া) সখি । সত্যই কৃষ্ণ উজ্জাগর

পসীদ পসীদ।

রাধিকা। কৃষ্ণমপাঙ্গেনাবলোক্য মুগ্ধাণং বঞ্চণকলা বিঅ-ড্ঢোঽসি॥

কৃষ্ণঃ। সানন্দং ফুল্লকেশর কলাপেনামুনা ধম্মিল্ল শ্রীস্তবালংক্রিয়তাং বন্ধ্যতাং মা বিন্দতু মম প্রয়াসঃ। ইতি পুটি-কামুদ্ঘাট্য প্রিয়ে পশ্যামূনিঃ সুগন্ধিনামগ্রেসরাণি কেশরাণি যৈরহং সদ্য সুবাসিতোঽস্মি॥

রাধিকা। স নর্ম্মস্মিতং ণূণং চন্দাঅলী পরিমলেণ বাসিদো সি তুমং॥

রাধিকা। মুগ্ধানাং বঞ্চন কলা বিদগ্ধোসি। সনর্ম্মেতি মিথ্যা দোষারোপণাৎ নূনং চন্দ্রাবলী পরিমলেন বাসিতোঽসি ত্বং।

ব্রতে খিন্ন হইয়াছেন, অতএব প্রসন্ন হও॥

শ্রীরাধা। (অপাঙ্গ দ্বারা কৃষ্ণকে অবলোকন করিয়া অহে। তুমি মুগ্ধা রমণীদিগের বঞ্চনা বিষয়ে অতিশয় সুপণ্ডিত॥

কৃষ্ণ। (আনন্দের সহিত) কেশর কুসুম দ্বারা ধম্মিল্ল শ্রী তোমাকে অলঙ্কৃত করুক, আমার চেষ্টা যেন বিফলতা প্রাপ্ত না হয়। (এই বলিয়া পুটিকা অর্থাৎ আচ্ছাদন উদ্ঘাটন করত) প্রিয়ে! সুগন্ধি সকলে অগ্রসর এই কেশর কুসুমগুলি অবলোকন কর, ইহারই দ্বারা অদ্য আমি সৌরভশালী হইয়াছি।

শ্রীরাধা। (পরিহাসের সহিত ঈষৎ হাস্য করিয়া) অহে নিশ্চয় তুমি চন্দ্রাবলীর সৌরভে সুবাসিত হইয়াছ॥

কৃষ্ণঃ। প্রিয়ে পরিহাসিকান্যপি তে বচাংসি ন কদাচিদপি ব্যভিচরন্তি। যদদ্য মদঙ্গতশ্চন্দ্রাবলী সৌরভমোদঞ্চতি ॥

রাধিকা। সের্ষং পরাবৃত্য ললিদে কিং মুদ্দিদকণ্ণাসি ॥

কৃষ্ণঃ। স্মিত্বা প্রিয়ে কথমক্ষর সাম্যাদক্ষমাসি যদদ্য কর্পূরা- বলিং বর্ণয়ামি ॥

রাধিকা। সস্মিতং। সমপ্পেহি পুপ্ফাইং ইতি পটাঞ্চলং প্রসারয়তি ॥

কৃষ্ণঃ। রাধামুখং প্রেক্ষ্য স্বগতং। হন্ত বিভ্রম মণ্ডিতস্য চিল্লিকোদণ্ডস্য তাণ্ডবকলা ॥ ৪৪ ॥

ললিতে কিং মুদ্রিত কর্ণাসি সমর্পয় পুষ্পাণি। চিল্লিকোদণ্ডস্য ভ্রূধনুষঃ ॥৪৪

কৃষ্ণ। প্রিয়ে! তোমার পরিহাস বাক্য সকলও কখন মিথ্যা হয় না, যে হেতু আজ আমার অঙ্গ হইতে চন্দ্রা- বলীর সৌরভ উদগত হইতেছে ॥

শ্রীরাধা। (ঈর্ষার সহিত মুখ ফিরাইয়া) ললিতে! তুমি কি বধির হইয়াছ?।

কৃষ্ণ। (ঈষৎ হাস্য করিয়া) প্রিয়ে! অক্ষরের সমতা প্রযুক্ত কেন অসহিষ্ণুতা প্রকাশ করিতেছে, যেহেতু আমি কর্পূর সমূহের বর্ণন করিয়াছি ॥

শ্রীরাধা। (ঈষৎ হাস্যের সহিত) পুষ্প প্রদান কর। (এই বলিয়া বস্ত্রাঞ্চল বিস্তৃত করিলেন) ॥

কৃষ্ণ। (শ্রীরাধার মুখের প্রতি দৃষ্টিপাত করিয়া মনে মনে) বিভ্রম ভূষিত ভ্রূ ধনুকের কি কৌশল ॥ ৪৪ ॥

বিশাখা। জনান্তিকং। ললিদে পেক্খ পেক্খ। সম্মোহণ রাহিএ কড়ক্খ বাণেণ লক্খীকিদো পুপ্ফ পুড়িআএ সদ্ধং অঞ্চলে ণিহিদং বি বেণুং ণ জাণাদি কহ্ণো॥

ললিতা। সংস্কৃতেন॥

নিদ্রাগমেঽপি সখি নন্দসুতস্য হর্ত্তুং

যা শক্নুবন্তি ন পরাঃ পশুপালবালাঃ।

ধন্যা কটাক্ষ কলয়া কিল মোহয়ন্তী

তাং রাধিকাদ্য পুরতো মুরলীং জহার॥

বিশাখা। ললিতে পশ্য পশ্য। সংমোহনেন রাধায়াঃ কটাক্ষ বাণেন লক্ষীকৃতঃ বুদ্ধিঃ পুষ্প পুটিকয়া সার্দ্ধং অঞ্চলে দত্তমপি বেণুং ন জানাতি কৃষ্ণঃ দৃষ্টো মুয়াভিঃ প্রিয়বয়স্যঃ।

বিশাখা। (হস্তাবরণ দিয়া সঙ্গোপনে) ললিতে! দেখ দেখ শ্রীরাধার সম্মোহন রূপ কটাক্ষ বাণে বিদ্ধ হইয়া কৃষ্ণ পুষ্পপুটিকার সহিত মুরলীও অঞ্চলে প্রদান করিয়াছেন কিন্তু তিনি তাহা জানিতে পারেন নাই॥

ললিতা। (সংস্কৃত ভাষায়) সখি! অন্য গোপকুমারী সকল নন্দতনয়ের নিদ্রিতাবস্থাতেও যে মুরলী হরণ করিতে সমর্থ হয় না, ধন্য রাধিকা কটাক্ষ বাণে কৃষ্ণকে বিমোহিত করিয়া তাঁহার সম্মুখ হইতে সেই মুরলী হরণ করিয়া লইলেন॥

বিভাষ।

নিন্দের আবেশে, রহয়ে হরিষে, বেণু করে ধরি হরি।

রাধিকা। অপবার্য্য সংস্কৃতেন।

যা নির্ম্মাতি নিকেত কর্ম্মরচনারম্ভে করস্তম্ভনং
রাত্রৌ হন্ত করোতি কর্ষণবিধিং যা পত্যুরঙ্কাদপি।
গৌরীণাং কুরুতে গুরোরপি পুরো যা নীবি বিধ্বংসনং
ধূর্ত্তা গোকুল মঙ্গলস্য মুরলী সেয়ং মমাভূদ্বশা॥

নেপথ্যে। অরে কুরঙ্গও দিট্‌ঠো তুম্মেহিং পিঅবঅস্‌স॥

গোপাঙ্গনা গণে, কতেক সন্ধানে, না পারে করিতে চুরি॥
ধনি ধনি দেখ রাধিকা কটাক্ষ খেলা। সে বেণু হরিলা,
গোবিন্দ মোহিলা, কি জানি মোহিনী দিলা॥ ধ্রু॥

শ্রীরাধা। (হস্তাবরণ দিয়া সংস্কৃত ভাষায়) সখি! গৃহ কর্ম্ম করিতে আরম্ভ করিলে যে করস্তম্ভ করিয়া দেয়, রাত্রিতে পতিক্রোড়ে শয়ন করিয়া থাকিলে যে তথা হইতে আকর্ষণ করিয়া লইয়া আইসে এবং যে গুরুজন সমক্ষে গৌরাঙ্গীদিগের নীবিমোচন করিয়া দেয়, সেই গোকুলানন্দের ধূর্ত্তা মুরলী আজ আমার বশতাপন্ন হইয়াছে॥

বিভাষ॥

ব্রজনারী কর, যেই করে জড়, করিতে গৃহের কাজ।
আগে গুরুজন, এ নিবী বন্ধন, ছিড়িয়া যে দেয় লাজ॥
রজনী সময়ে, আপন আলয়ে, পতি কোলে থাকে নারী।
তারে যে হরিল, সে বেণু পাইল, যতনে রাখহ ধরি॥
যে বেণু সঘন, করে বিড়ম্বন, খসায় কুন্তল পাশ। হরয়ে যুবতি, গণের যে মতি, পাশরায়ে গৃহ বাস॥ হরিণী

কৃষ্ণঃ। কথং মিলিতোন মধুমঙ্গলঃ।

প্রবিশ্য মাল্যহস্তো মধুমঙ্গলঃ।

সুদং মএ সুঅলমুহাদো জং অজ্জ ণিউঞ্জ মজ্ঝে রাহিআ জাঅরিদাআসি তা গদুঅ ণং পোচ্ছাহইস্সং ইত্যুপসৃত্য সংস্কৃতেন ॥ ৪৫ ॥

মধু। শ্রুতং সুবলমুখাৎ ময়া নিকুঞ্জ মধ্যে রাধিকা জাগরিতাসীৎ তদ্গত্বা এনাং প্রোৎসাহয়িষ্যামি ॥ ৪৫ ॥

সকল, মুরে... ..., থাইতে না দেয় যেই। নদীগণ জল, যে করে পাথর, শীলা করে জলময়ই॥ যাহার ধ্বনিতে নারীগণ চিতে, করয়ে মদন জ্বালা। ধৈরজ ধরম, করিয়া ভরম, হরয়ে ... বালা॥ সে বেণু পাইলা, মঙ্গল হইলা, অমঙ্গল দূরে গেলা। এ যদুনন্দন দাস কহি ভণ, সতী কুল নাহি গেলা॥

নেপথ্যে ॥

অহে কুরঙ্গ সকল। তোমরা কি প্রিয়বয়স্য কৃষ্ণকে দেখিয়াছ ॥

কৃষ্ণ। এ মধুমঙ্গল আসিল না কি ? ॥

(মাল্যহস্তে মধুমঙ্গলের প্রবেশ)

মধুমঙ্গল। আমি সুবলের মুখে শুনিয়াছি, আজ নিকুঞ্জ মধ্যে শ্রীরাধা জাগরিত ছিলেন, তবে গিয়া তাঁহাকে উৎসাহিত করি। (এই বলিয়া নিকটে গমন পূর্ব্বক সংস্কৃত ভাষায়) ॥ ৪৫ ॥

অবিরল বনমালালঙ্কৃত স্নিগ্ধমূর্ত্তিঃ
স্ফুরতি কটককান্তি র্ধাতুভির্মণ্ডিতাঙ্গঃ।
অখিল ভুবন তুঙ্গো নেত্রভঙ্গ্যা নিকৃষ্টঃ
কথমিব সখি রাধে কৃষ্ণশৈল স্ত্বয়াভূৎ ॥ ৪৬ ॥

রাধিকা। (বিস্ময়তে)।

কৃষ্ণঃ। প্রিয়ে বেত্তি মে তমস্বিনীসম্ভবং বয়স্যোঽয়ং।

রাধিকা। অজ্জ দংসিদং অজ্জেণ সিণেহ দাক্খিণ্ণং, যং কান্তার

বিরলয়া বনমালয়া বনশ্রেণ্যাপি অলঙ্কৃতা স্নিগ্ধ মূর্ত্তি র্যস্য সঃ। কটকানাং বলয়ানাং নিতম্বানাঞ্চ কটকং বলয়োর্নিতম্বঃ কটকোঽস্ত্রী নিতম্বোঽদ্রে রিত্যমরঃ। ধাতুভির্গৈরিকাদ্যৈঃ ॥ ৪৬ ॥

তমি সংভবতমঃ রাত্রিবৃন্দকৃতং দুঃখং।

রাধি আর্য্য দর্শিতমদ্য স্নেহ দাক্ষিণ্যং যৎ কান্তার সিন্ধু সন্তার কৌশলানি

সখি রাধে! যিনি নিবিড় বনমালায় অলঙ্কৃত হইয়া স্নিগ্ধ মূর্ত্তি ধারণ করিয়াছেন, যাঁহাতে বলয়া সকলের কান্তি স্ফূর্ত্তি পাইতেছে, যাঁহার অঙ্গ গৈরিক ধাতুতে ভূষিত, সেই নিখিল জগতের উপরি বিরাজমান কৃষ্ণশৈলকে কি রূপে তুমি কটাক্ষ দ্বারা আকর্ষণ করিলা ॥ ৪৬

শ্রীরাধা। ঈষৎ হাস্য করিলেন।

কৃষ্ণ। প্রিয়ে! এই বয়স্যই আমার রাত্রি জনিত ক্লেশ অবগত আছে ॥

শ্রীরাধা। আর্য্য! আজ ভাল স্নেহের সরলতা প্রদর্শিত হইল, যে হেতু দুর্গম সমুদ্র সন্তরণের কৌশল সকল

সিক্খু সন্তার কোমলাইং সিক্খাবিদসি।

মধুমঙ্গলঃ। সহি সাহু অম্হে উবালহিজ্জম্হ জেহিং চলন্তীং বি বল্লীং তুমং তক্কিঅ বণে বসন্তেহিং সাদঙ্কং জাগরিদং। তুম্হে কৃখু সলাহইজ্জই জাহিং পিঅবঅস্স সণাহং বি কুঞ্জং অণিবন্ধেণ সুণ্ণং মণ্ণিঅ ঘরে পবিসন্তীহিং ণিরাতঙ্কং সুত্তং ॥ ৪৭ ॥

রাধিকা। অজ্জ কিং এববং ভণাসি ইতি সংস্কৃতেন ॥

নিকুঞ্জং কংসারের্বত নশ্বর চন্দ্রাবলিরুচি

শিক্ষিতানি।

মধু সখি সাধু বয়ং উপালভ্যামহে যৈরস্মাভিশ্চলন্তীমপি বল্লীং ত্বাং তর্কয়িত্বা বনে বসদ্ভিঃ সাতঙ্কং জাগরিতং যুয়ং শ্লাঘ্যধ্বে যাভিঃ প্রিয়বয়স্য সনাথমপি কুঞ্জমনিবন্ধেন শূন্যং মত্বা গৃহে প্রবিশন্তীভি র্নিরাতঙ্কং সুপ্তং ॥ ৪৭ ॥

রাধি আর্য্য কিমেবং ভণসি। নশ্বরা এব চন্দ্রা স্তেষামাবলিঃ পঙ্‌ক্তি

শিক্ষা করাইলে ॥

মধুমঙ্গল। সখি! তোমারা ভাল রূপে আমাদিগকে তিরস্কার করিলা, আমরা বনে অবস্থিত থাকিয়া বায়ুবেগে লতা বিচলিত হইলে তোমাকে অনুমান করত সাতঙ্কে জাগরণ করিয়াছি, এখন তোমরা সাধু হইতেছে, প্রিয় বয়স্য কুঞ্জে থাকিতেও তোমরা ঐ কুঞ্জকে শূন্য জ্ঞান করিয়া গৃহে গমন পূর্ব্বক নিরাতঙ্কে শয়ন করিয়াছিলে ॥ ৪৭ ॥

শ্রীরাধা। এ রূপ বলিতেছ কেন? (এই বলিয়া সংস্কৃত ভাষায়) হা কষ্ট! আমি যখন বারম্বার নিরীক্ষণ করি-

ছটাগ্রস্তং নাগ্রে মুহুরপি যদা প্রেক্ষিতমভূৎ।
তদা সদ্যঃ প্রোদ্যোদ্বিধুহতকবিক্রান্তিহতয়া
ময়া লব্ধারণ্যে ক্লমনিবহ পূর্ত্তা পরিণতিঃ ॥ ৪৮ ॥

মধুমঙ্গলঃ। স্বগতং। অহো কধং কুড়ঙ্গ সঙ্গদা চন্দাঅলি বি রাহিআএ দিট্টাথি তা বঞ্চণং মুক্কিঅ ণং উক্করিসইস্‌সং। প্রকাশং সংস্কৃতেন ॥

ক্লান্তেন তে বদন চন্দ্রমনাকলয্য

স্তন্যাঃ রুচি চ্ছটাভিঃ কান্তিচ্ছটাভিঃ গ্রস্তং মুহুরপি নিকুঞ্জং প্রেক্ষিতং দৃষ্টং নাভূৎ ॥ ৪৮ ॥

ধরা ক্রূরা যা চন্দ্রাবলি স্তন্যাঃ রুচি ছটাগ্রস্তং কংসারেঃ কুঞ্জং মুহুরপি বারম্বারমপি যদা প্রেক্ষিতং নাভূৎ অপি প্রেক্ষিতমেবাভূদিত্যেবমর্থং নির্দ্ধার্য্য স্বগতং পরামৃশতি অহো ইত্যাদি। কুঞ্জ সঙ্গতা চন্দ্রাবল্যাপি রাধিকয়া দৃষ্টাস্তি। তদ্বঞ্চনং ত্যক্‌ত্বা এনাং উৎকর্ষয়িষ্যামি। ক্লান্তেনেতি চন্দ্রা-

---

য়াও কংসনাশনের নখরচন্দ্রের চন্দ্রিকায় নিকুঞ্জকে আলোকময় দেখিলাম না, তখনি সদ্যঃ উদিত হত চন্দ্রের রশ্মি দ্বারা আহত হইয়া অরণ্য মধ্যে এই ক্লেশ সমূহের পরিণতি অবস্থা প্রাপ্ত হইয়াছি ॥ ৪৮ ॥

মধুমঙ্গল। (মনে মনে) হায়। কুঞ্জ মিলিতা চন্দ্রাবলীকেও শ্রীরাধা দেখিয়াছেন, তবে এক্ষণে বঞ্চনা পরিত্যাগ করিয়া ইহাঁর প্রশংসা করি। (এই বলিয়া সংস্কৃত ভাষায়)

হে কল্যাণি! গোকুলেন্দ্র নন্দন তোমার বদনচন্দ্র

কল্যাণি গোকুলপুরন্দর নন্দনেন।

চন্দ্রাবলীত্যর্দ্ধোক্তে।

কৃষ্ণঃ। ভ্রূ ভঙ্গতয়া নিবারয়তি।

সর্ব্বাঃ। পরস্পরং সাকূতমালোকয়ন্তি।

মধুমঙ্গলঃ। স্বগতং। হন্ত হন্ত কিদং মএ বম্মাণ বড়ুওচিদং চাবলং।

কৃষ্ণঃ। বিভাব্য বিভাবরী ভরং মে বরীয়ঃ কষ্টং বাষ্পরুদ্ধ-কণ্ঠোঽয়ং সংবৃত্তঃ তদহমেব বাক্যং সমাপয়ামীতি স্মিত্বা।

বলী বা অলন্তি সাপাকি চঃপাইেব অন্ত অভূদিতি উত্তরার্দ্ধে বিবক্ষিতং। কৃষ্ণঃ ময়া ব্রাহ্মণ বটুচিতং চাপলং। বিভাবরীভরাং রাত্রিভরং বরীয়ঃ অতিশয়িতং কষ্টং মম বিভাব্য বিচিন্ত্য চন্দ্রাবলীন নয়নান্ত ভরেতি খাদিতঃ পঠিতব্যং। চন্দ্রে অবলীনো নয়নান্ত ভরেতি আদিতঃ পঠিতব্যং। চন্দ্রে

না দেখিতে পাইয়া, চন্দ্রাবলী এই পর্য্যন্ত বলিলে কৃষ্ণ অমনি ভ্রূ সঙ্কেত দ্বারা নিবারণ করিলেন॥

সকলে। (অভিলাষের সহিত) পরস্পর অবলোকন করিতে লাগিলেন॥

মধুমঙ্গল। (মনে মনে) হায়! আমি ব্রাহ্মণবালকোচিত চপলতা প্রকাশ করিলাম॥

কৃষ্ণ। আমার রজনী জনিত গুরুতর কষ্ট মনে করিয়া বয়স্যের কণ্ঠ বাষ্প রুদ্ধ হইল, যাহা হউক আমিই বটু বাক্য সমাপন করি।

(এই বলিয়া ঈষৎ হাস্য পূর্ব্বক) [illegible] হেতু

চন্দ্রাবলীন নয়নান্ত তয়া কিলাস্ত
সাদৃশ্যতঃ কথমপি ক্ষপিতা ক্ষপেয়ং ॥ ৪৯ ॥

মধুমঙ্গলঃ। পিঅয়স্‌স সব্বণ্ণোসি কিত্তি মহ হিঅঅট্‌ঠিদং পত্তজদ্ধং ণ জাণিস্‌সি।

ললিতা। রাহে অজ্জবি সন্নিদ্ধাসি পেক্‌খ পেক্‌খ রত্তিবিলাস পিসুণাইং ণাঅরস্‌স চঙ্গাইং ইতি সের্ষং সংস্কৃতেন ॥ ৫০

বালে বল্লব যৌবত স্তনতটী দত্তার্দ্ধনেত্রাদিতঃ

অবলীলো নয়নান্তো যস্য তস্য ভাব স্তত্তয়া অন্যতে বদন চন্দ্রস্য ক্ষপিতা যাপিতা ॥ ৪৯ ॥

মধু প্রিয়বয়স্য সর্ব্বজ্ঞোঽসি কিমিতি মম হৃদয় স্থিতং পদার্দ্ধং এবং জ্ঞাস্যসি।

ললিতা রাধে অদ্যাপি সন্দিগ্ধাসি। পশ্য রতি বিলাস পিশুনানি নাগরস্য চঙ্গানি অঙ্গানি। লঙ্গ চঙ্গৌ মনোহর ইত্যভিধানং ॥ ৫০ ॥

চন্দ্রে অবলীন (অর্পিত) নয়ন প্রান্ত হইয়া কষ্ট সৃষ্টে যামিনী যাপন করিয়াছেন ॥ ৪৯ ॥

মধুমঙ্গল। প্রিয়বয়স্য! তুমি সর্ব্বজ্ঞ, নতু বা কিরূপে আমার মনোগত পদার্দ্ধ জানিতে পারি না ॥

ললিতা। রাধে। তুমি কি এখনও সন্দেহ করিতেছ, দেখ দেখ, নাগরের মনোহর অঙ্গে রতি বিলাস চিহ্ন সকল স্পষ্ট রূপে প্রকাশ পাইতেছে। ৫০ ॥

(এই বলিয়া ঈর্ষার সহিত সংস্কৃত ভাষায়)

হে বালে! যিনি গোপযুবতিগণের স্তন তটে নেত্রার্দ্ধ

কামং শ্যামশিলা বিলাসি হৃদয়াচ্চেতঃ পরাবর্ত্তয়।
বিদ্মঃ কিং নহি যদ্বিকৃষ্য কুলজাঃ কেলিভিরেষ স্ত্রিয়ো
ধূর্ত্তঃ সংকুলয়ন্ কলঙ্ক ততিভি র্নিঃশঙ্কমুন্মুঞ্চতি॥

রাধিকা। হদ্ধী হদ্ধী সুঠ্ঠু বিড়ম্বিদহ্মি।

কৃষ্ণঃ। প্রিয়ে মুধৈব মাং দূষয়সি॥

শ্রীরাধা। সোপালম্ভং সংস্কৃতেন॥

মুক্তোস্ত নির্নিমিষং মদীয় পদবীমালোকমানস্য তে
জানে কেশর রেণুভি র্নিপতিতৈঃ শোণীকৃতে লোচনে।

শ্যাম শিলেব বিলাসি হৃদয়ং যস্য কলঙ্ক সমূহৈঃ সংকুলয়ন্ ব্যাপয়ন্। রাধি। হা ধিক্ হা ধিক্ সুষ্ঠু বিড়ম্বিতাস্মি। মুক্তং ত্যক্তং অস্তমর্ধ্যো নেত্রেপি

অর্পণ করিয়া থাকেন, যাঁহার হৃদয় শ্যামশিলার ন্যায় সুকঠিন, যথেষ্ট রূপে সেই কৃষ্ণ হইতে চিত্ত প্রতি নিবৃত্ত কর। আমরা কি জানি না! ঐ ধূর্ত্ত ক্রীড়াচ্ছলে কুলকামিনীগণকে আকর্ষণ করিয়া পরে তাহাদিগের কলঙ্ক বিস্তার পূর্ব্বক আকুলিত করিয়া নিঃশঙ্কে পরিত্যাগ করিয়া থাকেন॥

শ্রীরাধা। হা ধিক্, হা ধিক্! ভাল বিড়ম্বিত হইলাম॥

কৃষ্ণ। প্রিয়ে! আমাকে মিথ্যা দোষ দিতেছ।

শ্রীরাধা। (তিরস্কারের সহিত সংস্কৃত ভাষায়)।

কৃষ্ণ! আমার পথের প্রতি অনিমিষ লোচনে দৃষ্টিপাত করিয়া পুষ্প রেণু সকল পতিত হইয়াছিল তাহাতেই তোমার লোচন রক্তবর্ণ দেখিতেছি, এবং বল মধ্যে

শীতৈঃ কানন বায়ুভি র্বিরচিতো বিম্বাধরেচ ব্রণঃ
সঙ্কোচং ত্যজ দৈবহতয়া ন ত্বং ময়া দূষ্যসে ॥ ৫১ ॥

নিমিষং এবং যথাস্থাৎ কেশর রেণুভিরেব নতু সংভোগ জাগরৈঃ ব্রণ ইতি প্রিয়াদন্তাঘাতৈরিতি ॥ ৫১ ॥

ভ্রমণ করিতে করিতে শীতল বায়ুর সংসর্গে বিম্বাধর ক্ষত হইয়া গিয়াছে অতএব তুমি সঙ্কোচ করিতেছ কেন? এ মন্দ ভাগিনী ত তোমাকে দোষ দিতেছে না। ৫১ ॥

এই স্থলে খণ্ডিতা নায়িকা ॥ * ॥

বিভাষ ॥

কি দোষ তোমার, সুনহ সুন্দর, দূর দিনে কিরা নহে। একে করে আন, দুরবিধি কাম, কাহা হৈতে কিবা হয়ে ॥ মাধব কি কাজ বিচারে আর। তোমার আমার, এক কলেবর, অভেদ জানিল তার ॥ ধ্রু ॥ মোর আগমন, পথেতে নয়ন, থুইয়া আছিলে তুমি। তাহাতে পুলক, না ছিল তিলেক, কারণ জানিল আমি ॥ কেশর কুসুম, রেণু অনুপম, ভরিল নয়ান যুগে। তেঞি সে নয়ন, ভৈগেল অরুণ, কিম্বা প্রতি অনুরাগে ॥ বনের ভিতর অতি সুশীতল, পবন বহিল জানি। অলসে দশন, লাগে

* পূর্ব্বে সঙ্কেতিত কাল ব্যত্যয় করিয়া যাহার প্রিয়তম অন্য প্রেয়সীর সহিত নিশি যাপন করিয়া তদীয় ভোগ চিহ্ন ধারণ পূর্ব্বক যদি প্রাতঃকালে সমাগত হয়েন, তদ্দর্শনে পূর্ব্ব নায়িকা খণ্ডিতা অবস্থা প্রাপ্ত হয়। ক্রোধ, দীর্ঘ নিশ্বাস পরিত্যাগ ও তুষ্ণীভাব অবলম্বন ইত্যাদি খণ্ডিতা নায়িকার চেষ্টা ॥

কৃষ্ণঃ। প্রিয়ে তবাধীনস্য মে সঙ্কোচোপ্যলঙ্কারায়ৈব।

রাধিকা। সাহীনো সব্বলোঅ বিক্খাদোহসি কধং মমাহীণো হুবিস্সসি॥

রাধিকা স্বাধীনঃ সর্ব্বলোক বিখ্যাতোসি কথং মমাধীনো ভবিষ্যসি॥৫২॥

তে কারণ, ক্ষতাধর অনুমানি॥ তোমার নয়ন, কাজর ভরম, অঞ্জন ভাজন লঞা। চুম্বন করিতে, অধরবিম্বেতে রহি গেল সে লাগিঞা॥ সোনার বরণ, বাসিত কুঙ্কুম, লেপন সুগন্ধ লাগি। আমারে মারিয়া, তারে কোলে লঞা, আছিলা রজনী জাগি॥ সেই যে কুঙ্কুম, হৃদয়ে লেপন, দেখি এই পরতেক। অতেব কি ফল, বিনয়ে কেবল, জীউ তুয়া হাম এক॥ আমার বিরহে, আকুল হৃদয়ে, ধেয়ানে আমারে লঞা। সিন্দুর রচিলে, আপন কপালে, এ মোর ললাট করিয়া॥ এ মোর অধীন, হইয়া সেবন, করিতে চরণ তলে। ভরমে যাবক, ভরিয়া অলক, আপনা আপনি দিলে॥ বলয় কঙ্কন, চিহ্ন মনোরম, সে যে দেখি কেন পিঠে। সিন্দুর অধর, সুরাগ তাম্বুল, কেন বা যুগল দিঠে॥ নীল উতপল, জিনিঞা সুন্দর, বরণ মাঝার ভেল। এ যতুনন্দন, দাস তহি ভণ, মদনে বেদনা দিল॥ ৫১॥

কৃষ্ণ। প্রিয়ে। আমি তোমার অধীন, সুতরাং সঙ্কোচও আমার অলঙ্কার স্বরূপ॥

শ্রীরাধা। তুমি যে, সকল লোকে স্বাধীন বলিয়া বিখ্যাত,

কৃষ্ণঃ। রাধে তবাধীনো নাহমেব কেবলোস্মি কিন্তু তে যে দশাবতারাশ্চ ॥ ৫২ ॥

তথাহি ॥

চঞ্চন্মীন বিলোচনাসি কমঠোৎ কৃষ্টস্তনী সঙ্গতা
ক্রোড়েন স্ফুরতা তবায়মধরঃ প্রহ্লাদসম্বর্দ্ধনঃ।
মধ্যোঽসৌ বলিবন্ধনো মুখরুচা রামাস্ত্বয়ানির্জ্জিতা

ক্রোড়েন ক্রোড়দেশেন শব্দ শ্লেষেণ ক্রোড়ো বরাহঃ। প্রকর্ষং হ্লাদমানন্দং পক্ষে প্রহ্লাদং সম্বর্দ্ধয়তীতি নৃসিংহঃ। বলিং বধ্নাতীতি বলিবন্ধনো বামনঃ। বলিভি স্ত্রিবলি বন্ধনং যস্তেতিচ রামা রমণ্যঃ শব্দ শ্লেষেণ ত্রয়োরামাশ্চ শ্রিয়া কান্ত্যা ঘনতা নিবিড়িতাচ ত্বয়া লেভে শ্রীঘনো বুদ্ধশ্চ মনসি কল্কিতা মালিঙ্গং ইদানীং মানাবসরে ক্রোর্য্যমিত্যর্থঃ। কল্কীচ অন্তিমোঽবতারঃ ॥ ৫৩ ॥

তবে আমার অধীন হইবে কেন? ॥

কৃষ্ণ। রাধে! কেবল আমিই যে তোমার অধীন এমত নহে, আমার দশটী অবতারও তোমার অধীন ॥ ৫২ ॥

উক্তার্থের প্রমাণ।

মানিনি! তোমার লোচন চঞ্চল মীন সদৃশ, কমঠ পৃষ্ঠ অপেক্ষাও তোমার স্তন সুকঠিন, দীপ্তিশালি ক্রোড় দেশে মিলিতা হইয়াছ, তোমার অধরবিম্ব প্রহ্লাদকে (আনন্দকে) সম্বর্দ্ধন করিতেছে, মধ্য দেশে বলিবন্ধন অর্থাৎ ত্রিবলি রেখায় সুশোভিত, মুখ কান্তি দ্বারা রামাগণকে জয় করিয়াছ, তোমার অঙ্গে নিবিড় শোভা ধৃত হইয়াছে এবং তুমি মনোমধ্যে কল্কিকে অর্থাৎ কলহকে

লেভে শ্রীঘনতাদ্য মানিনি মনস্যঙ্গীকৃতা কল্কিতা ॥ ৫৩ ॥

রাধিকা। হলা ললিদে আঅণ্ণিদং তুএ।

ললিতা। কহ্ন তুহ ওদারাও হন্তি জ্জেবব সন্তি।

জং এদাণং চিহ্নাইং দীসন্তি ইতি সংস্কৃতেন।

বন্যাস্তু গুরুচাপলং কঠিনতা গোসঙ্গতিঃ পাণিজ

রাধি সখি ললিতে আকর্ণিতং ত্বয়া।

ললি। কৃষ্ণ তবাবতারা ত্বয্যেব সন্তি। যদেতেষাং চিহ্নানি দৃশ্যন্তে। বন্যা বন সমূহো জন সমূহশ্চ তন্মধ্যে গুরুচাপল্যমিতি মৎস্য লক্ষণং কঠিনতা কূর্ম লক্ষণং। গোসঙ্গতিরিতি বরাহ লক্ষণং গো পৃথ্বী পক্ষে স্পষ্টং। পাণিজানাং নখানাং ক্রোধং স্ত্রীণাং হিরণ্যকশিপোশ্চ বক্ষো বিদারণেনেতি নৃসিংহ লক্ষণং। দম্ভে কাপট্যাদেতৌ কচির্যশ্চেতি বাম লক্ষণং সুষ্ঠু চণ্ডিম্নো ধূর্তায়ঃ খকপূরকঃ পথামালস্য ইত্যস্যাব সমাসান্তাট্টাপ সুচণ্ডি মধুরা ইতি পরশুরাম লক্ষণং তস্যোগ্রাং প্রাধান্যত্বাৎ অলমতিশয়েন কেশানাং বিধ্বংসন

অঙ্গীকার করিয়া বিরাজ করিতেছ ॥ ৫৩ ॥

শ্রীরাধা। সখি ললিতে! তুমি শুনিলা ত? ॥

ললিতা। কৃষ্ণ! তোমার অবতার সকল তোমাতেই আছে, কারণ ঐ সকলের চিহ্ন তোমাতে দেখিতেছি ॥

(এই বলিয়া সংস্কৃত ভাষায়)

তোমার অরণ্য মধ্যে চাঞ্চল্যই মীনাবতার, কঠিনতাই কূর্মাবতার, গো সঙ্গতি বরাহাবতার, নখরের ক্রুরতাই নৃসিংহাবতার, কপটতাই বামনাবতার, প্রচণ্ড মাধুর্য্যই

ক্রোর্য্যং দন্তরুচিঃ সুচণ্ডি মধুরা লঙ্কেশ বিধ্বংসনং।
অশ্রান্তোন্মদ লৌল্যমিষ্ট কদনং নিস্ত্রিংশ লীলোন্নতি
মীনেন্দ্রাদ্যবতারতঃ স্ফুটমমী ভ্রাজন্তি ভাগাস্ত্বয়ি ॥ ৫৪ ॥

কৃষ্ণ। সখে পশ্য পশ্য।

ললিতাহজনি দুর্ল্ললিতা বভূব রাধা দুরারাধা।
তপ্তে ময়ি ন চ্ছায়াং শশাক কর্ত্তুং বিশাখেয়ং ॥

মাকর্ষণং অর্থাৎ স্ত্রীণাং লঙ্কেশো রাবণ তস্য বিধ্বংসনং চেতি রাম লক্ষণং অশ্রান্ত মবিরতং উৎকটেন মদেন অহঙ্কারেণ মদিরাদি জনিতমত্ততয়াচ লৌল্যং চাঞ্চল্যমিতি বলরাম লক্ষণং। ইষ্টানাং সুহৃদামস্মাকং কদনং দুঃখ দায়িত্বং ইষ্টং যজ্ঞশ্চ তস্য কদনং বিনাশনং চেতি বুদ্ধ লক্ষণং নিস্ত্রিংশস্য খড়্গস্যেব তীক্ষ্ণয়া লীলয়া উন্নতি র্যস্য পক্ষে খড়্গধারিত্বেন কল্কি লক্ষণং ॥ ৫৪

বিশাখেতি। বিগতা শাখা যস্যাঃ ইতিচ ॥ ৫৫ ॥

পরশুরামাবতার, স্ত্রীগণের কেশাকর্ষণই রাবণ বিধ্বংসন অর্থাৎ রামাবতার, অবিরত উৎকট অহঙ্কার ও মদিরাদি জনিত মত্ততা নিবন্ধন চপলতাই বলরামাবতার, সুহৃদ্গণ আমাদের অথবা যজ্ঞ বিধ্বংসনই বুদ্ধাবতার এবং খড়্গের ন্যায় তীক্ষ্ণ লীলাই কল্কী অবতার, এই রূপে মৎস্যাদি দশ অবতারের অংশ স্পষ্ট রূপে তোমাতেই বিরাজমান ॥ ৫৪ ॥

কৃষ্ণ। সখে! দেখ দেখ। ললিতা এখন দুর্ল্ললিতা অর্থাৎ দুর্জ্জন হইল, যিনি রাধা তিনিও এখন দুরারাধ্যা অর্থাৎ ক্রুদ্ধা হইলেন, এবং আমি উত্তপ্ত হইয়াছি, শাখাশূন্য বিশা

ইতি বটোঃ করান্মল্লীদাম গৃহীত্বা স চাটু প্রণামং ॥ ৫৫ ॥

স্রগিয়মুরুগুণা তে চিত্তবীথীব রাধে

শুচিরতি সুকুমারী কামমামোদিনীচ।

নখ পদ শশিরেখা ধাম্নি পুষ্ণাতু কান্তিং

তব কুচ শিবমূর্দ্ধ্নি স্বর্ধুনী বিভ্রমেণ ॥ ৫৬ ॥

ইতি ভ্রূসংজ্ঞয়া বিশাখামনুকূলয়ন্মাল্যং সমর্পয়তি।

বিশাখা। মাল্যং নিবেদয়ন্তী সংস্কৃতেন।

যস্মিন্নেত্র সরোরুহাঙ্গনভুবঃ প্রাপ্তে বিদূরং মনাক্

স্বর্ধুনী গঙ্গা ॥ ৫৬ ॥

হে করঙ্কি এবম্ভূতে তস্মিন্ কাকু পবায়ণে বাম্যানি বামত্বানি তে তব

থাও আমাকে ছায়া প্রদান করিতে সমর্থ হইতেছে না.

(এই বলিয়া বটুর হস্ত হইতে মল্লীপুষ্পের মালা গ্রহণ করিয়া চাটু বাক্য ও প্রণামের সহিত) ॥ ৫৫ ॥

হে রাধে! মহৎ গুণশালিনী এই মালা তোমার চিত্ত শ্রেণীর ন্যায় নির্ম্মল, সুকোমল ও যথেষ্ট রূপে আমোদ প্রদায়িনী হইয়াছে অতএব এ তোমার কুচরূপ শম্ভুশিরে গঙ্গাধারার ন্যায় সুশোভন নখ চিহ্ন রূপ চন্দ্র রেখার লাবণ্য সমূহের মধ্যবর্ত্তী হইয়া তোমার কান্তি পোষণ করুক ॥ ৫৬ ॥

(এই বলিয়া ভ্রূ সংকেত দ্বারা বিশাখাকে অনুকুল করত মাল্য সমর্পণ করিলেন)

বিশাখা। (মাল্য নিবেদন পূর্ব্বক সংস্কৃত ভাষায়) হে

সদ্যস্তে নিমিষোঽপি যাতি তুলনাং তন্বঙ্গি মন্বন্তরৈঃ।
বৃন্দারণ্য কদম্ব মণ্ডপতট ক্রীড়াভরাখণ্ডলে
অস্মিন্ কাকুপরায়ণে তব কথং কাম্যা।ন বাম্যান্যপি ॥৫৭

রাধিকা। সাভ্যসূয়ং। অবেহি নিব্বুদ্ধিএ অবেহি।

কৃষ্ণঃ। ধূলি ধূষরিত চন্দ্রকাঞ্চলশ্চন্দ্রকান্তমুখি বল্লভোজনঃ।
অর্পয়ন্মুহুরয়ং নমস্ক্রিয়াং ক্ষিভতে তব কটাক্ষ মাধুরীং ॥

কাম্যানি ইচ্ছাস্পদানি ভবন্তি অর্থাৎ নৈবেতি শেষঃ। তত্র কারণমাহ যস্মিন্ শ্রীকৃষ্ণ নেত্র সরোরুহাঙ্গনস্য ভূমের্নাক্ ঈষদপি বিদূরং প্রাপ্তে নিমিষোঽপি মন্বন্তরৈ স্তুলনাং যাতি প্রাপ্নোতি। পুনঃ কীদৃশে বৃন্দারণ্য কদম্ব মণ্ডলস্য তটে যঃ ক্রীড়াভরঃ ক্রীড়াতিশয় স্তত্র আখণ্ডল ইন্দ্রে স্বচ্ছন্দ বিহারিত্বাৎ ॥ ৫৭ ॥

অবেহি অপগচ্ছ নির্ব্বুদ্ধে।

কৃশাঙ্গি! যিনি তোমার নয়ন পদ্ম রূপ প্রাঙ্গন ভূমির ঈষৎ দূরগামী হইলে তুমি নিমেষ কালকেও মন্বন্তর জ্ঞান করিয়া থাক, যিনি বৃন্দারণ্যস্থ কদম্ব মণ্ডপ তটে বিহারার্থ ইন্দ্র স্বরূপ, সেই কৃষ্ণ আজ তোমাকে চাটু বচনে স্তব করিতেছেন অতএব হে রাধে! তোমার কি তাঁহার প্রতি ইচ্ছা পূর্ব্বক বাম্য ধারণ করা উচিত ॥ ৫৭ ॥

শ্রীরাধা (অসূয়ার সহিত) অরে নির্ব্বুদ্ধিকে! দূর হ, দূর হ ॥

কৃষ্ণ। হে চন্দ্রকান্ত মুখি! তোমার এই প্রিয়জন মস্তকস্থ চূড়ার ময়ূর চন্দ্রকের অঞ্চল ধূলি ধূষরিত করত প্রণাম করিয়া তোমার কটাক্ষ মাধুরী ভিক্ষা করিতেছে ॥

বিভাষ ॥

তোমার অধীন, আমি সর্ব্বক্ষণ, এত রোষ কেন মোরে। মোর মুখ হেরি, কুটিলতা ছারি, প্রকাশহ দিঠি জোরে॥ শুনহ সুন্দরি ধনি রাই। তোমার বিরহে হৃদয় বিশেষে, মদন বেদন পাই ॥ ধ্রু ॥ এ তুয়া নয়ন, খঞ্জন সমান, নাচয়ে আনন্দাবেশে। তারে কি লাগিয়া, রাখিলে বান্ধিয়া, ভুরু ভুজঙ্গিনী পাশে ॥ বদন বিমল, জিনিঞা কোমল, তাহা যে মৈলান দেখি। আমার নয়ান, ভ্রমর সমান, পাইয়া ফিরয়ে দুঃখী ॥ তোমা বিনু আমি, আর নাহি জানি, এ তনু বচন মনে। তুয়া মধু বাণী, মন্দ হাস্য খানি, আমার জীবন ধনে ॥ তোমায় বিরস, দেখিয়া অবশ, হইল আমার তনু। নদী জল বিনে, করয়ে মৈলানে, নীল উতপল জনু ॥ হিয়া কুমুদিনী, চান্দের চান্দনী, কেবল আমার তুমি। আমার জীবন, চাতকের ঘন, তুমি সে জানিয়ে আমি ॥ আমার পরাণ, মহাজন সম, তাহার বিহার কাজে। সুখ সরোবর, তুমি সে সকল, তোহে কি কহিতে লাজে ॥ দেখ তুয়া পায়ে, এখন লোটায়ে, চুড়ায় চন্দ্রক মোর। নয়ন কটাক্ষ, করি মোরে দেখ, পায়ে নিবেদিনু তোর ॥ করিয়া প্রণাম, মাগি এই দান, দেখহ প্রসন্ন আঁখি। এ যদুনন্দন, কহে ধনি শুন, কাতরে পীড়ন কি ॥

ললিতা। রাহে ঝত্তি কন্দরং পরাবট্টেহি পুট্‌ঠদো আআরেদি

রাধিকা। তথা করোতি ॥ ৫৮ ॥

প্রবিশ্য মুখরা। কৃষ্ণং বিলোক্য সংস্কৃতেন।

বনাসক্তং চেতঃ প্রণয়তি গৃহাদেষা বিরময়ন্
বরেণ্যং বন্ধূনাং প্রণয়মপি বিস্মারয়তি যঃ।
মহাধূর্ত্ত শ্রেণী গুণগরিম বিস্তারণ গুরোঃ
করোৎসঙ্গে তস্য ত্বমপি সরলে পুত্রি পতিতা ॥ ৫৯ ॥

মধুমঙ্গলঃ। জনান্তিকং। ভো বঅস্‌স মারুদ বাআলী কিদ

চন্দ্রাদপি কান্তং মুখং যস্যাঃ হে তথা বিধে।

ললিতা। ঝটিতি কন্ধরাং পরাবর্ত্তয়ঃ পৃষ্ঠতঃ আকারয়তি আহ্বয়তি ॥ ৫৮

গৃহাদ্বিরময়ন্ গৃহাদ্বিরতং কৃত্বা বনাসক্তং চেতঃ করোতীত্যর্থঃ। ধূর্ত্ত শ্রেণী গুণানাং গরিমা আধিক্যং তস্য বিস্তারণে প্রকাশনে পটোর্দক্ষস্য ॥ ৫৯ ॥

ললিতা। রাধে। শীঘ্র পশ্চাদ্দিকে আপনার কন্ধর পরাবর্ত্তিত কর, আর্য্যা মুখরা ডাকিতেছে ॥

শ্রীরাধা। তাহাই করিলেন ॥ ৫৮ ॥

মুখরা। (প্রবেশ পূর্ব্বক কৃষ্ণকে দেখিয়া সংস্কৃত ভাষায়) পুত্রি! যে গৃহ হইতে চিত্তকে প্রতি নিবৃত্ত করিয়া বনে আসক্ত করায়, যে বন্ধুজনের গুরুতর প্রণয়কেও বিস্মরণ করিয়া দেয় এবং যে ধূর্ত্তশ্রেণীর গুণ গরিমা বিস্তার বিষয়ে গুরু, হে সরলে! তুমিও সেই কৃষ্ণের হস্তমধ্যে পতিত হইয়াছ ॥ ৫৯ ॥

মধুমঙ্গল। (হস্তাবরণ করিয়া) বয়স্য! বায়ুবেগে বাচালমুখী

মুহী তুজ্ঝ বংসীব্ব বুড্‌ঢিআপত্তা তা এথ কিং বিলম্বসি।

কৃষ্ণঃ। সখি ক্ব মে বংশী।

মধুমঙ্গলঃ। সঅং জেব্ব জাণাসি কহিং ত্তি।

কৃষ্ণঃ। স্ফুটং রাধিকয়ৈব হৃতেয়ং তদেনাং বিনা কথং প্রস্থানমুচিতং ॥

মধুমঙ্গলঃ। সপরিহাসং। ভো ইদং ক্খু অহ্মাণং গুরুঅং ভাঅধেয়ং জং ইমাহিং মোহিনীহিং তুমং চোরিঅ ণ সঙ্গোবিদোসি। তা চিট্‌ঠদু বরাগী মুরলিআ অত্তাণং

মধু। বয়স্য মারুত পাচালীকৃত মুখী তব বংশীব বৃদ্ধা প্রাপ্তা। তদত্র কিং বিলম্বসে।

মধু। স্বয়মেব জানাসি কুত্রেতি। ভো ইদং খলু অস্মাকং গরিষ্ঠং ভাগধেয়ং। যদেতাভি র্মোহিনীভিঃ ত্বং চোরয়িত্বা ন সংগোপিতোসি তত্তিষ্ঠতু বরাকী মুরলিকা আত্মানং গৃহীত্বা পলায়ামঃ ॥ ৬০ ॥

বংশীর ন্যায় বৃদ্ধা মুখরা আসিয়া উপস্থিত হইয়াছে, তবে আর এখানে বিলম্ব করিতেছ কেন ? ॥

কৃষ্ণ। সখে। আমার বংশী কোথায় ? ॥

মধুমঙ্গল। কোথা আছে তা তুমিই জান ॥

কৃষ্ণ। আমি নিশ্চয় জানিয়াছি শ্রীরাধাই হরণ করিয়াছেন, তবে মুরলী ব্যতিরেকে কি প্রকারে গমন উচিত হয় ॥

মধুমঙ্গল। সখে। এ আমাদের পরম ভাগ্য, যে হেতু এই মোহিনীগণ তোমাকে চুরি করিয়া কখনই গোপন রাখিতে পারিবে না, তবে বরাকী বংশী থাকুক, আমরা আপনা

ঘেত্তূণ পলাঅন্ধ ॥

কৃষ্ণঃ। সস্মিতং রে বাচাট তিষ্ঠ তিষ্ঠ ইতি পরিক্রম্য ॥ ৬০ ॥

সুন্দরি বিন্দুচ্যুতকে তব নৈপুণ্যং বভূব পুণ্যেন।
শশিমুখি বশীকৃতাভূদ্বংশী মম যত্ত্বয়া ত্বরয়া ॥

রাধিকা। সভ্রূভঙ্গং। মুঞ্চেহি ণং ভঙ্গীএ কলঙ্কারোবণং
কা জাণাদি তুহ্ম বংসিঅং ॥ ৬১ ॥

ললিতা। সংস্কৃতেন।

ন কাচিদ্গোপীনাং ভবতি পরবিত্ত প্রণয়িনী

বিন্দুচ্যুতকে অলঙ্কার বিশেষে তব নৈপুণ্যং অভ্যাসঃ। বংশী বশীকৃতা অপনীতা। পক্ষে বিন্দু বিশিষ্টা বংশী বিন্দুঃ লুপ্তা বশীকৃতা ইতি বিন্দুচ্যুত-কালঙ্কারঃ।

রাধি মুঞ্চ ভঙ্গ্যা কলঙ্কারোপণং কা জানাতি তব বংশীকাং ॥ ৬১ ॥

লইয়া পলায়ন করি ॥

কৃষ্ণ। (ঈষৎ হাস্য পূর্ব্বক) অরে বাচাল! থাক্ থাক্।
(এই বলিয়া মুখ ফিরাইয়া) ॥ ৬০ ॥

সুন্দরি! পুণ্য বলেই বিন্দুচ্যুত অলঙ্কার বিশেষে তোমার বিলক্ষণ নিপুণতা আছে। হে শশিমুখি! তুমি আমার বংশীকে বশীভূত করিয়াছ ॥

শ্রীরাধা। (ভ্রূ ভঙ্গের সহিত) ভঙ্গী দ্বারা কলঙ্কারোপণ পরিত্যাগ কর, কে জানে তোমার বংশী কোথায় ॥ ৬১ ॥

ললিতা। (সংস্কৃত ভাষায়) কৃষ্ণ! গোপীদিগের মধ্যে কখন কেহ পরবিত্ত হরণ করে নাই, আমরা সতী স্ত্রী

সতীনামস্মাকং ন বদ পরিবাদং নন্বু মুধা।

ইত্যর্দ্ধোক্তে ॥

কৃষ্ণঃ। সখি ললিতে প্রসীদ প্রসীদ দর্শয় সখ্যো দাক্ষিণ্যং ॥

ললিতা। অলং জল্পৈরেভি র্ব্রজ নিজ নিকেতং দ্রুতমিতো বয়ং কিং সংবৃত্তা স্তব কিতব বেণোঃ প্রতিভুবঃ ॥ ৬২ ॥

রাধিকা। বুন্ধাগাসাদ্য অজ্জে দিট্ঠং তুএ অত্তণো ণত্তুণো চরিত্তং জং এসো অহ্মাণং চোরিআ পরিবাদং দেদি ॥

মুখরা। সসংরম্ভং। রে কহ্নুড় সব্বং মএ বিগ্নাদং জং

সখ্যৌ ময়ি কিতব ধূর্ত্ত প্রতিভুবো নম্বকাঃ ॥ ৬২ ॥

রাধি আর্য্যে দৃষ্টং ত্বয়া আত্মনঃ নপ্তুশ্চরিত্রং। যদেষ অস্মাকং চৌরিকা পরিবাদং দদাতি। মুখরে কৃষ্ণ সত্যং ময়া বিজ্ঞাতং যন্নপত্রীং মম বিড়ম্বিতুং

আমাদিগকে মিথ্যাপবাদ প্রদান করিও না। (এই অর্দ্ধোক্তির পর) ॥

কৃষ্ণ। সখি ললিতে! প্রসন্ন হও, প্রসন্ন হও, বন্ধুজনে সরলতা প্রদর্শন কর ॥

ললিতা। আর বৃথা কথার প্রয়োজন নাই, শীঘ্র এখান হইতে নিজ গৃহে গমন কর, হে ধূর্ত্ত! আমরা কি তোমার বেণুর প্রতিভূ অর্থাৎ জামিন হইয়াছি না কি! ॥ ৬২ ॥

শ্রীরাধা। (বৃন্ধার নিকট গমন করিয়া) বৃদ্ধে! আপনার নপ্তার অর্থাৎ নাতির চরিত্র দেখিলেন ত? এ আমাদিগকে চৌরাপবাদ প্রদান করিল।

মুখরা। (সক্রোধে) অরে কৃষ্ণ! আমি সত্যই জানিলাম, তুমি

নত্তিঅং মহ তুমং বিড়ম্বেহুং লদ্ধোসি ।

মধুমঙ্গলঃ । অই নিট্ঠুর সংসিণি ণিব্বংসিণং হরিঅ তুজ্ঝ ণত্তিণী তুমং দুগ্গং লদ্ধা ॥ ৬৩ ॥

কৃষ্ণঃ । আর্য্যে মুখরে সত্যমাহ বয়স্যঃ ।

মুখরা । অই রাহি অবি কিং সব্বং এদং ।

রাধিকা । অজ্জ বুন্দাবণে ইন্ধণাণাং কিং মহগ্ঘদা জাদা জং হত্থমেত্তা বংস কট্ঠিআ অম্হেহিং হরিদব্বা ।

লদ্ধোসি ।

মধু অয়ি নিষ্ঠুর শংসিনি মিথ্যা ভাষিণি নির্ব্বংশিকে বংশিকাং হৃত্বা তব নপ্ত্রী ত্বাং দুর্গং লব্ধা ॥ ৬৩ ॥

মুখ অয়ি রাধে অপি কিং সত্যমিদং ।

রাধি আর্য্যে বৃন্দাবনে ইন্ধনানাং মহার্ঘতা জাতা যৎ হস্তমাত্রা বংশী কাষ্ঠিকাস্মাভির্হর্ত্তব্যা ।

আমার নপ্ত্রীকে (নাতিনীকে) বিড়ম্বিত করিতে আসিয়াছ ॥

মধুমঙ্গল । অয়ি নিষ্ঠুর ভাষিণি, নির্ব্বংশিকে ! তোমার নপ্ত্রীই (নাতিনীই) বংশী চুরি করিয়া দুর্গরূপ তোমাতে প্রবেশ করিয়াছে ॥ ৬৩ ॥

কৃষ্ণ । আর্য্যে মুখরে ! বয়স্য সত্য বলিয়াছে ॥

মুখরা । অয়ি রাধে ! একি সত্য বটে ? ॥

শ্রীরাধা । আর্য্যে ! বৃন্দাবনে কি কাষ্ঠ দুর্মূল্য হইয়াছে, যে আমরা হস্ত মাত্র কাষ্ঠ বংশী অপহরণ করিব ॥

কৃষ্ণঃ স্মিত্বা হন্ত পীতে প্রচণ্ডদেবি যদি বেণুং নজহর্থ ততঃ কথং তদ্বার্ত্তায়াং স্মিত কুট্মলোল্লাসাদুৎফুল্ল কপোলা দোলায়িত দৃগন্তাসি।

মুখরা। সাক্রোশং। চঞ্চল অহিমন্নুণো সধম্মিণী তুজ্ঝ বন্দণিজ্জা তহবি পরিহসিজ্জই॥ ৬৪॥

মধুমঙ্গলঃ। মুহরে এসো জণ্ণোপবীদস্স সবামি দিট্ঠং মএ পুহবী বিলগ্গসেহরেণ অজ্জ রাহিআ বন্দিতাপি অব-

মুখ চঞ্চল অভিমন্যোঃ সহধর্ম্মিণী পত্নী তব বন্দনীয়া বন্দনযোগ্যা। ব্রজেশ্বরী মাতুল পুত্র ভার্য্যাত্বেন মাতুলানী সম্বন্ধাদিত্যর্থঃ। তদপি পরিহস্যসে॥ ৬৪॥

মধু মুখরে এষ যজ্ঞোপবীতায় শপামি। দৃষ্টং ময়া পৃথিবী বিলগ্ন শেখরেণ অদ্য রাধিকা বন্দিতা প্রিয়বয়স্যেন।

কৃষ্ণ। (ঈষৎ হাস্য করিয়া) অহো! গৌরাঙ্গি প্রচণ্ডদেবি! যদি বেণুই না হরণ করিয়া থাকিবা তবে কেন মুরলীর কথায় ঈষৎ হাস্য নিবন্ধন তোমার কপোল দেশ উৎফুল্ল ও লোচনাঞ্চল দোলায়িত হইতেছে॥

মুখরা। (আক্রোশের সহিত) চঞ্চল! অভিমন্যু পত্নী তোমার বন্দন যোগ্যা অর্থাৎ ব্রজেশ্বরীর মাতুল পুত্র ভার্য্যা প্রযুক্ত তোমার মাতুলানী হয়, তবে কেন তুমি ইহার সহিত পরিহাস করিতেছ॥ ৬৪॥

মধুমঙ্গল। মুখরে! এই যজ্ঞোপবীতের শপথ, আজ আমি স্বচক্ষে দেখিয়াছি, প্রিয়বয়স্য ভূমিসংলগ্ন মস্তকে শ্রীরাধাকে

অণ্‌সেণ ॥

মুখরা । সানন্দং তদো ইমস্‌স ধম্মো বড্‌ঢিস্‌সদি ॥ ৬৫ ॥

সর্ব্বে । স্মিতং কুর্ব্বন্তি ।

মুখরা । কহ্নড় ইমিণা তুজ্ঝ চাবলেণ খিজ্জিস্‌সদি বল্লইন্দো। ণন্দো তা গচ্ছুঅ গোমণ্ডলং সন্তালেহি ।

কৃষ্ণঃ । আর্য্যে বিনা বেণুং বিপ্রকৃষ্টায়া ধবলাবলেরাকৃষ্টি র্দুর্ঘটা ।

ললিতা । কহ্ন অবলা বলিণোত্তি কীস উজ্জুঅং ণ কধেসি ।

মুখ ততোঽস্য ধর্ম্মো বর্দ্ধিষ্যতি ॥ ৬৫ ॥

মুখ কৃষ্ণ অনেন তব চাপলেন খিদ্যন্তিতি খেদং প্রাপ্নোতি বল্লবেন্দ্রো নন্দঃ তদ্‌গচ্ছ গোমণ্ডলং সন্তালয় ।

ললি কৃষ্ণ অবলা২লেরিতি কস্মাৎ ঋজুং ন কথয়সি ।

প্রণাম করিয়াছেন ।

মুখরা । (আনন্দের সহিত) তবে ইহার ধর্ম্ম বৃদ্ধি হইবে ॥৬৫

সকলে । হাস্য করিতে লাগিলেন ॥

মুখরা । কৃষ্ণ ! তোমার এই চাপল্যে গোপরাজ নন্দ দুঃখিত হইবেন, অতএব তুমি গিয়া গো সকল রক্ষা কর ॥

কৃষ্ণ । আর্য্যে ! বেণু ব্যতিরেকে ইতস্ততঃ পলায়িত ধবলা সকলের আকর্ষণ দুর্ঘট ॥

ললিতা । কৃষ্ণ ! অবলা সকলের এই সরল কথা না বলিতেছ কেন ? ॥

কৃষ্ণঃ। ললিতে বৃদ্ধয়াদ্য সবলা যূয়ং ততঃ কথমিদং কথয়িষ্যামি।

মুখরা। সরোষং সংস্কৃতেন।

নবীনাগ্রে নপ্ত্রী চটুল নহি ধর্ম্মাত্তব ভয়ং
নমে দৃষ্টির্মধ্যে দিনমপি জরত্যাঃ পটুরিয়ং।
অলিন্দাত্ত্বং নন্দাত্মজ ন যদি রে যাসি তরসা
তদাহং নির্দ্দোষা পথি কিয়তি হংহো মধুপুরী॥

মধুমঙ্গলঃ। সরোষং। তুম্মুহি বুড্‌ঢিএ তুজ্ঝ কংসাদো

মধ্যে দিনং দিনস্ত মধ্যেপি। পারে মধ্যে ষষ্ঠ্যা বেতি সমাসঃ। কিয়তি পথি নিকটে এবেতি ভাবঃ। তেন মথুরাং গত্বা সর্ব্বং কংসায় নিবেদ্য শাস্তিং কারয়ামীতি ভীষয়তি।

মধু দুর্ম্মুখি বৃদ্ধে তব কংসতঃ কিং ভয়ং বিভীমঃ যন্মধুপুরং আসন্নং কথয়সি।

কৃষ্ণ। ললিতে। আজ তোমরা মুখরার সহিত সবলা অর্থাৎ বলিষ্ঠা, তবে তোমাদিগকে কিরূপে অবলা বলিব॥

মুখরা। (সক্রোধে সংস্কৃত ভাষায়) হে চঞ্চল! আমার অগ্রে নবীন নপ্ত্রী (নাতিনী) তোমার ধর্ম্ম ভয় নাই, আমি বৃদ্ধা, মধ্যদিনেও আমার চক্ষুতে ভাল রূপে দৃষ্টি হয় না, অতএব হে নন্দপুত্র! তুমি যদি আমার অলিন্দ অর্থাৎ ছাঁইচ হইতে শীঘ্র না যাও তবে আমিত নির্দ্দোষা, অহো মধুপুরীর পথই বা কত দূর অর্থাৎ কংসরাজকে সমুদায় নিবেদন করিয়া তোমার শাস্তি করাইব॥

মধুমঙ্গল। দুর্ম্মুখি বৃদ্ধে! আমরা কি তোমার কংসরাজের

কিং অম্মো ভাএন্ত জং মহুপুরং আসন্নং কহেসি।

মুখরা। সব্যাজং। অরে চিট্‌ঠ চিট্‌ঠ এসাহং ণত্তিণিঅং ঘেত্তূণ রাঅসহং পত্থিদোম্হি। ইতি রাধাদিভিরনুগম্যমানা নিষ্ক্রান্তাঃ।

কৃষ্ণঃ। সখে সমাগচ্ছ কালিন্দী কচ্ছমুপেত্য গবামন্বেষণং করবাবেতি। পরিক্রম্য বলিত গ্রীবং পশ্চন্ সোচ্ছ্বাসং।

মুদ্রাং ধৈর্য্যময়ীং ক্ষণং বিতনুতে তারুণ্য লক্ষ্মীং ক্ষণং সোপেক্ষাঃ ক্ষণমানোতি ভণতীরৌৎসুক্যভাজঃ ক্ষণং॥ শুদ্ধাং দৃষ্টিমিতঃ ক্ষণং প্রণয়তি প্রেঙ্খৎ কটাক্ষাং ক্ষণং রোষেণ প্রণয়েণ চাকুলিতধী রাধা দ্বিধা ভিদ্যতে॥

মুখ তিষ্ঠ তিষ্ঠ এষাহং নপ্ত্রীং গৃহীত্বা রাজসভাং প্রস্থিতাস্মি ॥৬৬॥

ভয়ে ভীত, যে নিকটবর্ত্তি মথুরা বলিতেছ ? ॥

মুখরা। (ছল পূর্ব্বক) অহে! থাক থাক, নপ্ত্রীকে লইয়া এই আমি রাজ সভায় চলিলাম, (এই বলিয়া শ্রীরাধাদির সহিত প্রস্থান)॥

কৃষ্ণ। সখে! আইস, আমরা কালিন্দী কূলে গো সকল অন্বেষণ করি। (এই বলিয়া পশ্চাৎদিকে গ্রীবা বক্র করিয়া দীর্ঘ নিশ্বাসের সহিত) অহো! শ্রীরাধা ক্ষণকাল ধৈর্য্যময়ী মুদ্রা, ক্ষণকাল বা তারুণ্য লক্ষ্মী, ক্ষণকাল উপেক্ষা, ক্ষণকাল বা ঔৎসুক্য বচন, ক্ষণকাল বিশুদ্ধ দৃষ্টি এবং ক্ষণকাল বা বক্র দৃষ্টি নিক্ষেপ করিয়া রোষ ও প্রণয় বশত আকুলিত বুদ্ধিতে দ্বিধা হইতেছেন।

ইতি নিষ্ক্রান্তাঃ সর্ব্বে ॥

॥ * ॥ ইতি শ্রীবিদগ্ধমাধবে বেণুহরণ নাম চতুর্থোঽঙ্কঃ ॥ * ॥

॥ * ॥ ইতি চতুর্থোঽঙ্কঃ ॥ * ॥

(এই বলিয়া সকলের প্রস্থান)

॥ * ॥ ইতি শ্রীরামনারায়ণ বিদ্যারত্নকৃত ব্যাখ্যায় বিদগ্ধ-মাধব নাটকে বেণুহরণ নাম চতুর্থ অঙ্ক ॥ * ॥

ততঃ প্রবিশতি পৌর্ণমাসী ।

পৌর্ণমাসী । স্নেহং শোকক্বশানো বিনোদ সদনং সদেতি নাতথ্যং । স্নিগ্ধাদ্য রাধিকায়াং যদহং তেনাশু দগ্ধাস্মি । পুরোহবলোক্য কেয়ং মধুমঙ্গলসঙ্গিনী বর্ত্ততে ।

পুন নির্ভাল্য ॥

অজনিত শাসনভঙ্গা স্থিরজঙ্গম মণ্ডলৈঃ স্ববনে ।

বৈশাখ পূর্ণিমাতঃ পঞ্চম্যাঃ তিথেঃ প্রাতস্তনী মান বেণু হরণাদি লীলাং বর্ণয়িত্বা ইদানীং তদ্দিনস্থৈবাপরাহ্ণ পর্য্যন্তং বৃদ্ধা প্রতারণ মানভঞ্জন বন বিহরণাদি লীলাং প্রকাশয়িতুং পঞ্চম অঙ্কমারভতে । ততঃ প্রবিশতীত্যাদিনা । স্নেহঃ প্রেম তিলাদি রসশ্চ কৃশানুরগ্নিঃ ॥ ১ ॥

বৈশাখী পূর্ণিমার পর পঞ্চমী তিথির প্রাতঃ কালীন মান ও বেণু হরণাদি লীলা বর্ণন করিয়া ঐ দিবসেরই অপরাহ্ণ পর্য্যন্ত বৃদ্ধা প্রতারণা, মান ভঞ্জন ও বন বিহারাদি লীলা প্রকাশ করিবার নিমিত্ত পঞ্চমাঙ্ক আরম্ভ হইতেছে ॥

(অনন্তর পৌর্ণমাসীর প্রবেশ)

পৌর্ণমাসী । স্নেহ সর্ব্বদাই শোকাগ্নির বিলাস স্থান, এ কথা মিথ্যা নহে, যে হেতু আমি শ্রীরাধাতে স্নেহ করিয়া আজ সেই অগ্নিতে দগ্ধ হইতেছি । (অগ্রে দৃষ্টিপাত পূর্ব্বক) মধুমঙ্গল সঙ্গিনী এ কে আমার দিকে আসিতেছে । (পুনর্ব্বার দৃষ্টিপাত করিয়া) বৃন্দাবন মধ্যে স্থাবর জঙ্গম প্রভৃতি কেহই যাহার শাসন উল্লঙ্ঘন করিতে পারে না, এবং যে, সকল প্রাণির শব্দ বুঝিতে পারে সেই বৃন্দা

নিখিল প্রাণেরুতজ্ঞা বিন্দতি পুরতঃ কথং বৃন্দা ॥

প্রবিশ্য বৃন্দা মধুমঙ্গলশ্চ। অম্ব বন্দে ॥

পৌর্ণমাসী। স্বস্তি যুবাভ্যাং।

বৃন্দা। ভগবতি কথং শোচন্ত্যসি ॥

পৌর্ণমাসী। বৎসে বিদগ্ধ পুঙ্গবস্য সঙ্গম লক্ষ্মাণি রাধিকায়া মভিলক্ষ্য মন্যুমানভিমন্যুঃ সম্প্রতি মধুপুর্য্যাং সকুটম্ব বস্তুমুৎকণ্ঠতে ॥ ১ ॥

তত্রাপি তদম্বা তদীর্ষা জম্বালাবলী জৃম্ভায়াং কাদম্বিনী

তদম্বা জটিলা তস্যাং রাধায়াং যা ঈর্ষা সম্ভোগ চিহ্নাদি দর্শনেন অক্ষান্তিঃ সৈব জম্বালাবলী পঙ্ক সমূহঃ তস্য জৃম্ভায়াং আবির্ভাব নিমিত্তে কাদম্বিনীভাবং মেঘমালাত্বং আলম্ব্য রাধৈব হংসী তামুদ্বেজয়তি ॥ ২ ॥

কেন আজ আমার অগ্রে আসিতেছে ॥

বৃন্দা ও মধুমঙ্গল। (প্রবেশ পূর্ব্বক) মাতঃ। বন্দনা করি।

পৌর্ণমাসী। তোমাদের মঙ্গল হউক,

বৃন্দা। ভগবতি! আপনি কেন শোকাকুল হইয়াছেন?।

পৌর্ণমাসী। বাছা! শ্রীরাধায় রসিক নাগরের সঙ্গম চিহ্ন লক্ষ্য করিয়া ক্রোধ পরায়ণ অভিমন্যু সম্প্রতি সকুটম্বে মধুপুরীতে বাস করিতে ইচ্ছা করিয়াছে ॥ ১ ॥

তাহাতে আবার তাহার মাতা জটিলা কৃষ্ণসম্ভোগ জনিত চিহ্নাদি দর্শনে ঈর্ষা রূপ পঙ্কে মেঘমালা ভাব অবলম্বন করিয়া রাধা নাম্নী হংসীকে উদ্বেগ প্রদান করি-

ভাব মালম্ব্য রাধামরালীমুদ্বেজয়তি। তেনাদ্য শোচামি।

বৃন্দা। পৌর্ণমাসী শুভাশীশ্চন্দ্রিকৈব বিঘ্নান্ধকার সংহারিণী ॥ ২ ॥

মধুমঙ্গলঃ। অজ্জে কহং তুজ্ঝ রাহোবরি বরিট্‌ঠং পেম্মং।

পৌর্ণমাসী। বৎস সত্যমপি ভূরিণি প্রেমোদয় কারণে তস্যামনন্যাপেক্ষি মমেদং প্রেম।

বৃন্দা। যুক্তমিদং। যতঃ।

জগতি কিল বিচিত্রে কুত্রচিন্নিশ্চলাত্মা
ভবতি নিরভিসন্ধিঃ কস্যচিৎ প্রেমবন্ধঃ।

মধু আর্য্যে কথং তব রাধোপরি বরিষ্ঠঃ প্রেম। নিরভিসন্ধিঃ উপাধি শূন্যঃ কুম্ভযোনৌ মুনীর্ণে অগস্ত্যে উদয়তি সতি খঞ্জন সমূহো বিলসতি। তদা ইত্থং গত্বরতি নাশমদর্শনং ॥ ৩ ॥

তেছে, সেই কারণে শোক করিতেছি ॥

বৃন্দা। পৌর্মাসীর শুভাশীর্ব্বাদ চন্দ্রিকাই বিঘ্নান্ধকার সংহার করিবে ॥ ২ ॥

মধুমঙ্গল। আর্য্যে! কি প্রকারে শ্রীরাধার প্রতি আপনার এরূপ গুরুতর প্রেম ॥

পৌর্ণমাসী। বাছা! সত্যই শ্রীরাধার প্রতি প্রেমের বহুতর কারণ থাকিলেও, তাঁহার প্রতি আমার এ অনন্যাপেক্ষি প্রেম ॥

বৃন্দা। ইহা উপযুক্ত বটে। কেন না এই বিচিত্র জগতে কোন বিষয়ে কাহারও অভিসন্ধিশূন্য নিশ্চল প্রেম হইয়া থাকে, তাহার দৃষ্টান্ত এই যে, যেমন অগস্ত্য উদয় হইলে

বিলসতি সমুদীর্ণে কুম্ভজে খঞ্জনালী
কলিত রতি তথাস্তং হন্ত নাশং প্রযাতি ॥ ৩ ॥

মধুমঙ্গলঃ। কেরিসং ণিরহিসন্ধিণো পেম্মস্স চিহ্নং।

পৌর্ণমাসী। স্তোত্রং যত্র তটস্থতাং প্রকটয়চ্চিত্তস্য ধত্তেব্যথাং
নিন্দাপি প্রমদং প্রযচ্ছতি পরীহাস শ্রিয়ং বিভ্রতী।
দোষেণ ক্ষয়িতাং গুণেন গুরুতাং কেনাপ্যনাতন্বতী
প্রেম্নঃ স্বারসিকস্য কস্যচিদিয়ং বিক্রীড়তি প্রক্রিয়া ॥

মধুমঙ্গলঃ। এব্বং রূপং কৃখু দোণ্ণং রাহামাহবাণং পেম্মং।

মধু কীদৃশং নিরভিসন্ধেঃ প্রেমস্য লক্ষণং। দোষেণ ক্ষয়িতামিতি কমপি গুণাদিকমুপাধিমালম্ব্য জায়তে চেৎ তদা দোষ দর্শনে ন ক্ষীণো ভবতি গুণদর্শনে ন বৃদ্ধো ভবতি। নিরুপাধিস্তু দোষ গুণো নাপেক্ষতে। যথা অজ্ঞানিনঃ স্বদেহে প্রেম।

মধু এবং রূপং খলু দ্বযোঃ রাধা মাধবয়োঃ প্রেম ॥ ৩ ॥

খঞ্জন পক্ষী সকল সর্ব্বত্র বিরাজ করে এবং অগস্ত্য অস্ত হইলে সেই খঞ্জন সকলও পুনরায় অদর্শন হয়, তদ্রূপ ॥৩

মধুমঙ্গল। নিরভিসন্ধি প্রেমের লক্ষণ কি প্রকার ?।

পৌর্ণমাসী। যাহাতে প্রশংসা করিলে ঐ প্রশংসা ঔদাসীন্য অবলম্বন করিয়া মনো বেদনা উৎপাদন করে এবং যাহাতে নিন্দা করিলে ঐ নিন্দাও পরিহাস রূপে পরিণত হইয়া মনের আনন্দ জন্মাইয়া দেয়, অপর দোষে যাহার অল্পতা ও গুণে যাহার অধিকতা হয় না; তাহাকেই নৈসর্গিক প্রেম কহে ॥

মধুমঙ্গল। নিশ্চয় রাধা মাধবের এই প্রকারই প্রেম ॥

পৌর্ণমাসী। বৎস কিমুচ্যতে। মাধুর্য্য সংসর্গিণো নৈসর্গিকস্থ পরস্পর বল্লভানাং বিদগ্ধ মিথুনানাং প্রেম শৃঙ্খলা বন্ধনস্য পরমোৎকর্ষ রেখায়াং দৃষ্টান্তঃ কিল রাধামাধবয়ো র্ভাবামৃত ভূমা ॥ ৪ ॥

বৃন্দা। ভগবতি শ্রূয়তাং ॥

যষ্টিং বষ্টি ন পাণিনা কলয়িতুং শৃঙ্গেণ সংজ্ঞার্থিতাং
ধত্তে ধাতুভিরঙ্গমণ্ডনময়ীং নাঙ্গীকরোতি ক্রিয়াং।
পর্ণং বাদয়তে ন ঘূর্ণিতমনা স্তীরে কৃতাস্তস্বস্থঃ
কিন্তু ক্লাম্যতি মুক্তবিভ্রমগুণগ্রামোদ্য দামোদরঃ ॥ ৫ ॥

পৌর্ণমাসী। সখেদং কথমিদং ॥

যষ্টিং পাণিনা কলয়িতুং বষ্টি ন কাময়তে শৃঙ্গে সংজ্ঞার্থিতাং ন ধত্তে ॥ ৫ ॥

পৌর্ণমাসী। বাছা! কি বলিব, পরস্পর বল্লভ রসিক মিথুন সকলের মাধুর্য্য সংসর্গি নৈসর্গিক প্রেম শৃঙ্খল বন্ধনের পরম উৎকর্ষ পক্ষে রাধা মাধবের ভাবামৃত রাশিই দৃষ্টান্ত স্থল ॥ ৪ ॥

বৃন্দা। ভগবতি! শ্রবণ করুন। আজ দামোদর হস্ত দ্বারা যষ্টি ধারণ করিতে ইচ্ছা করিতেছেন না, শৃঙ্গধ্বনি দ্বারা কাহাকেও সঙ্কেত করিতেছেন না, গৈরিকাদি ধাতু দ্বারা অঙ্গ ভূষণ ময়ী ক্রিয়া অঙ্গীকার করিতেছেন না এবং ঘূর্ণিত মনে পত্রও বাদ্য করিতেছেন না, অধিক কি বলিব তিনি যমুনাতীরে বিলাস শূন্য হইয়া কেবল মাত্র ক্লান্ত হইতেছেন ॥ ৫ ॥

পৌর্ণমাসী। (খেদের সহিত) এ রূপ হইল কেন? ॥

মধুমঙ্গলঃ। ললিতা কোড়িল্লেণ।

পৌর্ণমাসী। নূনং ললিতয়া হঠানুবর্ত্তমানা বর্ত্ততে রাধিকা॥

বৃন্দা। অথ কিং।

পৌর্ণমাসী। ন জানে ক খল্বদ্য ললিতাদয়ঃ।

বৃন্দা। তাসামুদ্দেশায় ময়া সুবলং প্রেষিতোঽস্তি॥

প্রবিশ্য সুবলঃ। অজ্জে বন্দেমি॥

পৌর্ণমাসী। সুবল ক দৃষ্টা রাধাদয়ঃ।

সুবলঃ। মুহরা ঘরোবান্ত বট্টিণো রসালস্স মূলে।

পৌর্ণমাসী। বৎস মধুমঙ্গল তূর্ণমনুসৃত্য রাধিকামভিসারয়-ন্ত্যস্মি তদেতয়া সূক্তিশ্চন্দ্রিকয়া ত্বমানন্দয় মুকুন্দং॥

ললিতা কৌটিল্যেন। সুব আর্য্যে বন্দামি। মুখরা গৃহোপান্ত বর্ত্তিনঃ রসালস্য মূলে।

মধুমঙ্গল। ললিতার কুটিলতায়॥

পৌর্ণমাসী। নিশ্চয় শ্রীরাধা ললিতার ছলনায় পড়িয়াছেন।

বৃন্দা। তাহাই বটে।

পৌর্ণমাসী। আজ ললিতাদি কোথায় তাহা ত জানিনা।

বৃন্দা। আমি তাহাদের উদ্দেশের নিমিত্ত সুবলকে প্রেরণ করিয়াছি॥

সুবল। (প্রবেশ পূর্ব্বক) আর্য্যে! প্রণাম করি।

পৌর্ণমাসী। সুবল! শ্রীরাধা প্রভৃতিকে কোথায় দেখিয়াছ?।

সুবল। মুখরার গৃহ সমীপ বর্ত্তি আম্র মূলে।

পৌর্ণমাসী। আমি শীঘ্র গিয়া শ্রীরাধাকে অভিসার করাই, তুমি এই সুমিষ্ট বাক্য চন্দ্রিকা দ্বারা মুকুন্দকে আনন্দিত

মধুমঙ্গলঃ । সহর্ষং নিষ্ক্রান্তঃ ।

বৃন্দা । জনান্তিকং । সুবল ময়া সমর্পিতং পদ্মং নাম কিং ত্বয়া বিশাখায়াং সঞ্চারিতং ॥

সুবলঃ । অথ ইং ।

পৌর্ণমাসী । বৃন্দে যাবৎ প্রাসাদ্য প্রসাধ্যচ রাধাং সঞ্চারয়ামি তাবদযুবাভ্যাং পুরঃ কদম্ব নিকুঞ্জে বিশ্রাম্যতাং ॥৬

বৃন্দা । সুবলেন সহ নিষ্ক্রান্তা ।

পৌর্ণমাসী । পরিক্রম্য কথং ললিতৈবয়মায়াতি ॥

অথ কিং । প্রসাদ্য অলঙ্কৃতা ॥ ৬ ॥

কর গা ॥

মধুমঙ্গল । (সহর্ষে) গমন করিলেন ॥

বৃন্দা । (হস্তাবরণ করিয়া) সুবল ! আমি যে তোমাকে পদ্মটী সমর্পণ করিয়াছিলাম, তাহা কি তুমি বিশাখাকে প্রদান করিয়াছ ? ॥

সুবল । হাঁ দিয়াছি ।

পৌর্ণমাসী । বৃন্দে ! যাবৎ শ্রীরাধাকে প্রসন্ন এবং অলঙ্কৃত করিয়া এখানে আনয়ন না করি, তাবৎ তোমরা অগ্রবর্ত্তি কদম্ব কুঞ্জে বিশ্রাম করগা ॥ ৬ ॥

বৃন্দা । সুবলের সহিত গমন করিলেন ।

পৌর্ণমাসী ! (প্রত্যাবর্ত্তন পূর্ব্বক) এ কি ললিতা আসিতেছে ? ।

প্রবিশ্য ললিতা। ভঅবদি তুম্হ সআসং গচ্ছন্তী ম্হি।

পৌর্ণমাসী। কিমর্থং।

ললিতা। অজ্জে তিণা ধুত্তেণ পুণো পুণো অবরঞ্জিদাবি পিয় সহী লাহবং অমগ্নিঅ সুট্‌ঠু উক্কণ্ঠেদি তা কিং করিসসং॥

পৌর্ণমাসী। বৎসে মুঞ্চ মুধা কালুষ্যং নাপরাধ্যতি মাধবঃ। কিন্তু মধুমঙ্গল প্রমাদিতৈব বঃ খেদায় বভুব॥

ললিতা। স্বগতং। মমাবি এদং ণন্দীমুহীএ কধিদং।

প্রকাশং। অজ্জে পেক্‌খ এসা রাহী রসালসস মূলে কম্পন্তী

ললি ভগবতি তব সকাশং গচ্ছন্ত্যাস্মি। ললি আর্য্যে তেন ধূর্ত্তেন পুনঃ পুনঃ অব রঞ্জিতা অপমানিতাপি প্রিয়সখী লাঘবং অমত্বা সুষ্ঠু উৎকণ্ঠতে। তৎ কিং করিষ্যামি। ললি মমাপি ইদং নান্দীমুখ্যা কথিতং আর্য্যে পশ্য রসালাস্য মূলে

ললিতা। (প্রবেশ করিয়া) ভগবতি! আপনার নিকটেই যাইতেছি।

পৌর্ণমাসী। কি জন্য?।

ললিতা। আর্য্যে! প্রিয়সখী রাধা সেই ধূর্ত্ত কর্ত্তৃক পুনঃ পুনঃ অপমানিতা হইয়াও স্বীয় লঘুতা স্বীকার না করিয়া আবার তাহার নিমিত্তই উৎকণ্ঠিতা হইতেছেন, তবে আমি কি করিব॥

পৌর্ণমাসী। বৎস! বৃথা মালিন্য পরিত্যাগ কর, মাধব অপরাধি নহেন কিন্তু মধুমঙ্গলের অনবধানতাই তোমাদের খেদের নিমিত্ত হইয়াছে।

ললিতা। (মনে মনে) আমাকে নান্দীমুখীও এ কথা বলিয়াছেন। (প্রকাশ পূর্ব্বক) আর্য্যে! দেখুন দেখুন আম্র

কিম্পি জপ্পদি।

ততঃ প্রবিশতি রাধা সানুতাপং সংস্কৃতেন ॥ ৭ ॥

কর্ণান্তে ন কৃতা প্রিয়োক্তি রচনা ক্ষিপ্তং ময়া দূরতো
মল্লীদাম নিকাম পথ্য বচসে সখ্যৈ রুষঃ কল্পিতাঃ।
ক্ষৌণীলগ্ন শিখণ্ড শেখরমসৌ নাভ্যর্থয়ন্নীক্ষিতঃ
স্বান্তং হন্ত মমাদ্য তেন খদিরাঙ্গারেণ দন্দহ্যতে ॥

কম্পতী এষা রাধিকা কিমপি জল্পতি ॥ ৭ ॥

অভ্যার্থয়ন্নিতি অর্থ যাচন ইত্যস্মাত্মনে পদিত্বেঽপি পরস্মৈ পদঃ। দন্দহ্যতে অতিশয়েন দহ্যতে ॥ ৮ ॥

মূলে শ্রীরাধা কাঁপিতে কাঁপিতে কি বলিতেছেন।

(অনন্তর শ্রীরাধার প্রবেশ)

শ্রীরাধা। (অনুতাপের সহিত সংস্কৃত ভাষায়) ॥ ৭ ॥

(এই স্থানে কলহান্তরিতা *)

হায়। আমি প্রিয়োক্তি সকল কর্ণে করি নাই, মল্লিকা মালাও দূরে নিক্ষেপ করিয়াছি, সখীগণ আমাকে ভাল কথা বলিলেও আমি তাহার প্রতি কোপ করিয়াছি। অধিক কি শিখণ্ডশেখর কৃষ্ণ ভূমি লুণ্ঠিত হইয়া প্রার্থনা করিলেও আমি তাঁহার প্রতি দৃষ্টিপাত করি নাই, অতএব সেই সকল কারণেই আজ আমার অন্তঃকরণ খদিরাঙ্গারে পুনঃ পুনঃ দগ্ধ হইতেছে ॥

---

* যে নায়িকা সখীজনের সমক্ষে পদানত বল্লভকে পরিত্যাগ করিয়া পশ্চাৎ অতিশয় তাপ অনুভব করে, তাহাকে কলহান্তরিতা কহা যায়। প্রলাপ, সন্তাপ, গ্লানি ও দীর্ঘ নিশ্বাস ত্যাগ প্রভৃতি কলহান্তরিতা নায়িকার চেষ্টা ॥

পৌর্ণমাসী। পুত্রি প্রচ্ছন্নমুপসৃত্য শৃণুবঃ প্রেম বিলাস মিত্যাভে তথা স্থিতে॥

রাধিকা। সচাপলং পুনঃ সংস্কৃতেন ॥ ৮ ॥

যথা রাগ ॥

কৃষ্ণপ্রিয়বাণী, অমৃত দমনী, না কৈল শ্রবণ অন্তে। এবে পিক কল, শবদে জারিল, শ্রুতি মন পরমন্তে॥ হায় হায় কেন বা করিনু মান। নবীন পিরিতি, নিরসলুঁ অতি, তাপিত করিলু প্রাণ॥ ধ্রু॥ সে কর কমল, রচিত বিমল, উপেখলুঁ মল্লিমালা। সহচরী গণ, সহিত বচন, অহিত সমান ভেলা॥ সে হরি শিখণ্ড, শেখর অখণ্ড ধরণী লোটাইয়া কত। মিনতি করিল, তাহা না দেখিল, এ মোর নয়ানে পথ॥ খদির-অঙ্গার, ধরি নিজ কর, আপন হৃদয়ে দিলুঁ। এ সব ভাবিতে, ভাবিতে এ রাতে, পুড়িঞা পুড়িঞা মইলু॥

পৌর্ণমাসী। পুত্রি ললিতে! চল আমরা প্রচ্ছন্ন ভাবে গিয়া শ্রীরাধার প্রেম বিলাস শ্রবণ করি।

যথা রাগ।

ভগবতী শুনি, এ সব কাহিনী, ললিতারে কহে পুতা। এখানে তিলেক, কথা পরতেক, শুনি পিরিতের কথা॥ পুন রাই হিয়া, চপলা হইয়া, কহয়ে মরম বাণী। এ যদু নন্দন, দাস তহি ভণ, ধৈরজ করহ প্রাণী॥

(এই বলিয়া দুইজনে তদ্রূপ অবস্থিত হইলে)

শ্রীরাধা। (চপলতার সহিত পুনরায় সংস্কৃত ভাষায়) ॥ ৮ ॥

ধন্যাস্তা হরিণীদৃশঃ স রমতে যাভির্নবীনো যুবা।

পুনঃ সশঙ্কং। স্বৈরং চাপলমাকলয্য ললিতা মাং হন্ত নিন্দিষ্যতি।

পুনঃ সৌৎসুক্যং॥

গোবিন্দং পরিরব্ধু মিন্দুবদনং হা চিত্তমুৎকণ্ঠতে।

পুনঃ সামর্ষং॥

ধিগ্বামং বিধিমস্তু যেন গরলং মানাভিধং নির্ম্মমে॥

ললিতা। স্বগতং। অদক্খিণে চিট্‌ঠ চিট্‌ঠ জ্জেব্ব কহ্নং

ধন্যা স্তা ইতি চাপল্যাদীনাং সঞ্চারিভাবানাং শাবল্যং।

ললি অদক্খিণে তিষ্ঠ স্বয়মেব কৃষ্ণং নিরাকৃত্য ভঙ্গ্যা মাং দূষয়সি॥ ৯॥

সেই নবীন যুবা যে সকল হরিণাক্ষীদিগের সহিত বিহার করিতেছে তাহারাই ধন্য॥

(পুনর্ব্বার শঙ্কার সহিত)

হায়! ললিতা যদি চপলতা জানিতে পারে, তাহা হইলে আমাকে নিন্দা করিবে॥

(পুনরায় উৎকণ্ঠার সহিত)

হায়! চন্দ্রবদন গোবিন্দকে আলিঙ্গন করিতে আমার চিত্ত উৎকণ্ঠিত হইতেছে॥

(পুনরায় সক্রোধে)

যিনি মানরূপ গরল নির্ম্মাণ করিয়াছেন সেই প্রতিকূলাচারি বিধাতাকে ধিক্॥

ললিতা। (মনে মনে) হে বক্রে! থাক থাক, স্বয়ং কৃষ্ণকে

নিরাকত্তুস্স ভঙ্গীএ মং দূসাসি ॥ ৯॥

রাধিকা। ভৃঙ্গীমবেক্ষ্য সংস্কৃতেন।

কৃমিরপি নমিতাত্মা হন্ত বৃন্দাবনেঽস্মিন
কলয়তি নিজমৌলৌ বর্হমৌলের্নিদেশং।
অনুনয়তি মুহুর্মাং নেতুকামা নিলীয়ং
যদমল মধুরোক্তি স্তস্য দৃষ্টিং শঠস্য ॥

পৌর্ণমাসী। সনর্ম্ম স্মিতং। নিখিলমেব বৃন্দাটবী প্রাণি-বৃন্দং দূতীভূতমিয়ং মন্যতে মহামানিনী ॥

রাধিকা। প্রেমাবেশং নাটয়ন্তী সচমৎকারং। কথং এসো

রাধি কথং এষ মাং মোট্টিঅং বলাৎকারেণ পরিরব্ধুং আলিঙ্গিতুং উপসরঃ কৃষ্ণঃ।

পরিত্যাগ করিয়া ভঙ্গি দ্বারা আমাকে দূষিত করি-তেছে? ॥ ৯ ॥

শ্রীরাধা। (ভৃঙ্গীর প্রতি দৃষ্টিপাত করিয়া সংস্কৃত ভাষায়) এই বৃন্দাবনে কৃমিও নত শরীরে শিখণ্ড শেখরের নিদেশ স্বীয় মস্তকে ধারণ করিয়া থাকে, যে হেতু ভৃঙ্গীও মধু-রোক্তি দ্বারা সেই শঠের দৃষ্টিপথে লইয়া যাইতে আমাকে পুনঃ পুনঃ অনুনয় করিতেছে। ॥

পৌর্ণমাসী। (পরিহাসের সহিত ঈষৎ হাস্য করিয়া) এই মহামানময়ী শ্রীরাধা বৃন্দাবনস্থ সমস্ত প্রাণিকেই আপনার দূতী করিয়া মানিতেছেন ॥

শ্রীরাধা। (প্রেমাবেশ অভিনয় করিয়া আশ্চর্য্যের সহিত)

মং মোট্টিঅং পরিরক্খিদুং উবসপ্পো কণ্হো ॥

পৌর্ণমাসী। গভীরানুরাগ বিবর্ত্তোয়ং যদস্যাং মাধবস্য বিস্ফুরণং।

রাধিকা। সহুঙ্কারং পরাবৃত্য হন্ত ভো বঙ্ককলাশালি চন্দ্রা- অলী কোড় চিরাসঙ্গ ভঙ্গুর কুরঙ্গ অবেহি অবেহি এসো পরিভবিজ্জসি। ইতি কর্ণোৎপলং ক্ষিপন্তী সংস্কৃতেন ॥

যমুনাতীর কদম্বাঃ সম্প্রতি মম হন্ত সাক্ষিণো যূয়ং।
এষ বলাম্মামবলাং গোকুলধূর্ত্তঃ কদর্থয়তি ॥ ১০ ॥

ভো বক্রকলাশালি চন্দ্রাবলী ক্রোড় চিরাসঙ্গ ভঙ্গুর অপেহি অপেহি অপগচ্ছ অপগচ্ছ এষ ত্বং পরিভূয়সে ॥ ১০ ॥

এ কি! কৃষ্ণ যে বল পূর্ব্বক আমাকে আলিঙ্গন করিতে উপস্থিত হইলেন।

পৌর্ণমাসী। এই গভীর অনুরাগের পরাকাষ্ঠা, যে হেতু ইহাঁতে মাধবের স্ফূর্ত্তি দেখিতেছি।

শ্রীরাধা। (হুঙ্কারের সহিত প্রত্যাবৃত্ত হইয়া) অহে বক্র- কলাশালিন্! তুমি বহুকাল যাবৎ চন্দ্রাবলীর ক্রোড়ে ক্রীড়াসুগ হইয়া অবস্থিত ছিলা অতএব দূর হও, দূর হও; এই তোমার প্রতি তিরস্কার করিতেছি। (এই বলিয়া কর্ণোৎপল নিক্ষেপ করত সংস্কৃত ভাষায়)

অহে যমুনাতীরস্থ কদম্ব বৃক্ষ সকল! সম্প্রতি তোমরা আমার সাক্ষী থাক, এই গোকুলধূর্ত্ত বলপূর্ব্বক আমি যে অবলা আমাকে কলঙ্কিত করিতেছে ॥ ১০ ॥

পৌর্ণমাসী। ললিতে পরাং কোটিমারূঢ়া রাধিকোৎকণ্ঠা তদিয়ং ত্বরিতমভিসার্য্যতাং।

ললিতা। পরিক্রম্য হলা রাহি একা জ্জেব্ব কিং মন্তেসি।

রাধিকা। ললিতামালোক্য স্বগতং। কথং সচ্চং জ্জেব্ব একিক্ষি জং কহ্ণো ণ দীসই ॥ ১১ ॥

ইতি সৌৎসুক্যং হলা ললিদে।

পরতণুপবেশ বিজ্জা কধমিহ সামেণ কমিণা পঢিদা।

মহ হিঅএ মাণগ্‌গী পবিসিঅ ণিব্বারিদো জেণ ॥ ১২ ॥

পরাং কোটিং পরমুৎকর্ষং। ললি সখি রাধিকে এষা এব কিং মন্ত্রয়সি।

রাধি কথং সত্যমেব একাস্মি যৎ কৃষ্ণো ন দৃশ্যতে ॥ ১১ ॥

সখি ললিতে পরতনু প্রবেশ বিদ্যা কথমিহ শ্যামেন কামিনা পঠিতা।

মম হৃদয়ে মানাগ্নিঃ প্রবিশ্য নির্ব্বাপিতো যেন ॥ ১২ ॥

পৌর্ণমাসী। ললিতে! শ্রীরাধার উৎকণ্ঠা চরম সীমায় আরোকরিয়াছে অতএব শীঘ্র ইহাঁকে অভিসার করাও॥

ললিতা। (প্রত্যাবর্ত্তন পূর্ব্বক) সখি রাধে! একাকিনী কি মন্ত্রণা করিতেছ?॥

শ্রীরাধা। (ললিতাকে অবলোকন করিয়া মনে মনে) সত্য একাকিনীইত আছি, কৃষ্ণকেত কৈ দেখিতেছি না॥ ১১॥

(এই বলিয়া ঔৎসুক্যের সহিত) সখি ললিতে! পরতনু প্রবেশ বিদ্যা কামি শ্যাম কি অধ্যয়ন করিয়াছেন? যে হেতু আমার হৃদয়ে প্রবেশ করিয়া উদ্দীপ্ত মানাগ্নিকে নির্ব্বাণ করিয়া দিলেন॥ ১২॥

প্রবিশ্য বিশাখা। হলা সুঅল হত্থাদো লদ্ধা ইঅং পত্তিআ॥

ললিতা। গৃহীত্বা বাচয়তি॥ ১৩॥

মেধ্যোঽপি মাধবিকয়া মধুপো যদেষ
ক্ষিপ্তঃ স্বয়ং প্রচলতা নব পল্লবেন।
তস্যাঃ খলু ক্ষিতিরিয়ং সুষমাক্ষয়েণ
নন্দত্বয়ন্তু বিরুবন্নরবিন্দিনীষু॥ ১৪॥

রাধিকা। সবিষাদং সংস্কৃতেন॥

---

* বিশাখা সখি সুবলহস্তাল্লব্ধোঽয়ং পত্রিকা। বৃন্দয়া প্রেষিতেতি শেষঃ॥১৩
মেধ্যঃ পবিত্রঃ দোষ রহিতঃ তাং বিনা অন্যত্রাসঙ্গরহিতি যাবৎ। নব পল্লবেন কর স্থানীয়েন। নন্দত্বয়মিতি মধুপং বিনা মাধব্যাঃ শোভৈব নশ্যতি মধুপস্তু মাধবীং বিনাপি অরবিন্দিনীষু পরমানন্দো ভবত্যেব ইত্যর্থঃ॥ ১৪॥

বিশাখা। (প্রবেশ করিয়া) সখি! সুবলের হস্তে আমি এই পত্র খানি প্রাপ্ত হইয়াছি॥

ললিতা। গ্রহণ পূর্ব্বক পাঠ করিতে লাগিলেন॥ ১৩॥

মাধবী স্বয়ং প্রচলিত নব পল্লব রূপ কর দ্বারা নির্দ্দোষ মধুকরকে দূরীকৃত করিলে, ইহাতে মাধবীরই হানি, যে হেতু ভ্রমর না বসিলে মাধবীর শোভা হয় না, সুতরাং শোভা ক্ষয় হইলে ভ্রমরও তাহাকে ত্যাগ পূর্ব্বক পদ্মিনীতে গিয়া আনন্দানুভব করিবে॥ ১৪॥

শ্রীরাধা। (বিষাদের সহিত সংস্কৃত ভাষায়) হে পদ্মাক্ষি!

অজনি বিমুখঃ শঙ্কে পঙ্কেরুহাক্ষি বিচক্ষণো
ময়ি মধুরিপুর্দোষ শ্রেণীবিহার বনশ্রিয়াং।
অকলিত রসঃ সূচীবিদ্ধো রজঃ প্রসরান্ধধী
ন মধুপ যুবা কিং কেতক্যাং বিরক্তিমুপৈষ্যতি ॥
ইতি বৈক্লব্যং নাটয়তি ॥ ১৫ ॥

পৌর্ণমাসী। নহি চন্দ্রেণ চন্দ্রিকায়া মোক্ষঃ কদাপি সম্ভবতি।

বিশাখা। হলা সমস্সস সমস্সস তুহ উক্কণ্ঠিঅং তক্কিঅ

ময়ি কথং ভূতায়াং দোষ শ্রেণীনাং বিহার সম্পত্তি রূপায়াং দোষ শ্রেণ্যো বিহরন্তি অবকাশং লভন্তে ইতি যাবৎ এতদেবার্থান্তরোপন্যাসেনাহ অব কলিত রস ইত্যাদি ॥ ১৫ ॥

বিশাখা সখি সমাশ্বসিহি সমাশ্বসিহি তব উৎকণ্ঠিতাং তর্ক্য ময়া কৃষ্ণ

আমি দোষ শ্রেণীর বিহার ভূমি স্বরূপ, আমাতে সর্ব্ব রসজ্ঞ মধুরিপু কি বিমুখ হইলেন? সখি! এ তাঁহার উচিত হয় না. দেখ যুবা মধুকর যদিচ কেতকীতে রস প্রাপ্ত না হয় অথচ তাহার কণ্টক বিদ্ধ এবং পুষ্পরেণুতে অন্ধ হইয়া পড়ে তথাপি সে ঐ কেতকীতে কি কখন বিরক্তি প্রকাশ করে! ॥

(এই বলিয়া ব্যাকুলতা অভিনয় করিলেন) ॥ ১৫ ॥

পৌর্ণমাসী। চন্দ্রের সহিত কখন চন্দ্রিকার বিয়োগ সম্ভব হয় না ॥

বিশাখা। সখি! আশ্বস্ত হও আশ্বস্ত হও, তোমাকে উৎকণ্ঠিতা মনে করিয়া আমি কৃষ্ণের অভিপ্রায় জানিতে

মএ কহ্ন পউত্তিং বিণ্ণাদুং ণন্দীমুহী পেসিদথি ॥

প্রবিশ্য নান্দীমুখী সংস্কৃতেন।

মৃদুরপি নিসর্গতস্ত্বং কথমার্দ্রে মাধবে কঠোরাসি।

অথবা নব নবনীতপুটী হিমদ্রবে কক্খটা প্রেক্ষি ॥ ১৬ ॥

রাধিকা। হলা অবিণাম সুহং বট্টদি মাহবো ॥

নান্দীমুখী। সংস্কৃতেন।

ক্ষণমপি ন সুহৃদ্ভির্নর্ম্মগোষ্ঠীং বিধত্তে

রচয়তি নচ চূড়াং চম্পকানাং চয়েন।

পরমিহ মুরবৈরী যোগীবন্মুক্ত ভোগ

স্তব সখি মুখচন্দ্রং চিন্তয়ন্নির্বৃণোতি ॥

প্রবৃত্তিং বিজ্ঞাতুং নান্দীমুখী প্রেষিতাস্তি। কক্খটা কঠিনা ॥ ১৬ ॥

রাধি সখি অপি নাম সুখং বর্ত্ততে মাধবঃ। নির্বৃণোতি সুখং প্রাপ্নোতি।

নান্দীমুখীকে প্রেরণ করিয়াছি ॥

নান্দীমুখী। (প্রবেশ করিয়া সংস্কৃত ভাষায়) রাধে। তুমি স্বভাবতঃ মৃদুলা, তবে কেন আর্দ্র স্বভাব মাধবের প্রতি কঠিনা হইয়াছেছ। অথবা তোমার কোন দোষ নাই দেখিয়াছি হিম দ্রবে নবনীত স্বয়ং কঠিনত্ব প্রাপ্ত হইয়া থাকে ॥ ১৬ ॥

শ্রীরাধা। সখি! মাধব ত সুখে আছেন ? ॥

নান্দীমুখী। (সংস্কৃত ভাষায়) সখি! কৃষ্ণ ক্ষণকালের জন্যও সুহৃদগণের সঙ্গে পরিহাস করিতেছেন না এবং চম্পক পুষ্প দ্বারাও চূড়া বন্ধন করিতেছেন না, কেবল যোগির ন্যায় ভোগাশা বিসর্জন দিয়া তোমার মুখচন্দ্র মাত্র চিন্তা করিতে করিতে সুখানুভব করিতেছেন ॥

রাধিকা। বিশাখাং পরিষ্বজ্য সংস্কৃতেন ॥

ভূয়োভূয়ঃ কলি বিলসিতৈঃ সাপরাধাপি রাধা
শ্লাঘ্যেনাহং যদঘরিপুণা বাঢ়মঙ্গীকৃতাস্মি।
তত্র ক্ষামোদরি কিমপরং কারণং বঃ সখীনাং
দত্তামোদাং প্রগুণ করুণামঞ্জরী মন্তরেণ ॥ ১৭ ॥

নেপথ্যে ॥

গর্ব্বোদগ্রাঃ কলমবিকলং তন্বতামন্যপুষ্টা
নিষ্প্রত্যূহং মৃগযুবতয়ঃ শস্পমাস্বাদয়ন্তু।

কলিবিলসিতৈঃ কলহ বিলাসৈ র্হেতুভিঃ সাপরাধা অতএব রাধ্যতীতি রাধা বো যুষ্মাকং সখীনাং প্রগুণ করুণামন্তরেণ বিনা কিমপরং কারণমস্তি কথম্ভূতাং দত্তামোদাং ॥ ১৭ ॥

গর্ব্বোদগ্রা উচ্চতরাঃ সন্তঃ অন্য পুষ্টাঃ কোকিলাঃ নিষ্প্রত্যূহং নির্ব্বিঘ্নং

॥রাধা। (বিশাখাকে আলিঙ্গন করিয়া সংস্কৃত ভাষায়) হে কৃশোদরি! এই রাধা বারম্বার কলহ লীলা দ্বারা অপরাধ করিলেও শ্লাঘ্যতম অঘরিপু যখন আমাকে অঙ্গীকার করিয়াছেন, তখন তোমরা যে আমোদ প্রদায়িনী সখী তোমাদের প্রচুর করুণা ব্যতিরেকে এ বিষয়ে অন্য কোন কারণ নাই ॥

(বেশ গৃহে)

অহে মত্ত কোকিলগণ! তোমরা এক্ষণে স্বচ্ছন্দে কুহুরব করিতে প্রবৃত্ত হও, মৃগ নিকর! তোমরাও এখন নির্ব্বিঘ্নে তৃণ ভোজন কর, অহে কুলস্ত্রী সকল! তোমরাও

সীমন্তিন্যো গৃহনয়ময়ীং শীলয়ন্তু প্রণালীং

ধূর্ত্তো বেণু র্বিহরতি করেণাদ্য পীতাম্বরস্য ॥ ১৮ ॥

রাধা। বংশীমুদ্ঘাট্য সোপালম্ভং সংস্কৃতেন ॥

সদ্বংশত স্তবজনিঃ পুরুষোত্তমস্য

পাণৌ স্থিতি র্ম্মুরলিকে সরলাসি জাত্যা।

কস্মাত্ত্বয়া বত গুরো র্বিষমা গৃহীতা

গোপাঙ্গনাগণবিমোহনমন্ত্রদীক্ষা ॥ ১৯ ॥

বিশাখা। হলা সচ্চরিআ ইঅং বংশী জং মারুদাহিমুহী কিদা সঅং সদ্দাএদি ॥

সম্পং ঘাসং সীমন্তিন্যঃ স্ত্রিয়ঃ। গৃহ নীতিময়ীং প্রণালীং শীলয়ন্তু ॥ ১৮ ॥

কস্মাদ্গুরোঃ শকাসাদ্দীক্ষা গৃহীতা। কস্মাৎ কারণাৎ ইতি বা ॥ ১৯ ॥

বিশা সখি আশ্চর্য্যোয়ং বংশী যৎ মারুতাভিমুখীকৃতা স্বয়ং শব্দায়তে ॥

সম্প্রতি গৃহ ধর্ম্মের নীতিময়ী প্রণালী অনুশীলন করিতে থাক, যে হেতু এযাবৎ পীতাম্বরেব করে ধূর্ত্ত বেণু বিহার করিতে প্রবৃত্ত হয় নাই ॥ ১৮ ॥

শ্রীরাধা। (বংশী উদ্ঘাটন করিয়া তিরস্কারের সহিত) মুরলিকে! তোমার সদ্বংশে জন্ম, তুমি সর্ব্বদা পুরুষোত্তমের করে অবস্থিতি করিয়া থাক এবং তোমার জাতিও সরলা, হায়! তবে কেন তুমি গুরু সমীপে গোপাঙ্গনাগণ বিমোহনকারি বিষম মন্ত্রে দীক্ষা গ্রহণ করিলা ॥ ১৯ ॥

বিশাখা। সখি! এই বংশীর বড় আশ্চর্য্য গুণ, যে হেতু ইহাকে বায়ু মুখে রাখিলে এ স্বয়ং শব্দ করিতে থাকে ॥

রাধিকা। সহি পরিক্‌খিস্‌সং। ইতি তথা করোতি।

বিশাখা। সুণিজ্জউ মহুরা কাঅলী॥

ললিতা। সম্বরেহি সম্বরেহি মা সুণাদু কহ্নস্‌স পরিবারো॥

প্রবিশ্য প্রচ্ছন্নং বৃন্দা। ভগবতি ন কদাপি বংশী দেয়েতি শ্রুতং ময়া ললিতা দুর্ম্মন্ত্রিতং॥ ২০॥

পৌর্ণমাসী। যুক্তিমায়ত্যাং করিষ্যামি॥

প্রবিশ্য জটিলা। ণূণং ইধ কহ্নেণ মিলিদং। জং মুরলী বাদিত্তা। বিলোক্য অম্মো কহং বারিসহাণই হত্থে

রাধি সখি পরিক্ষিষ্যামি। বিশা শ্রূয়তে মধুরা কাকলী।

ললি সম্বর সম্বর মা শৃণোতু কৃষ্ণস্য পরিবারঃ॥ ২০॥

আয়ত্যামুত্তরকালে উত্তরকালঃ আয়তিরিত্যমরঃ।

জটি নূনমত্র কৃষ্ণেন মিলিতং যন্মুরলী বাদিতা। অম্ম বিস্ময়ে বার্ষভানবী

শ্রীরাধা। সখি! পরীক্ষা করিব! (এই বলিয়া) বায়ুমুখে ধরিলেন।

বিশাখা। মধুর শব্দ শুনা যাইতেছে।

ললিতা। সম্বরণ কর, সম্বরণ কর, কৃষ্ণের পরিবারবর্গ যেন শুনিতে না পায়॥

বৃন্দা। (প্রবেশ পূর্ব্বক গোপন ভাবে) ভগবতি! আমি ললিতার এই রূপ দুর্ম্মন্ত্রণা শুনিয়াছি যে, তাহারা কখনই মুরলী প্রদান করিবে না॥ ২০॥

পৌর্ণমাসী। বাছা! যুক্তি পরে করিব॥

জটিলা (প্রবেশ করিয়া) যখন মুরলী বাদ্য হইল, তখন অবশ্যই এখানে কৃষ্ণ অবস্থিতি করিতেছেন॥

কহ্নস্স বংশী তা ণিহ্নদং গদুঅ ণং গেহ্নিস্সং ইতি সহসোপসৃত্য সামার্ষং দুব্বিণীদ গোআল পুত্তিএ মুঞ্চেহি মুরলিঅং ইত্যাকৃষ্য গৃহ্ণাতি।

ললিতা। অপবার্য্য হদ্ধী হদ্ধী পমাদো পমাদো কধং বুড্টিআএ অতক্কিদং মুরলী আঅড্টিদা।

জটিলা। ণং কৃখু ভঅবদীএ পৌণ্ণমাসীএ দংসইস্সং। জা মজ্ঝ ভণিদং ণ পত্তিআএদি ॥

হস্তে কৃষ্ণস্য বংশী। তন্নিহ্নুতং গত্বা এনাং গ্রহিষ্যামি। দুর্ব্বিনীতি গোপাল পুত্রিকে মুঞ্চ মুরলিকাং।

ললি হা ধিক্ হা ধিক্ প্রমাদঃ প্রমাদঃ কথং বৃদ্ধয়া অতর্কিতং মুরলী আকর্ষিতা। জটিলা এনাং ভগবত্যা পৌর্ণমাস্যাঃ দর্শয়িষ্যামি যা মম ভণিতং ন প্রত্যেতি ॥

(দৃষ্টিপাত করিয়া) ও মা! এ কি, বৃষভানুকুমারীর হস্তে যে কৃষ্ণের মুরলী দেখিতেছি, তবে গিয়া মুরলী কাড়িয়া লই। (এই বলিয়া সহসা গমন করত ক্রোধের সহিত) অরে দুর্ব্বিনীত গোপপুত্রিকে! মুরলী, ছাড়, (এই বলিয়া কাড়িয়া লইল) ॥

ললিতা (আবরণ করিয়া) হা কষ্ট, হা কষ্ট, কি প্রমাদ! কেমন করে গোপন ভাবে জটিলা আসিয়া মুরলী কাড়িয়া লইল ॥

জটিলা। ভগবতী পৌর্ণমাসীকে এই মুরলী দেখাইব, তিনি আমার কথায় প্রত্যয় করেন না।

পৌর্ণমাসী। পুত্রি বৃন্দে গহনং কষ্টমাপতিতং। পশ্য জটিলা মদোটজ দিশং প্রযাতি ॥

বৃন্দা। ভগবতি মা চিন্তয়। ক্ষিপ্রমসৌ মুরলীং লুণ্ঠয়ামীতি নিষ্ক্রান্তা ॥

ললিতা। সভয়মনুসৃত্য অজ্জে কীস অলিঅং সঙ্কসি জং এসা কালিন্দী কুলম্মি অহ্মেহিং লদ্ধা ॥ ২১ ॥

জটিলা। সরোষং চপলে দুম্মন্তিণি চিট্‌ঠ চিট্‌ট।

প্রবিশ্য সুবলঃ। অজ্জে জডিলে পেক্‌খ দহিলম্পডা মক্কডী

ললিতা আর্য্যে কথং অলীকং শঙ্কসে। যদেষা কালিন্দী কূলে অস্মাভি র্লব্ধা ॥ ২১ ॥

জটি চপলে দুর্ম্মন্ত্রিণি তিষ্ঠ তিষ্ঠ।

সুবলঃ আর্য্যে জটিলে পশ্য পশ্য দধিলম্পটা মর্কটী তব গৃহং প্রবিশতি।

পৌর্ণমাসী। পুত্রি বৃন্দে! মহাকষ্ট উপস্থিত, ঐ দেখ জটিলা আমার পত্র কুটীরের দিকে যাইতেছে ॥

বৃন্দা। ভগবতি! চিন্তা করিবেন না, শীঘ্র আমি মুরলী কাড়িয়া আনিতেছি ॥

(এই বলিয়া প্রস্থান)

ললিতা (সভয়ে জটিলার নিকটে গিয়া) আর্য্যে! আপনি বৃথা আশঙ্কা করিতেছেন কেন? আমরা এই মুরলী কালিন্দীকূলে প্রাপ্ত হইয়াছি ॥ ২১ ॥

জটিলা। (সক্রোধে) চপলে দুর্ম্মন্ত্রিণি! থাক থাক ॥

সুবল। (প্রবেশ করিয়া) আর্য্যে জটিলে! দেখুন দেখুন,

তুজ্ঝ ঘরং পবিসই।

জটিলা। সাচি গ্রীবমবলোক্য সুঅল সচ্চং কহেসি মক্খণ চোরিণী এসা মক্কডী ইতি পরাবৃত্য ধাবন্তী নিষ্ক্রান্তা ॥

পৌর্ণমাসী। নূনং বৃন্দয়া প্রতারিতাস্তি কক্খটী নাম জরন্মর্কটীয়ং ॥ ২২ ॥

সুবলঃ। ণান্দীমুহি পেক্খ পেক্খ পক্খিত্তেণ বেণুণা মূঢ় জড়িলাএ মক্কডী তাড়ীদা।

পৌর্ণমাসী। সহর্ষং। দিষ্ট্যা মুরলীমাদায় কক্খটীয়ং কদম্ব মধিরূঢ়া।

সর্ব্বা। প্রহর্ষং নাটয়ন্তি।

জটি সত্যং কথয়সি নবনীতচৌরী খলু এষা মর্কটী ॥ ২২ ॥

সুবলঃ নান্দীমুখী পশ্য পশ্য প্রক্ষিপ্তেন বেণুনা মূঢ় জটিলয়া মর্কটী তাড়িতা।

একটা দধিলম্পট বানরী আপনার গৃহে প্রবেশ করিতেছে ॥

জটিলা। (বক্র গ্রীবায় দৃষ্টিপাত করত) সুবল সত্য বলিয়াছ, এই বানরীটা নবনীত চুরি করিয়া থাকে (এই বলিয়া পশ্চাৎ দিকে ধাবমানা হইল)।

পৌর্ণমাসী। নিশ্চয় বৃন্দা এই বানরীকে প্রেরণ করিয়াছে ॥২২

সুবল। নান্দীমুখি! দেখ দেখ, মূঢ় বুদ্ধি জটিলা বেণু নিক্ষেপ করিয়া বানরীকে তাড়াইয়া দিল।

পৌর্ণমাসী। (হর্ষের সহিত) কি সৌভাগ্য, বানরী মুরলী লইয়া কদম্ব বৃক্ষে আরোহণ করিয়াছে ॥

সকলে। হর্ষাতিশয় প্রকাশ করিতে লাগিলেন ॥

জটিলা। (প্রবেশ করিয়া) হা ধিক্, হা ধিক্, বাছা সুবল!

প্রবিশ্য জটিলা। হদ্ধী হদ্ধী বৎস সুবল হত্থাদো মে মুরলী গদা তা তুজ্‌ঝ ণিম্মঞ্জণং জামি সমপ্পেহি বংশীঅং।

সুবলঃ। অজ্জে জহত্থ ণামা এসা কক্কড়ী কেবলং তুজ্‌ঝ বহিণী পুত্তাদো বিসালাদো ভাএদি তা গোঅড্ঢণ সিঙ্গে খেলন্তং ণং গদুঅ অত্থেহি।

জটিলা। নিষ্ক্রান্তা॥ ২৩॥

পৌর্ণমাসী। দিষ্ট্যা ব্যাজেন জরতীং দূরমপসার্য্য ধূর্ত্তো-হয়ং ভ্রূবিভ্রমেণ ললিতাং ত্বরয়তি।

জটিলা। হা ধিক্‌ হা ধিক্‌ বৎস সুবল হস্তান্মুরলীগতা তত্তব নির্ম্মঞ্জনং যামি সমর্পয় বংশিকাং।

সুবলঃ আর্য্যে যথার্থনামা এষা কক্‌খটী কেবলং তব ভগিনী পুত্রা দ্বিশা-লাৎ বিভেতি তদ্‌গোবর্দ্ধন শৃঙ্গে খেলন্তং এনং গত্বা প্রার্থয়স্ব॥ ২৩॥

হাতে হইতে মুরলী গিয়াছে, তোমার বালাই যাই, আমাকে ঐ বংশী আনিয়া দাও॥

সুবল। আর্য্যে। আমি যথার্থ বলিতেছি, এই বানরী আপ-নার ভগিনী পুত্র বিশালকে দেখিয়া ভয় করে এক্ষণে ঐ বিশাল গোবর্দ্ধনে খেলা করিতেছে অতএব আপনি গিয়া তাহাকে বলুন গা।

জটিলা। (এই কথা শুনিয়া) প্রস্থান করিল॥ ২৩॥

পৌর্ণমাসী। কি সৌভাগ্য! ছল পূর্ব্বক বৃদ্ধাকে তাড়াইয়া দিয়া এই ধূর্ত্ত ভ্রূভঙ্গ দ্বারা ললিতাকে সত্বর করিতেছে॥

ললিতা। নেত্রান্তং কূণয়ন্তী হলা রাহি এহি বেণুং মগ্‌গম্হ।
রাধিকা। স্বগতং। দিট্‌ঠিয়া অহিসারেদি মং।

প্রবিশ্যাহপটীক্ষেপেণ মুখরা।

মুখরা। বিসাহে অহিমণ্ণু সন্দিসই অজ্জ জোইসিআণং উবদেসেণ মএ গোমঙ্গলা নাম চণ্ডীপূঅণিজ্জা তা পূঅণো-বহারং ঘেত্তূণ তুমং চেচ্চ বুক্‌খস্‌সতলে রাহিঅং লম্ভেহি ত্তি॥

ললি সখি রাধিকে এহি বেণুং মৃগয়াবঃ।

রাধি দিষ্ট্যা ভাগ্যেন অভিসারয়তি মাং।

মুখ বিশাখে অভিমন্যুঃ সন্দিশতি অদ্যা জ্যোতিষিকাণাং নিদেশেন ময়া গোমঙ্গলা নাম চণ্ডী পূজনীয়া। তৎ পূজনোপহারং গৃহীত্বা ত্বং চৈত্য বৃক্ষস্য তলে রাধিকাং প্রাপয় ইতি।

ললিতা। (নেত্র কোণ সঙ্কোচ করিয়া) সখি রাধে! আইস বেণু অন্বেষণ করি গা॥

শ্রীরাধা। (মনে মনে) কি সৌভাগ্য, আমাকে অভিসার করাইতেছে॥

(হঠাৎ মুখরার প্রবেশ)

মুখরা। বিশাখে! অভিমন্যু আদেশ করিয়াছে, আজ জ্যোতির্বিদ্‌গণের নিদেশানুসারে আমি গোমঙ্গলা নাম্নী চণ্ডীর পূজা করিব অতএব তুমি পূজোপকরণ সমভিব্যাহারে চৈত্য বৃক্ষের তলে শ্রীরাধাকে লইয়া আইস॥

রাধিকা। সখেদমপবার্য্য। হন্ত হন্ত দুদ্দেবস্স পাডিউল্লং ইতি ললিতা মুখমীক্ষ্যতে ॥ ২৪ ॥

ললিতা। সচ্চ নামা এসো অহিমণ্ণু তা গদুঅ পূঅণোবহারং সম্বাদেহ্ম ইতি সর্ব্বা নিষ্ক্রান্তাঃ ॥

পৌর্ণমাসী। সুবলমনুস্মৃত্য সব্যথং। বৎস দুঃসমাধানেয়ং গতিরুপস্থিতা তদদ্য বৃন্দয়া সহ গত্বা সমাশ্বস্যতাং ত্বয়া পাটবেন পুণ্ডরীকাক্ষঃ।

ময়া তু প্রমাণিক পুরন্ধ্রীণাং গোষ্ঠীমাসাদ্য জটিলা

রাধি দুর্দ্দৈবস্য প্রাতিকূল্যং ॥ ২৪ ॥

ললি সখি সত্যনামা এষা অভিমন্যুর্যস্য স তথা তদ্গত্বা পূজনোপহারং সম্পাদয়াবঃ ॥

শ্রীরাধা। (সখেদে আবরণ করিয়া) হায় ! দুর্দ্দৈবের কি প্রতিকূলতা। (এই বলিয়া ললিতার মুখের প্রতি দৃষ্টি-পাত করিলেন) ॥ ২৪ ॥

ললিতা। সখি ! সত্যই নাম অভিমন্যু অর্থাৎ ক্রোধময়, অতএব আমরা গিয়া পূজোপকরণ সম্পাদন করিগা। (এই বলিয়া সকলের প্রস্থান) ॥

পৌর্ণমাসী। (সুবলের নিকট গমন করিয়া ব্যথার সহিত) বৎস ! দুঃসমাধান কার্য্য উপস্থিত, অতএব তুমি এখন বৃন্দার সহিত গমন করিয়া বাক্য কৌশল দ্বারা কৃষ্ণকে আশ্বাস প্রদান কর এবং আমিও বৃদ্ধা পুরস্ত্রীগণের সভায় গিয়া জটিলার কৌটিল্য বর্ণন করিব। (এই বলিয়া

কৌটিল্যং বর্ণয়িষ্যতে। ইতি নিষ্ক্রান্তা।

সুবলঃ। পরিক্রম্য এসা তমালতলে ডাহিণ হত্থ গহিদ বংশি-
অা বুন্দা চিট্ঠই ॥ ২৫ ॥

প্রবিশ্য বৃন্দা। ভো সুবল বিলোকিত সর্ব্বার্থাস্মি তদলং
তদ্বার্ত্তয়া।

সুবলঃ। বুন্দে তুরিঅং এহি বেণুং জ্জেবব উবহরক্ষ।
ইত্যুভৌ পরিক্রামতঃ।

সুবলঃ। বুন্দে মহুমঙ্গলেণ বড্ঢিদুক্কণ্ঠো পিঅবঅস্সো
মগ্গং চেঅ পেক্খন্তো চিট্ঠই তা ণ জাণে অকিদত্থাণং

সুব এষা দক্ষিণ হস্ত গৃহীত বংশিকা বৃন্দা তিষ্ঠতি ॥ ২৫ ॥

বৃন্দে ত্বরিতং এহি বেণুমেবোপহরাবঃ। মধুমঙ্গলেন বর্দ্ধিতোৎকণ্ঠ প্রিয়
বয়স্যঃ মার্গমেব প্রেক্ষমাণঃ তিষ্ঠতি তন্ন জানে অকৃতার্থানামস্মাকং তত্র গমনে

প্রস্থান করিলেন) ॥

সুবল। (প্রত্যাবর্ত্তন পূর্ব্বক) এই যে তমাল তলে দক্ষিণ
হস্তে মুরলী গ্রহণ করিয়া বৃন্দা দণ্ডায়মানা রহিয়াছেন ॥২৫

বৃন্দা। (প্রবেশ করিয়া) সুবল ! স্বয়ং সকল বিষয়ই
দেখিয়াছি, তবে সে কথার আর প্রয়োজন কি ? ॥

সুবল। বৃন্দে ! শীঘ্র আইস, কৃষ্ণকে এই বেণু উপহার
প্রদান করিব। (এই বলিয়া দুইজনে প্রত্যাবর্ত্তন করিলেন)

সুবল। বৃন্দে। মধুমঙ্গলের সহিত প্রিয়বয়স্য পথের প্রতি
দৃষ্টিপাত করত দাঁড়াইয়া রহিয়াছেন, অতএব বলিতে
পারি না আমরা অকৃতার্থ হইয়া গমন করিলে উহাঁর কি

অম্মাণং তস্স গমনে তস্ স কা দশা ভবে।

বৃন্দা। সুবল সত্যং ব্রবীষি। পশ্যায়ং পুন্নাগতরোরুপকণ্ঠে সমুৎকণ্ঠতে কংসারিঃ ॥ ২৬ ॥

সুবলঃ। বুন্দে তদো ভণামি চিন্তেহি জুত্তিং।

বৃন্দা। বিমৃশ্য। সুবল গোবিন্দস্য ক্ষণং বিনোদায় চিন্তিতো পায়াস্মি। তদেহি তন্নিষ্পত্তয়ে ত্বরাং ভজাবেতি নিষ্ক্রান্তৌ ॥

ততঃ প্রবিশতি মধুমঙ্গলেনো পাস্যমানঃ কৃষ্ণঃ।

কৃষ্ণঃ। সৌৎসুক্যং।

কা দশা তস্স ভবেৎ ॥ ২৬ ॥

সুব বুন্দে তদো ভণামি চিন্তের বৃক্তিং।

দশা হইবে ॥

বৃন্দা। সুবল ! সত্য বলিতেছ, ঐ দেখ পুন্নাগতরু মূলে কংসারি উৎকণ্ঠান্বিত হইয়া অবস্থিতি করিতেছেন ॥ ২৬॥

সুবল। বৃন্দে! এই জন্যই বলিতেছি যুক্তি চিন্তা কর ॥

বৃন্দা। (বিবেচনা করিয়া) সুবল ! গোবিন্দের ক্ষণকাল আমোদের জন্য উপায় চিন্তা করিয়াছি। তবে আইস তাহা সম্পাদনের নিমিত্ত ত্বরান্বিত হই। (এই বলিয়া উভয়ের প্রস্থান) ॥

অনন্তর মধুমঙ্গল কর্ত্তৃক উপাস্যমান হইয়া কৃষ্ণের প্রবেশ)

কৃষ্ণ ! (ঔৎসুক্যের সহিত) আমার অগ্রে রাধা, পশ্চাতে

রাধা পুরঃ স্ফুরতি পশ্চিমতশ্চ রাধা
রাধাধিসব্যমিহ দক্ষিণতশ্চ রাধা ।
রাধা খলু ক্ষিতিতলে গগণেচ রাধা
রাধাময়ী মম বভূব কুতস্ত্রিলোকী ॥

মধুমঙ্গলঃ । পিঅবয়স্স ভঅবদীএ অহিসারিদং দাণিং জ্জেব্ব পেক্‌খিস্‌সসি রাহিঅং ।

কৃষ্ণঃ । করেণাস্ত স্তব্ধ্যা সুললিতমবষ্টভ্য ললিতা

মধু প্রিয়বয়স্য ভগবত্যাভিসারিতাং ইদানী মেব প্রেক্ষিষ্যসে রাধিকাং । নির্শ্বাস্যতি করিষ্যতি ।

রাধা, এবং গগণ মণ্ডলে রাধা বিরাজ করিতেছেন, হায় ! আমার সম্বন্ধে ত্রিলোকী রাধাময় হইল কেন ? ॥

যথারাগ ॥

নয়ন পুতলী রাধা মোর । মনো মাঝে রাধিকা উজোর ।
ক্ষিতি তলে দেখি রাধাময় । গগণেহ রাধিকা উদয় ॥
